ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 6 March, 2023 ■ আগরতলা ৬ মার্চ, ২০২৩ ইং ■ ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

শপথের প্রস্তুতি বৈঠক

রবিবার বিজেপি প্রদেশ কার্য্যালয়ে নবনির্বাচিতদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে মন্ত্রিসভার শপথ গ্রহণের প্রস্তুতি নিয়ে। ছবি নিজস্ব।

তেলিয়ামুড়ায় আগুনে পুড়ল সাতটি দোকান

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৫ মার্চ।। নাশকতার আগুনে পুড়ে ছাই সাতটি ফলের দোকান। দমকল দপ্তরের গাফলতির অভিযোগ স্থানীয় জনগনের। ঘটনা শনিবার মাঝরাতে তেলিয়ামুড়া সব্জি বাজার সংলগ্ন এলাকায়।জানা যায় শনিবার গভীর রাতে তেলিয়ামুড়া শহরের সব্জি বাজার সংলগ্ন এলাক।

মূহুর্তের মধ্যে আগুন ছড়িয়ে পড়ে পাশাপাশি দোকান গুলোতে। খবর দেওয়া হয় তেলিয়ামুড়া দমকল দপ্তরের অফিসে। অভিযোগ দমকল বাহিনী ঘটনা স্থলে আসতে অনেকটা সময় লাগিয়ে দেয়।ফলে আগুনের লেলিহান শিখা ক্রমশ উর্ধমুখী হতে থাকে। স্বাভাবিক ভাবেই ঘটনা স্থলে উপস্থিত জনতা ক্ষোভে ফেটে পড়েন।

পরবর্তী সময়ে কোন প্রকারে আগুন নিয়ন্ত্রণে আসলেও ততক্ষণে সাতটি ফলের দোকান সম্পুর্ন পুড়ে ছাই হয়ে যায়।দেরি হওয়ার কারন জানতে চাইলে উপস্থিত জনতাকে দমকল দপ্তরের কর্মীরা জানান গাড়ির চালক একজন থাকার কারনে দেরি হয়েছে ঘটনা স্থলে পৌছুতে। একই সময়ে দুইটি কল আসার কারনে এই বিলম্ব বলে জানান তারা।

যদিও পরবর্তী সময়ে কল্যানপুর থেকে একটি গাড়ি নিয়ে আসা হয় আগুন নিয়ন্ত্রণে আনার জন্য। অপর দিকে, একই দিনে তেলিয়ামুড়া থানাধীন গামাইবাড়ি এলাকায়ও একটি দোকানে আগুন লাগে। রাতের আধারে কে বা কারা আগুন ধরিয়ে দেয়। সেখানেও একটি দোকান সম্পুর্ন ভস্মীভূত হয়ে যায়।

বিজেপির জনজাতি সংগঠনের গুরুতর অভিযোগ

রাজ্যে জাতিগত দাঙ্গার চেষ্টা করছে বিরোধীরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। রাজ্যে জাতিগত দাঙ্গা লাগানোর চেষ্টা করছে বাম-কংগ্রেস দল। আজ রবিবার প্রদেশ নির্বাচনী কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে বাম-কংগ্রেসের বিরুদ্ধে এমনই অভিযোগ তুলেছেন বিজেপি জনজাতি মোর্চার সভাপতি বিকাশ দেববর্মা। তাঁর দাবি, আগামী ৫ বছরে জনজাতিদের উন্নয়নের জন্য ডাবল ইঞ্জিনের সরকার ১০০ শতাংশ কাজ সম্পন্ন করে দেখাবে। গত কয়েকদিন যাবৎ রাজ্যে যে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে তা নিয়ে তিনি উদ্বেগ প্রকাশ করলেন এদিন।

তাঁর মতে, জনজাতিদের দীর্ঘ দিনের সমস্যা একদিনে দূর করা সম্ভব নয়। কিন্তু বিজেপি সরকারের আমলে যেসমস্ত সমস্যা সমাধান হয়েছে তা ভাবা অকল্পনীয়।গ্রাম এবং শহরের মধ্যে ব্যবধান মুছে গেছে তার একমাত্র সম্ভব হয়েছে নরেন্দ্র মোদীজীর জন্য বলে দাবি করেছেন তিনি।

জনজাতি মোর্চার সভাপতি বিকাশ দেববর্মা

তাঁর দাবি, জনগণ বিজেপির উপর আস্থা রেখে দ্বিতীয় বারের মতো রাজ্যে সরকার প্রতিষ্ঠিত করেছে।আগামী ৫ বছরে জনজাতিদের উন্নয়নের জন্য ডাবল ইঞ্জিনের সরকার ১০০ শতাংশ কাজ সম্পন্ন করে দেখাবে।

তাঁর অভিযোগ, নির্বাচনোত্তর রাজ্যে জাতিগত দাঙ্গা লাগানোর চেষ্টা করছে বাম-কংগ্রেস দল।এই জাতিগত দাঙ্গার চক্রান্ত রুখতে সবাই সম্মিলিতভাবে এগিয়ে আসার জন্য আহ্বান করেছেন তিনি।অশান্তির বার্তাবরণ নয়, শান্তি রক্ষার মধ্য দিয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আবেদন করেন তিনি।

এদিন বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী কড়া হুশিয়ারী দিয়ে বলেন, নির্বাচনোত্তর সন্ত্রাসীদের কাউকেই ছাড়া হবে না । অভিযুক্তদের আইনের আওতায় আনা হবে।

তাঁর দাবি, বিজেপি সরকার উন্নয়নের সরকার, বিকাশের সরকার। আগামী ৫ বছরে ত্রিপুরাকে সারা দেশের মধ্যে উন্নয়নের রাজ্য হিসাবে গড়ে তোলা হবে।

জমি বিবাদকে ঘিরে মেলারমাঠে রক্তাক্ত এক ব্যক্তি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। আক্রান্ত এক ব্যক্তি। ঘটনা রবিবার রাজধানীর মেলার মাঠ এলাকায়। আক্রমণকারীর নাম দীপক দেববর্মা। রবিবার সকালে মেলারমাঠে এলাকায় জমি বিবাদকে কেন্দ্র করে প্রণব দাস নামে এক যুবককে মেরে রক্তাক্ত করে দীপক দেববর্মা নামে এক যুবক।

মেলারমাঠ এলাকার লোকজন প্রণব দাসকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য। অভিযোগ দীপক দেববর্মা নামে ওই যুবক প্রণব দাসের একটি দোকানের জায়গা দখল নিয়ে নেয় বহু বছর আগে। এরই মধ্যে জায়গার মালিক প্রণব দাস আদালতে একটি মামলা করে। ☞ ৬ এর পাতায় দেখুন

উপজাতিদের স্বার্থ সুরক্ষায় এগিয়ে আসলেই বিজেপির সঙ্গে আলোচনা হবে ঃ প্রদ্যোত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। সাংবিধানিক উপায়ে রাজ্যের উপজাতি অংশের জনগণের অধিকার সুরক্ষিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সুনির্দিষ্ট প্রতিশ্রুতি পেলেই আলোচনায় বসতে রাজি প্রদ্যোত কিশোর দেববর্মা। অন্যথায় মন্ত্রিত্ব কিংবা কোন ধরনের পদে আসীন করানোর মতো লোভনীয় প্রতিশ্রুতিতে তার দল কোনভাবেই কোন ধরনের আলোচনায় বসতে চায় না বলেও স্পষ্টভাবে জানিয়েছেন প্রদ্যুৎ কিশোর।

সাংবিধানিক দাবি নিয়ে শনিবার সামাজিক মাধ্যমে এসে সুর চড়ালেন প্রদ্যোৎ কিশোর দেববর্মণ। তিনি আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার এক বক্তব্যে পরিপ্রেক্ষিতে বলেন সাংবিধানিক দাবি নিয়ে সম্মানের সাথে যদি বিজেপি কথা বলতে চায় তাহলে তিনি প্রস্তুত। কিন্তু যদি ডেকে নিয়ে পোস্ট অফার করা হয় তাহলে সেই বৈঠকে বসতে রাজি নয় তিনি।

কারণ তিপরা মথা সাংবিধানিক অধিকারের জন্য আত্মপ্রকাশ হয়েছে। কোন মন্ত্রিত্ব পদ বা পোস্ট অফার করলে নেওয়ার জন্য আত্মপ্রকাশ হয় নি। তাই সাংবিধানিক দাবি জন্য বৈঠকে বসতে প্রস্তুত বলে জানেন তিনি। আরো বলেন হানিবুছা ছাড়া ত্রিপুরা শাসন করতে চাইলে বিজেপি"র আগামী দিনে কষ্ট হবে। সাংবিধানিক দাবির জন্য লড়াই করে যাবে মথা।

পৃথক স্থানে যান দূর্ঘটনায় গুরুতর চার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। রবিবার বিকালে বিশ্রামগঞ্জের দহরাম এলাকায় বাইক দুর্ঘটনায় গুরুতর ভাবে আহত হল এক জনজাতি যুবক। ঘটনাস্থল থেকে আহত মিঠুন দেববর্মাকে উদ্ধার করে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। জানা যায়, বাইক নিয়ে পুস্কর বাড়ি থেকে দহরাম আসার সময় নিয়ন্ত্রন হারিয়ে দুর্ঘটনার কবলে পড়ে মিঠুন দেববর্মা।

প্রত্যক্ষদর্শীরা ঘটনা প্রত্যক্ষ করে বিশ্রামগঞ্জ দমকল বাহিনীর কর্মীদের খবর দেয়। দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থল থেকে আহত মিঠুন দেববর্মাকে উদ্ধার করে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যায়। ঘটনার খবর পেয়ে আহত মিঠুন দেববর্মার পরিবারের লোকজন বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ছুটে যায়। বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে কর্তব্যরত চিকিৎসক আহত মিঠুন দেববর্মার অবস্থা বেগতিক দেখতে পেয়ে তাকে জিবি হাসপাতালে রেফার করে দেন।

এদিকে, মদমত্ত অবস্থায় দ্রুত গতিতে থাকা মোটর বাইক ও বাইসাইকেল এর সংঘর্ষে আহত ২ জন। ☞ ৬ এর পাতায় দেখুন

নির্বাচনোত্তর হিংসা বন্ধে সর্বদলীয় বৈঠক করলেন ধলাই জেলা শাসক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। নির্বাচনোত্তর হিংসা বন্ধে এবং শান্তি সম্প্রীতি বজায় রাখতে সব রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিদের নিয়ে শান্তি বৈঠক করলেন ধলাই জেলা শাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সোয়াল। রবিবার। ধলাই জেলা শাসক কার্য্যালয়ে আয়োজিত শান্তি বৈঠকের বিষয়ে সাংবাদিকদের বিস্তৃত জানান জেলা শাসক এবং জেলা পুলিশ সুপার।

এদিনের শান্তি বৈঠকের বিষয়ে বলতে গিয়ে জেলা শাসক জানান, প্রশাসনের পক্ষ থেকে রাজনৈতিক দলগুলোর কাছে আবেদন করা হয়েছে জেলার শান্তি ও ঐক্যের ঐতিহ্য বজায় রাখতে সবাই যেন উদ্যোগী হন।

একই সঙ্গে আবেদন রাখা হয়েছে যাতে জেলার মানুষের মূলগত সমস্যা যেমন বেকারত্ব, দারিদ্র্য ও শিক্ষার অভাব মেটাতে সকলে ঐক্যবদ্ধ প্রয়াস নেন। প্রশাসন হিংসামুক্ত নির্বাচনের মতো ভোট পরবর্তী পরিস্থিতি শান্ত ও নির্বিঘ্ন রাখতে কাজ করে চলেছে।

তবে বর্তমানে গুজব বেশি ছড়াচ্ছে। তাই সংবাদ মাধ্যমের সাহায্যে গুজবে কান না দিয়ে হিংসা রোধে সকলকে সতর্ক ও দায়িত্বশীল হতে আহ্বান রেখেছেন জেলা শাসক। এক্ষেত্রে জেলার কন্টোল রুম এবং জেলা শাসক ও জেলা পুলিশ সুপারের কাছে সরাসরি যোগাযোগ করতে অনুরোধ করেছেন জেলা শাসক। এদিন জেলায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে যে কোন পদক্ষেপ গ্রহণের কথা দৃঢ় ভাবে জানিয়েছেন জেলা শাসক।

৪ দিনে ৬৬৮ হামলা, মৃত্যু ৩ ঃ জিতেন্দ্র চৌধুরী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। রাজ্য জুড়ে নির্বাচনী ফলাফল ঘোষণার পর বিরোধী দল, বিশেষ করে সিপিআইএম সমর্থক ও কর্মীদের উপর হামলার ৬৬৮টি ঘটনা ঘটেছে। সিপিআইএম রাজ্য সম্পাদক এবং নবনির্বাচিত বিধায়ক জিতেন্দ্র চৌধুরী আজ সাংবাদিক সম্মেলনে একথা বলেছেন।

সিপিআইএম-এর তিন সদস্যের একটি প্রতিনিধিদল আজ মুখ্য সচিব জে কে সিনহার সাথে দেখা করেছে এবং রাজ্য জুড়ে ক্ষমতাসীন বিজেপি-সমর্থিত গুন্ডাদের দ্বারা সংঘটিত সহিংসতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য তাকে অবহিত করেছে। প্রতিনিধি দলে ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক এবং নবনির্বাচিত বিধায়ক জিতেন্দ্র চৌধুরী, বামফ্রন্টের আহ্বায়ক এবং প্রাক্তন সাংসদ নারায়ণ কর এবং প্রাক্তন শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী।

আজ সন্ধ্যায় এখানে সিপিআইএম রাজ্য সদর দফতরে সাংবাদিকদের সাথে কথা বলার সময়, শ্রী চৌধুরী বলেন যে ২০২৩ সালের বিধানসভা নির্বাচন ভোটের বিভাজনের জন্য ক্ষমতা ধরে রাখতে ক্ষমতাসীন বিজেপির পক্ষে উপকারী হয়েছে। তবে ১১ শতাংশ ☞ ৬ এর পাতায় দেখুন

স্ত্রী ও দুই শ্যালিকার মারে গুরুতর আহত এক ব্যক্তি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। রবিবার সকালে নন্দননগর সেনপাড়া এলাকায় স্ত্রীর সঙ্গে মোবাইল নিয়ে বিবাদ। আর একে কেন্দ্র করে স্ত্রী সহ তিন বোন মিলে গৃহবধূর স্বামীকে বেধরক মারধর করে বলে অভিযোগ। মারধরের ঘটনায় আহত হয় সাধন দাস নামে ২৫ বছরের এক যুবক। আক্রান্ত যুবক সাধন দাস জানান তার স্ত্রী প্রতিনিয়ত মোবাইল নিয়ে ব্যস্ত থাকে।

রবিবার সকালে তারই প্রতিবাদ জানিয়ে সাধন দাস তার স্ত্রীর কাছ থেকে মোবাইলটি ছিনিয়ে নিয়ে নিজ ঘরের দরজা বন্ধ করে শুয়ে পরে। এই ঘটনার পর উত্তেজিত হয়ে পড়ে সাধন দাসের স্ত্রী এবং তিন বোন। তারা সকলে মিলে ঘরের দরজা ভেঙে ঘরে প্রবেশ করে সাধন দাসকে বেধড়ক মারধর করে বলে অভিযোগ। পরে সাধন দাস কোন রকমে আত্মরক্ষা করে আত্মীয়ের বাড়িতে ☞ ৬ এর পাতায় দেখুন

বিজেপির বিজয় মিছিলে বাম কংগ্রেসের হামলা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। বিজেপির বিজয় মিছিলে হামলা। উভয় পক্ষের বেশ কয়েকজন আহত। ঘটান কদমতলা কুর্তি বিধানসভার খাদিম পাড়া এলাকায়। রবিবার সারা রাজ্যে বিজেপি সরকার সরকার প্রতিষ্ঠিত হওয়ার আনন্দে দলীয় কর্মী সমর্থকরা পাড়ায় পাড়ায় বিজয় মিছিল বের করে।

পূর্ব ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েতের বিজয় মিছিলটি খাদিমপাড়া স্কুলের সামনে আসার পর মিছিলে বাম গ্রেসের কর্মী সমর্থকরা হামলা চালায় বলে অভিযোগ। দুপক্ষের মারপিটে বেশ কয়েকজন আহত। তাদেরকে কদমতলা ও শনিছড়া হাসপাতালে নেওয়া হয়েছে বলে খবর। ঘটনার পর গোটা গ্রামে পুলিশ টিএ সার মোতায়েন করা হয়েছে।

উত্তর পুলিশ সুপার সহ ডি আইজি চুরাইবাড়িতে আধাসামরিক বাহিনীর লং মার্চের চব্বিশ ঘন্টার ভিতরেই ঘটলো এই ঘটনা। প্রশাসনকে আরো সজাগ থাকতে হবে যাতে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে। ☞ ৬ এর পাতায় দেখুন

সন্ত্রাস ঃ জেলা শাসকের দ্বারস্থ সিপিআইএম

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। সন্ত্রাস প্রসঙ্গে জেলা শাসকের কাছে নালিশ করলো সিপিআইএমের পশ্চিম জেলা কমিটি। অবিলম্বে সন্ত্রাস বন্ধ করে শান্তি সম্প্রীতি ও আইন-শৃঙ্খলা পুনরায় সঠিক দিশায় নিয়ে আসার দাবি জানায় বলে ডেপুটেশনের পর জানান জেলার সম্পাদক রতন দাস।

তিনি বলেন, নির্বাচনের আগে জাতীয় নির্বাচন কমিশন বলেছিল জিরো পুল ভায়োলেন্স। কিন্তু ভোট গণনা চলাকালীন সময় থেকে পশ্চিম জেলায় ব্যাপক সন্ত্রাস শুরু করেছে। এবং বিজেপি আশ্রিত দুর্বৃত্তদের ☞ ৬ এর পাতায় দেখুন

নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ নিয়ে বিজেপির প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। আগামী ৮ মার্চ নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। স্বামী বিবেকানন্দ ময়দানে এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ ও রাষ্ট্রীয় সভাপতি জে পি নাড্ডা। তারই প্রস্তুতি হিসাবে রবিবার বিজেপি-র প্রদেশ নির্বাচনী কার্যালয়ে দলের সমস্ত প্রার্থী, মণ্ডল সভাপতি, সংগঠনের নেতৃত্বদের নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়।

এই প্রস্তুতি বৈঠকে জয়ী বিধায়ক , বিধায়ীকাদের পাশাপাশি সমস্ত প্রার্থীরা উপস্থিত ছিলেন। বৈঠকের পৌরহিত্য করেন প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, বিদায়ী মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা, বিজেপি-র রাষ্ট্রীয় মুখপাত্র তথা উত্তর পূর্বাঞ্চলের কর্ডিনেটর সম্বিৎ পাত্রা, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। ৮ মার্চের জন্য প্রস্তুতি বৈঠকের আহ্বান করা হয়েছে বলে জানান প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য। তিনি এই জয়ের জন্য সমস্ত কার্যকর্তাদের ফের ধন্যবাদ জানান। একই সঙ্গে শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানান।

৮ মার্চ রাজধানীর স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত হতে যাচ্ছে নতুন মন্ত্রীসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান। অনুষ্ঠানের প্রস্তুতি খতিয়ে দেখলেন বিদায়ী মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা সহ প্রশাসনিক আধিকারিকরা।৮ মার্চ রাজ্যের নতুন মন্ত্রীসভার সদস্য সদস্যারা শপথ গ্রহণ করতে চলেছেন। রাজধানীর স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত হবে এই শপথ গ্রহণ অনুষ্ঠান। শপথ গ্রহন অনুষ্ঠানকে সামনে রেখে বর্তমানে বর্তমানে চলছে প্রস্তুতি।

রবিবার শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি খতিয়ে দেখতে স্বামী বিবেকানন্দ ময়দান পরিদর্শনে যান বিদায়ী মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। স্বামী বিবেকানন্দ ময়দানের প্রস্তুতি সরজমিনে খতিয়ে দেখার পর বিদায়ী মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা জানান ৮ মার্চ স্বামী বিবেকানন্দ ময়দানে অনুষ্ঠিত হতে যাচ্ছে নতুন মন্ত্রীসভার সদস্য সদস্যাদের শপথ গ্রহণ অনুষ্ঠান। অনুষ্ঠানে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৪৪ ▫ ৬ মার্চ ২০২৩ইং ▫ ২১ ফাল্গুন ▫ সোমবার ▫ ১৪২৯ বঙ্গাব্দ

সাগরে ব্রহ্মতেজ!

ভারত বর্ষ শুধু মাত্র আর্থিক দিক দিয়েই সমৃদ্ধ নয়, প্রতিরক্ষা ক্ষেত্রে যথেষ্ট শক্তিশালী। একের পর এক ক্ষেপণাস্ত্র পরীক্ষা করিয়া সফলতার পরিচয় দিয়া চলিয়াছে ভারত বর্ষ। ভারতীয় বিজ্ঞানীদের এই সফলতা গোটা দেশ ও দেশবাসীকে গর্বিত করিতেছে। যেকোনো ধরনের পরাক্রমণকে প্রতিহত করিবার জন্য দেশ সর্বশক্তি নিয়া প্রস্তুত রহিয়াছে। দেশের সরকার বাজেটের একটা বিশাল অংশ প্রতিরক্ষা খাতের জন্য প্রতিবছর বরাদ্দ করিয়া আসিতেছে। এরই সুবাদে দেশের বিজ্ঞানীরা প্রতিরক্ষা ক্ষেত্রকে মজবুত করিবার জন্য একের পর এক ব্রহ্মাস্ত্র প্রস্তুত করিবার সুযোগ পাইতেছেন। গোটা বিশ্বে যেভাবে যুদ্ধের উন্মাদনা পরিলক্ষিত হইতেছে সে পরিস্থিতিতে ভারতকে সুরক্ষিত রাখেবার জন্য এই ধরনের কর্মপরিকল্পনা নিঃসন্দেহে দেশবাসীর কাছে সুরক্ষার অন্যতম রক্ষাকবচ। ভারতবর্ষে আভ্যন্তরীণ রাজনীতি নিয়ে বিভিন্ন রাজনৈতিক মহল নানা মতামত দিলেও প্রতিরক্ষা ক্ষেত্রে অভ্যন্তরীণ কোন মতভেদ এ যাবৎ পরিলক্ষিত হয় নাই। সব কয়টি রাজনৈতিক দলই প্রতিরক্ষা ক্ষেত্রকে মজবুত করিবার স্বপক্ষেই মতামত প্রকাশ করিয়া থাকে। এর মধ্য দিয়া স্বাধীন সার্বভৌম ভারতবর্ষের অখন্ডতা বজায় রাখিবার মূল মন্ত্রই পরিলক্ষিত হইতেছে। এই প্রয়াস আগামী দিনেও অব্যাহত থাকিবে তাহা বলিবার অপেক্ষায় রাখে না। গণতান্ত্রিক ব্যবস্থায় দেশে সরকার পরিবর্তন ঘটিতেই পারে। দেশ পরিচালনার দায়িত্বে যে সরকারই আসে না কেন তাহারা দেশের নিরাপত্তা সুরক্ষিত করিবার জন্য নিরাপত্তা খাতে পর্যাপ্ত অর্থ বরাদ্দের ওপর গুরুত্ব দিয়া থাকে। আর সেই সুযোগকে পুরো ভাগে কাজে লাগাইয়া দেশের বিজ্ঞানীরা একের পর এক দূরপাল্লার ক্ষেপণাস্ত্র প্রস্তুত এবং সফল পরীক্ষা করিয়া চলিতেছেন।

সফল অত্যাধুনিক 'ব্রহ্মস' ক্ষেপণাস্ত্রের পরীক্ষা, আরও শক্তিশালী ভারত। প্রতিরক্ষার ক্ষেত্রে আরও শক্তিশালী হইল ভারত। রবিবার দূরপাল্লার ব্রহ্মস ক্ষেপণাস্ত্র সফল পরীক্ষা করিল দেশের নৌসেনা। আরব সাগরে লক্ষ্যবস্তুতে নিখুঁত আঘাত হানিল দেশীয় প্রযুক্তিতে তৈরি এই সুপারসনিক ক্রুজ ক্ষেপণাস্ত্রটি। ব্রহ্মসের সফল উৎক্ষেপণের কথা জানাইল ভারতের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন।রবিবার আরব সাগরে 'কলকাতা ক্লাস গাইডেড' মিশাইল ধ্বংসকারী যুদ্ধজাহাজ থেকে ছোঁড়া হয় ক্ষেপণাস্ত্র ব্রহ্মস। নৌবাহিনীর এক আধিকারিক বলেন, রবিবারের সফল উৎক্ষেপণের পরে দেশীয় প্রযুক্তিতে তৈরি সমরাস্ত্র ভাণ্ডার আরও শক্তিশালী হইল। ব্রহ্মস উৎক্ষেপণের কথা জানাইয়া নৌসেনার তরফে একটি টুইটও করা হয়। লেখা হয়, "আত্মনির্ভরের ভারতের দিকে আরও এককদম। নৌসেনার তরফে আরব সাগরে সফল উৎক্ষেপণ হইল দেশীয় প্রযুক্তিতে তৈরি ব্রহ্মস সুপারসনিক ক্রুজ ক্ষেপণাস্ত্রের"।প্রসঙ্গত, গত মাসে ভারতীয় নৌসেনার পাইলটরা এলসিএ তেজস (নৌবাহিনী) এবং মিগ-২৯-কে বিমানবাহী রণতরী আইএনএস বিক্রান্তের সফল অবতরণ করান। উল্লেখ্য, আইএনএস বিক্রান্ত ভারতে নির্মিত প্রথম বিমানবাহী রণতরী। এলসিএ তেজসও দেশীয় প্রযুক্তিতে তৈরি বিমান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গত বছরের সেপ্টেম্বরে কোচির কোচিন শিপইয়ার্ড লিমিটেডে দেশের প্রথম বিমানবাহী রণতরীটির উদ্বোধন করেন। আগামী দিনেও এ ধরনের ক্ষেপণাস্ত্রের প্রস্তুত ও সফল পরীক্ষা অব্যাহত থাকিবে সেটাই দেশপ্রেমিক জনগণের প্রত্যাশা।

দোল ও হোলিতে চলবে কম মেট্রো পরিষেবা বন্ধ থাকছে জোকায়

কলকাতা, ৫ মার্চ (হি.স.): আগামী মঙ্গলবার দোল এবং বুধবার হোলি। সেই উপলক্ষে উত্তর-দক্ষিণ মেট্রো কম চলবে। তবে ওই দু'দিন জোকা-তারাতলা মেট্রোর পরিষেবা বন্ধ থাকবে। দোলের দিনে উত্তর-দক্ষিণ মেট্রোর পরিষেবা শুরু হবে দুপুর আড়াইটেয়। ওই দিন আপ এবং ডাউন মিলে ৬০টি ট্রেন চলবে। এর মধ্যে ৫৮টি ট্রেন কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরের মধ্যে চলবে। অন্তিম ট্রেন অবশ্য সপ্তাহের অন্যান্য দিনের সূচি মেনেই চলবে। ওই দিন আধ ঘণ্টা সময়ের ব্যবধানে ইস্ট-ওয়েস্ট মেট্রোয় ২২টি ট্রেন চলবে। দুপুর ৩টে থেকে রাত ৮টা ২০ মিনিট পর্যন্ত পরিষেবা চালু থাকবে সেখানে।পরদিন হোলি উপলক্ষে ১৮৮টি ট্রেন চলবে। এর মধ্যে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরের মধ্যে ১৬৪টি ট্রেন ছুটবে। সকালে নির্ধারিত সময়ে ৬টা ৫০ মিনিটে পরিষেবা শুরু হবে। সপ্তাহের অন্যান্য কাজের দিনের সূচি মেনেই অন্তিম মেট্রো ছাড়বে। ওই দিন ইস্ট-ওয়েস্ট মেট্রোয় নির্ধারিত ১০৬টি ট্রেনের পরিবর্তে ৯০টি ট্রেন চলবে। দিনের প্রথম এবং অন্তিম ট্রেন ছাড়ার সময়সপ্তাহের অন্যান্য কাজের দিনের মতোই অপরিবর্তিত থাকবে।

লুমিনাস কোম্পানির সার্ভিস সেন্টারের বিরুদ্ধে করিমগঞ্জ সদর থানায় অভিযোগ

করিমগঞ্জ (অসম), ৫ মার্চ (হি.স.) : লুমিনাস কোম্পানির সার্ভিস সেন্টারের পরিষেবা না পেয়ে উপযুক্ত বিচার চেয়ে এবার করিমগঞ্জের সদর থানার দ্বারস্থ হলেন জনৈক গ্রাহক। পাঁচ বছরের গ্যারান্টি সংবলিত একটি ব্যাটারি কিনে ২৭ মাসের মাথায় বিকল হয়ে যাওয়ার পর কোনও পরিষেবা না পেয়ে রবিবার সদর থানায় এজাহার দায়ের করেছেন উত্তর করিমগঞ্জের বেদরং গ্রামের জনৈক ইলিয়াস আহমেদ চৌধুরী নামের এক গ্রাহক।

গ্রাহকের অভিযোগ, ২০২০ সালের ২৫ অক্টোবর করিমগঞ্জের কালিবাড়ি রোডে অবস্থিত মা তারা রেডিও ওয়ার্কস নামের একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে লুমিনাস কোম্পানির ব্যাটারি কিনেছিলেন তিনি। কিন্তু চলতি ২০২৩ সালের ১৯ জানুয়ারি ব্যাটারিটি সম্পূর্ণ বিকল হয়ে পড়ে। সঙ্গে সঙ্গে তিনি যোগাযোগ করেন মা তারা রেডিও ওয়ার্কস কর্তৃপক্ষের সঙ্গে। সেখান থেকে তাঁকে সার্ভিস সেন্টারে কমপ্লেইন করার কথা বলা হয়। সে অনুযায়ী তিনি কমপ্লেইন সেন্টারে বিষয়টি জানালে প্রথম দিকে কোন সাড়া দেওয়া হয়নি।

ফের কিছু দিন পর তিনি আবার যোগাযোগ করলে ব্যাটারিটি মা তারা রেডিও ওয়ার্কসে পৌঁছে দেওয়ার কথা জানান কোম্পানির এক সুপারভাইজার। তাঁর কথামতো তিনি ব্যাটারিটি কালিবাড়ি রোডের ব্যবসায়িক প্রতিষ্ঠানে রেখে গেলে দীর্ঘ ৪২ দিন পর ব্যাটারির পোস্ট ভাঙা বলে এর কোনও রিপ্লেইসমেন্ট দেওয়া হবে না বলে জানিয়ে দেওয়া হয় কোম্পানির পক্ষ থেকে।এর পর তিনি ন্যায্য বিচার চেয়ে আইনের আশ্রয় নেন। সন্দেহ প্রকাশ করে ইলিয়াস আহমেদ বলেন, কোম্পানির রুলস এবং রেগুলেশন এ রকম হতে পারে না। অভিযোগ দেওয়ার পর সার্ভিস সেন্টারের সুপারভাইজার ঘরে এসে যাচাই করে দেখার কথা। কিন্তু তা করা হয়নি। দীর্ঘদিন ব্যাটারি রেখে এখন প্লেইট ভাঙা বলে অজুহাত দেওয়া হচ্ছে। আর এতে যোগসাজশ রয়েছে সেইলস এবং সার্ভিস সেন্টারের, বলেন অভিযোগকারী। তিনি বলেন, উভয় পক্ষ মিলে আত্মসাৎ করতে চাইছে। এমন-কি তার পুরনো ব্যাটারিও তাঁকে ফেরত দেওয়া হয়নি। যার জন্য বাধ্য হয়ে তিনি আইনের আশ্রয় নিয়েছেন।এদিকে কালিবাড়ি রোডের মা তারা রেডিও ওয়ার্কসের স্বত্ত্বাধিকারী বলেন, সামগ্রী বিক্রি করা তাঁদের দায়িত্ব। সার্ভিস দিয়ে থাকে কোম্পানির সার্ভিস সেন্টার। রিপ্লেসমেন্ট পাওয়ার জন্য তাঁদের খদ্দের ইলিয়াস আহমেদ তাঁদের প্রতিষ্ঠানে ব্যাটারিটি পাঠিয়ে দেওয়ার পর তাঁরা সেটা সার্ভিস সেন্টারে পাঠিয়ে দিয়েছেন।

বসন্তোৎসব পালিত হাইলাকান্দির লালায়

লালা (অসম), ৫ মার্চ (হি.স.) : বর্ণাঢ্য সাংস্কৃতিক শোভাযাত্রা, নাচে-গান সহ বর্ণময় রঙে রাঙিয়ে রবিবার হাইলাকান্দি জেলার লালায় উৎসব মুখর পরিবেশে পালিত হয় বসন্তোৎসব। একান্ত আপন সাংস্কৃতিক সংস্থা এবং প্রচেষ্টা ড্যান্স অ্যাকাডেমির যৌথ ব্যবস্থাপনায় এদিন লালায় বসন্তোৎসবের আয়োজন করা হয়েছে।এ উপলক্ষ্যে আজ সকালে একান্ত আপন সংস্থার কার্যালয়ে প্রদীপ প্রজ্বলন করে উৎসবের সূচনা করেন বিশিষ্ট সাংস্কৃতিক কর্মী নচিকেতা নাথ। আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বসন্তোৎসব উদযাপনের উদ্দেশ্য ব্যাখ্যা করে স্বাগত বক্তব্য পেশ করেন প্রচেষ্টা ড্যান্স অ্যাকাডেমির সঞ্চালিকা পুস্মিতা নাথ চৌধুরী।

দোলযাত্রা

বনানী শিকদার

দোল এবং হোলি একই উৎসবের প্রতীক। হিন্দু পুরাণ অনুসারে উভয়েরই পেছনে বিভিন্ন কিংবদন্তি আছে। উত্তর ভারতে হোলি আগুনে পুড়ে না যাওয়ার বরপ্রাপ্ত হোলিকা, তার অতি উচ্চাভিলাষী দানব ভ্রাতা রাজা হিরণ্যকশিপু ও হিরণ্যকশিপুর নারায়ণভক্ত ছেলে প্রহ্লাদকে ঘিরে; পশ্চিমবঙ্গে দোল কৃষ্ণ ও রাধাকে কেন্দ্র করে। হোলি মন্দের উপর ভালোর বিজয়কে চিহ্নিত করে এবং দোল চিহ্নিত করে রাধা-কৃষ্ণের প্রেমকে। হিরণ্যকশিপু চাইতেন তীর রাজ শুধু তীরই প্রার্থনা এবং উপাসনা হোক। কিন্তু পুত্র প্রসাদ তার অনুগত না হয়ে নারায়ণের প্রবল ভক্ত হয়ে ওঠে। সুতরাং হিরণ্যকশিপুর মনে প্রহ্লাদের প্রতি ক্রোধ জন্ম নেয়। ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকা ক্রোধকে তিনি একসময় সংবরণ করতে অক্ষম হন এবং ভগিনী হোলিকাকে নির্দেশ দেন প্রহ্লাদকে কোলে নিয়ে আগুনে প্রবেশ করার।কিন্তু সেখানে অপ্রত্যাশিত কিছু ঘটে। নারায়ণ প্রহ্লাদকে রক্ষা করেন এবং হোলিকা নিজে ভস্মীভূত হয়। হোলিকা দহন অশুভ নাশের প্রতীক। তাই হোলিতে মানুষ মানুষের গায়ে রং ছুড়ে হোলিকার কিংবদি ব্যাখ্যা করে। অন্য কিংবদন্তিতে আমরা দেখি ভগবান শ্রীকৃষ্ণ যৌবনকালে তার ত্বকের কালো রং নিয়ে হতাশ হয়ে পড়েছেন। ভাবছেন উজ্জ্বলবর্ণা রাধা হয়ত তাকে পছন্দ করবেন না। পুত্রের হতাশা দেখে মা যশোদাই তাকে পথ বাতলে দেন। বলেন, কৃষ্ণ রাধার কাছে গিয়ে তার মুখশ্রী যে কোনও রঙে রাঙিয়ে নিক। বলা বাহুল্য, কৃষ্ণ তাই করেন এবং রাধাও কৃষ্ণের প্রেমে পড়ে যান। অতঃপর সৃষ্টি হয় এক অমর জুটি। দোল শব্দের আক্ষরিক অর্থ হল দোলনা। রং লাগানোর পর সখীরা দু'জনকে পালকিতে চড়িয়ে তাদের মিলনের মুহূর্ত উদযাপন করে। এভাবেই শুরু হয় দোলযাত্রা উৎসব। দিনটি বাংলা ক্যালেন্ডার অনুযায়ী বছরের শেষ উৎসবও। উৎসব উদযাপনের সঙ্গে সঙ্গে মানুষ বসন্ত খতুকে উষ্ণ অভ্যার্থনা জানায়। এছাড়া শ্রীকৃষ্ণ ও দোলযাত্রার আরও একটি ধারণা রয়েছে। মামা কংস ছোট্ট কৃষ্ণ অর্থাৎ গোপালকে বধ করতে রাক্ষসী পুতনাকে পাঠিয়েছিলেন। পূতনা সুন্দরী নারীর বেশে গোকুলে গিয়ে গোপালকে ভ্যপান করাতে উদ্যত হন। আসলে পূতনার স্তনে মাতৃদুগ্ধের পরিবর্তে ছিল বিষ। কিন্ত কৃষ্ণ স্বয়ং পরমেশ্বর। তাকে মারে কার সাধ্য! তিনিই প্রাণহর্তা, তিনিই প্রাণদাতা। কৃষ্ণ র সনের দুধ পান করেই ক্ষান্ত হন না। তিনি রাক্ষসীর রক্তও পান করেন। ফলে রাক্ষসীর মৃত্যু হয় আর লোকশ্রুতিতে এখানেই হিরণ্যকশিপুর বোন হোলিকা এবং পূতনা এক হয়ে যায়। ন্যাড়াপোড়ার রাতে হোলিকা দহনকে কেউ কেউ তাই পূতনাদহনও মনে করেন। কিংবদন্তি আছে যে ভগবান শিবের সহধর্মিনী সতী যখন তার পিতা দক্ষর দ্বারা শিবের অপমানের কারণে নিজেকে আদক করেছিলেন তখন শিব তাস দুখ হয় ভার পার্থিব কর্তব্য ত্যাগ করে ধ্যানে চলে যান। এদিকে রবতবনয পার্বতী শিবকেীরাপে পাওয়ার নয ধ্যান শুরু করেন। ঘটনায় জটিলতা সৃষ্টি হতে থাকে। কামদেব শিবকে পার্বতীর প্রতি অনুরক্ত করতে তীর দিকে প্রেমের তির নিক্ষেপ করেন। তপস্যায় বিভ্রান্তি ঘটানোর জন্য শিব ক্রুদ্ধ হয়ে তার তৃতীয় নয়ন খুলে দেন এবং চোখ থেকে প্রচণ্ড জ্বলন্ত শিখা বের করে কামদেবকে পুড়িয়ে মেরে ফেলেন। সংস্কৃতে কাম-এর অর্থ লালসা বা কামনা। তাই আমরা কামদেবকে পোড়ানোর মধ্যে লালসা এবং কামনার হত্যা দেখতে পাই। প্রাসঙ্গিকভাবে আরেকটি কথা উল্লেখযোগ্য। কামদেব নাকি পৃথিবীর স্বার্থে শিবের মনোযোগ ব্যাহত করতে বাধ্য হয়েছিলেন। তিনি ভেবেছিলেন শিব এভাবে স্থান-কাল-পাত্র ভুলে বসে থাকলে পৃথিবী ভারসাম্যহীন হয়ে পড়বে। শিবের ওপর কামদেবের তিরের প্রভাব উভয় দিক থেকেই কাঙ্ক্ষিত ছিল কারণ শিব পার্বতীকে বিয়ে করেছিলেন। কামদেবের হত্যায় তীর স্ত্রী রতি এবং পার্বতী দু'জনেই শিবের ওপর অসন্তুষ্ট হন। পরে যখন শিব কামদেবের আসল অভিপ্রায়ে অলোকপাত করেন, তাকে পুনর্জন্ম দেন। বিশ্বাস করা হয় যে হোলির দিন ভগবান শিবকে পোড়ান এবং লোকেরা লালসার উপর জয়কে স্মরণ করে একে অন্যের গায়ে আবির ছড়ায়।

কথিত আছে, খ্রিস্টের জন্মের কয়েক শতাব্দী আগেও হোলি উৎসব পালন করা হত। আদি নারদ পুরাণ এবং ভবিষ্য পুরাণে উৎসবটির বিশদ বিবরণ রয়েছে। ত্রতাত্তিকরা রামগড়ে তিনশো খ্রিস্টপূর্বাব্দের একটি পাথর খনন করে পেয়েছিলেন যাতে "হোলিকোৎসব-এর উল্লেখ আছে। রাজা হর্ষের রত্রাবলীও "হোলিকোৎসব" এর কথা বলে যা সপ্তম শতাব্দীতে রচিত হয়েছিল। আলবিরুণী তীর এতিহাসিক স্মৃতিতে এই ধরনের উৎসবের কথা তুলে ধরেছেন। সেই সময়ের অন্যান্য মুসলিম লেখকরা উল্লেখ করেছেন যে হোলিকোৎসব শুধু হিন্দুরাই নয়, মুসলমানরাও পালন করত। মধ্যযুগীয় ভারতের মন্দির গুলোতে আরও অনেক চিত্রকর্ম এবং ম্যুরাল রয়েছে যা হোলির নিদর্শন বহন করে। বিজয়নগরের রাজধানী হাম্পির একটি মন্দিরে ষোড়শ শতকের একটি প্যানেলের ভাস্কর্য হোলির একটি আনন্দময় চিত্রকে দেখায়। একটি মেওয়ার চিত্রে মহারানাকে তাঁর দরবারীদের সঙ্গে দেখা যায়। তিনি যখন কিছু লোককে উপহার দিচ্ছেন তখন একটি আনন্দের নৃত্য চলছে এবং কেন্দ্রে রঙিন জলে ভরা একটি ট্যাঙ্ক রয়েছে। এছাড়াও একটি বুন্দি মিনিয়েচার দেখায় যে একজন রাজা একটি তুষারের ওপর বসে আছেন এবং উপরের একটি বারান্দা থেকে কিছু মেয়ে তার উপর রঙিন গুঁড়ো বর্ষণ করছে। আহমেদনগরে আবিষ্কৃত ষোড়শ শতকের চিত্রকর্মটি বসন্ত রাগিনীর থিমের গান বা সঙ্গীতের থিমের উপর রচিত হয়েছে। এতে দেখা গেছে একটি রাজকীয় দম্পতি একটি জমকালো দোলনায় বসে আছে যখন মেয়েরা গানবাজনা করছে এবং পিচকারি দিয়ে রং ছেটাচ্ছে।

হোলির সঙ্গে যুক্ত কিংবদন্তিগুলি মানুষকে সত্যের শক্তি সম্পর্কে সুনিশ্চিত করে, মানুষকে ভালো আচরণ অনুসরণ করতে এবং সত্যবাদী হতে সহায়তা করে। আধুনিক সমাজে এটির গুরুত্বকে একেবারে উপেক্ষা করা যায় না, কারণ আধুনিক সমাজে সামান্য লাভের জন্য মানুষের ওপর মানুষের অত্যাচার প্রবল। এই মূল্যবোধকে হোলির সাংস্কৃতিক তাৎপর্যের মধ্যে ফেলা যেতে পারে। হোলির এক সামাজিক তাৎপর্যও আছে। উৎসবটি বছরের এমন একটি সময় উদযাপন করা হয় যখন লোকেরা ক্ষেতকে ফুলে ভরা দেখবে আশা করে। নানা উৎসবের মতো হোলিতেও মানুষ অলসতা ভুলে শরীরের অঙ্গ- শ্রান্তি ভুলে জীবনের প্রতি আগ্রহী হয়ে ওঠে, শত্রুতা ভুলে একে অন্যের সঙ্গে সৌহার্দ্য বিনিময় করে, মিষ্টি ও শুভেচ্ছা বিনিময় করে এবং ধর্মনিরপেক্ষতার মূল্যবোধকেও শক্তিশালী করে, অ-হিন্দুদের মধ্যেও ছড়িয়ে দেয় গায়ে গায়ে আবির বা গোলা রং ছড়িয়ে দেওয়ার প্রবণতা।

কিংবদন্তির হাত ধরে অনেক মানুষ হোলি উৎসবকে সঙ্গে নিয়ে অনেক যুগ হেঁটে ফেলেছে, অথবা বলতে পারি আমাদের দোলযাত্রা অতিক্রম করে ফেলেছে অনেকটা পথ। মানুষের মনে কিংবদন্তির বাস্তবতা নিয়ে কোনও প্রশ্ন নেই। বাভবতার প্রশ্ন তাদের মনকে হয়ত কখনও নড়াবেও না, প্রশ্ন মনে সন্দেহের ভেজাল ঢুকিয়ে তাদের দুর্বল করবে না। তারা পিছন ফিরে দেখবে না একবারও। গল্প তাদের যে উদ্দীপনা দিয়ে গলায় উৎসবের মালা পরিয়ে দিয়েছে সেই মালাকে কখনও তারা গলা থেকে নামাতে চাইবে না।

উৎসব তারা ভালবাসে, উৎসবের বাহানা তারা ভালবাসে। ভালবাসায় এতটাই অন্ধ হয়ে থাকে যে তার মধ্যে হামাগুড়ি দিয়ে ঢুকে পড়া ব্যবসায়ীদের অসততা তাদের মনের চোখে ধরা পড়ে না। তাদের এই সাময়িক মানসিক অন্ধত্ব কখনও যে চোখের দৃষ্টিশক্তিকে স্থায়ীভাবে কেড়ে নিতে পারে এমন ভাবনা তাদের মনেই আসে না। ব্যবসায়ীর অসততা এবং তাদের অসচেতনতা তাদের যে প্রাকৃতিক থেকে রাসায়নিক স্তরে টেনে নিয়ে গেছে তার অনুভবই নেই তাদের কাছে। কিছু চিন্তাশীল মানুষ বর্তমানের প্রেক্ষাপটে হোলির যে ছবি দেখতে পাচ্ছে তা শুধু আনন্দদায়ক এবং সুখকর নয়। কারণ ছবির উজ্জ্বল রঙের নীচে লুকিয়ে আছে চিন্তাহীন মানুষের এক বিরাট ভাল না থাকার ঝুঁকি। লুকনো বিষয়টিকে অনুধাবন করতে হলে প্রথমে জানতে হবে এই আবিরটি কী? আবির হল এক ধরনের রঙিন পাউডার। পূর্ববর্তী সময়ে বসন্তকালে ফোটে এমন গাছের ফুল যেমন হিবিসকাস (জেবা), ইন্ডিয়ান কোরাল ট্রি (পারিজাত), ফ্রেম অফ দ্য ফরেস্ট পেলাশ), গাঁদা ফুল, গাছের বাগল, সবুজ পাতা দিয়ে আবির এবং রঙিন জল তৈরি করা হত। উপাদানগুলির অন্তর্নিহিত ঔষধি গুণাবলী উল্লেখযোগ্য। ও মসৃণ করে, অ্যালোপেসিয়া প্রতিরোধ করে এবং চুলের অকালপক্কতা রোধ করে। গাঁদাফুল অ্যান্টিব্যাকটেরিয়াল, অ্যান্টিইনফ্লেমেটরি এবং অ্যান্টিপেসটিক। এটি একটি শক্তিশালী আস্ট্রিনজেন্ট যা কোলাজেনের উৎপাদনকে উদ্দীপিত করে। লাল চন্দন ফুসকুড়ি, চুলকান, ব্রণর সমস্যা থেকে রেহাই দেয়, পাচনতন্তের সমস্যা ও কাশির সমস্যা রোধ করে। চা পাতা চুলে রং যোগ করতে যোগ করতে সাহায্য করে। মেহেদি, পুদিনা এবং নিম পাতা অ্যান্টিব্যাকটেরিয়াল এবং খুশকি প্রতিরোধক। হলুদ একটি শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট এবং হজমে সহায়ক। বিটরুট চিন্তাশীল মানুষের মতে, নির্মমভাবে বাণিজ্যিকীকরণের দ্বারা উৎসবের মতো হোলির উচ্ছাসপূর্ণ পরিবেশের বিপর্যয় ঘটেছে। জনাধিক্য, বছরের পর বছর ধরে শহরাঞ্চলে গাছের বিলুপ্তি এবং উচ্চ মুনাফার জন্য বৃহত্তর চাপের সঙ্গে বহু ক্ষেত্রে আবির নামক প্রাকৃতিক রঙগুলি রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে তৈরি রং দ্বারা প্রতিস্থাপিত হয়েছে। দিল্লিতে অবস্থিত টক্সিকস লিংক এবং বাতাবরণ নামে দুটি এনভায়রনমেন্টাল গ্রুপ বাজারে উপলব্ধ সব প্রাইমারি এবং সেকেন্ডারি রঙের শুকনো আবির, তার পেস্ট এবং জলের সঙ্গে তৈরি তরল মিশ্রণের উপর সমীক্ষা করে। তাতে দেখা গেছে- শুকনো রং যা সাধারণত একটি ফিলার বেস-এর সঙ্গে মিশ্রিত একটি রং, তৈরি হয়েছে বিষাক্ত ভারী ধাতু এবং অ্যাসবেটস বা সিলিকার একটি মারাত্মক একটি সংমিশ্রণ দিয়ে। ভারী ধাতুগুলি সিস্টেমিক সংমিশ্রণ হিসেবে পরিচিত যা শরীরের বিপাকীয় ক্রিয়াকলাপকে ব্যাহত করে এবং শরীরের গুরুত্বপূর্ণ অঙ্গ যেমন কিডনি, লিভার এবং হাড়গুলিকে ক্ষতিগ্রস্ত করে। সীসা জন্মের আগেই শিশুর অঙ্গবিকৃতি ঘটায় এবং তাদের শেখার অক্ষমতার কারণ হয়। ক্রোমিয়াম ব্রঙ্কিয়াল অ্যালার্জি এবং ক্যাডমিয়াম ভঙ্গুর হাড়ের কারণ হতে পারে। নিকেল কারণ হয় ডার্মাইটিস নিউমোনিয়ার। তামা চোখ, ত্বক, শ্বাসযন্ত্র লিভার এবং কিডনিকে প্রভাবিত করে। কপার শরীরের উপর অনেকটা নিকেলের মতোই প্রতিরূপ কার্যকারিতা দেখায়, শিশুর শরীরে জন্মপূর্বক জটিলতা সৃষ্টি করে। জিঙ্ক মানুষকে অনেকটা অকারণে জুরে আক্রান্ত করে। আয়রন ত্বককে আলোর প্রতি সংবেদনশীল করে তোলে। সিলিকা ত্বককে শুষ্ক করে এবং অ্যাসবেসটস ক্যানসার সৃষ্টি করে।

পেস্টে কালো রং তৈরি হয়েছে লেড অক্সাইড দিয়ে, যা রেচনজনিত ব্যর্থতার কারণ হতে পারে। সবুজ রং যা আগে তৈরি হত মেহেন্দি, শুকনো গুলমোহর, বসন্তের ভেষজ পালক এবং রডোডেনড্রনের মতো উৎসগুলি থেকে তা তৈরি হয়েছে কপার সালফেট দিয়ে।কপার সালফেট চোখের অ্যালার্জি এবং সাময়িক অন্ধত্বের কারণ হতে পারে। সিলভার রং তৈরি হয়েছে অ্যালুমিনিয়াম ব্রোমাইডগু দিয়ে যা ক্যানসারের কারণ হতে পারে। নীল রং যা আগে থেকে তা এখন তৈরি হয়েছে প্রুশিয়ান নীল দিয়ে যা কন্টাক্ট ডার্মাইটিসের কারণ হতে পারে। বেগুনি রং যা আগে তৈরি হত বিটরুট থেকে এখন তৈরি হয়েছে ক্রোমিয়াম অক্সাইড দিয়ে যা হাঁপানি এবং ত্বকের ত্যালার্জির কারণ হতে পারে। লাল রং যা আগে তৈরি করা হত গোলাপ, লাল চন্দনের গুঁড়ো, ডালিম, শুকনো জবা ফুল, মুলো থেকে এখন তৈরি হয়েছে পারদ সালফাইট দিয়ে যা ত্বকের ক্যানসার ও পক্ষাঘাতের কারণ হতে পারে। পারদ সালফাইট জ্ঞান ও দৃষ্টিশক্তিকে দুর্বলও করতে পারে। সুতরাং গবেষণাকৃত রঙই বিপঙনক। জল রংকে সহজলভ্য করা হয়েছে জেন্টিয়ান ভায়োলেট দ্বারা। জেন্টিয়ান ভায়োলেট একটি অত্যন্ত বিষাক্ত এবং বিজ্জ্বনক রাসায়নিক। এর সংস্পর্শে গুরুতর ত্বকের রোগ এবং চোখের সমস্যার সৃষ্টি হতে পারে।

চিন্তাশীল মানুষ একটু খুশির খবর তৈরি করেছে। আবিরের রাসায়নিক উপাদান থেকে সরে গিয়ে অর্গানিক উপাদানকে বিকল্প হিসেবে খুঁজে পেয়েছে। অর্গানিক উপাদানের মধ্যে রয়েছে ভেষজ গুল, ফল, চালের গুঁড়ো, গমের গুঁড়ো, নানা ভোজ্য উপকরণ যেমন বেসন, ভুট্টার মাড়, হলুদ, লেবু, উদ্ভিদ নির্যাস, খাবারের রং ইত্যাদি খুশির খবরকে চুড়ান্ত খুশিদায়ক মনে করা হচ্ছে না এই জন্য যে অর্গানিক উপাদান থেকে তৈরি আবিরগুলোকে অর্থাৎ অর্গানিক আবিরগুলোকে যতটা ইকো-ফেন্ডলি বলে মনে করা হয়েছিল তা ইকো-ফ্রেন্ডলি হয়ত সেসব নয়। সেগুলোতেও ঢুকে পড়েছে ব্যবসায়িক প্রতিযোগিতা। অর্গানিক উপাদানের সঙ্গে এমন কিছু মেশানো হচ্ছে যা ত্বক এবং স্বাস্থ্যের পক্ষে হানিকর। ইকো-ফেন্ডলি আবিরের মান নিয়ন্তণ একটি সমস্যা হয়ে দাড়িয়েছে। এমতাবস্থায় নিরাপত্তাকে প্রাধান্য দিতে হলে আমাদের সামনে বেঁচে থাকছে দুটো বিকল্প-- নামকরা ব্র্যান্ডগুলির উৎপাদন ভালো হবে এই বিশ্বাস নিয়ে তাদের জন্য অধিকতর বেশি মূল্য বহন করা অথবা বাড়িতে নিজ হাতে জৈব উপায়ে আবির তৈরি করা। নিঃসন্দেহে নিজেদের এবং অন্যের স্বার্থকে মাথায় রেখে দ্বিতীয় বিকল্পকে বেছে নিলে সবাই সর্বাধিক সুরক্ষিত থাকব। কিন্তু প্রশ্ন হচ্ছে আমরা তা আদৌ করব কি? আমরা হয়ত এর পরেও আরও অসৎ ব্যবসায়ীর দোকান থেকে এবং তাদের অন্তর্জালে বাঁধা পড়া পথের ধারে বসা ছোট ছোট পসারির থেকে রাসায়নিক আবিরই কিনতে পছন্দ করব।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

কেন রাধার সঙ্গে হোলিতে মেতে উঠেছিলেন কৃষ্ণ ?

বৃন্দাবনে বরাবরই উদার পরিবেশ। গোঁড়ামির বাতাস তেমন হালে জল পায়নি। এমন এক সময় সংকেত কুঞ্জে দেখা হয়েছে রাধা-কৃষ্ণের। দিনটা ছিল বসন্তপঞ্চমীর। আচমকাই শ্রীমতী খেয়াল করলেন উপর থেকে তাঁদের উপর কিছু ফুলের পাপড়ি ঝরে পড়ল। ব্যাপার কী? কৃষ্ণ যোগবলে জানলেন, দেবতারা স্বর্গে রঙের উৎসব পালন করছেন। শ্রীমতীও বায়না ধরলেন রং খেলার জন্য। কৃষ্ণ জানালেন, সেদনিটা দেবতাদের জন্যই থাক, অন্য একদিন রংয়ে রেঙে ওঠা যাবে'খন। শ্রীমতীর সে আবদারই পূরণ হল ফাল্গুনি পূর্ণিমায়। আবার অনেকে বলেন ছোট্ট কৃষ্ণ পুতনার বিষ-স্তন পান করার পর থেকেই কালোবরণ। এদিকে রাধা ও তাঁর সখীরা সকলেই গৌরবরণী। তাই দেখে মা যশোদার কাছে অনুযোগ করলেন কৃষ্ণ। মা তাঁকে জানালেন, কোনও একদিন গিয়ে কৃষ্ণও যেন গোপীদের রঙে রাঙিয়ে দেয়। তাহলেই সব এক। সেই থেকেই রংয়ের উৎসবের সূচনা। কৃআর তাঁর দলবল গিয়ে রাধাকে রঙ মাখিয়ে এসেছিলেন বরষাণায়। প্রত্যুত্তরে গোপীরা লাঠি হাতে তেড়ে এসেছিল নন্দগাঁওতে। আর আত্মরক্ষা করেছিল কৃষ্ণ সখারা। এই হল লাঠমার হোলি। সে যাই হোক বসন্তোৎসব এককালে ছিল মদনোৎসব। পরবর্তীকালে বিষ্ণুর জায়গা যেভাবে নিয়েছিলেন কৃষ্ণ, সেভাবেই মদনের জায়গাও নিলেন তিনি। এ কথা মনে করতেন স্বামিজীও। আসলে মদনের

বাংলাদেশে রোহিঙ্গা শিবিরে ভয়াবহ আগুনে গৃহহীন কয়েক হাজার পরিববার

মনির হোসেন,ঢাকা,মার্চ ০৫।। বাংলাদেশের কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা আশ্রয়শিবিরে ভয়াবহ অগ্নিকান্ডে ইতিমধ্যে ১২ থেকে ১৫ হাজার রোহিঙ্গা গৃহহীন হয়ে খোলা আকাশের নিচে অবস্থান করছে।

এ আগুনে রবিবার বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত দুই হাজার ঘর পুড়ে ছাই হয়ে গেছে। এর মধ্যে অন্তত ২০টি বেসরকারি হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্র, রোহিঙ্গা শিশুদের পাঠদানের লার্নিং সেন্টার ও ত্রাণ বিতরণ কেন্দ্র রয়েছে। রোহিঙ্গা বসতিগুলো একটার সঙ্গে আরেকটা লাগানো এবং ঘনবসতি হওয়ায় ক্ষয়ক্ষতির পরিমাণ বাড়ছে। এ অগ্নিকান্ডকে রহস্যময় উল্লেখ করে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কামিশনার (আরআরআরসি) মোহাম্মদ মিজানুর রহমান বলেন, এ ঘটনায় ১৪-১৫ বছর বয়সী এক রোহিঙ্গা কিশোরকে দেশলাইসহ আটক করা হয়েছে। এই কিশোরকে ঘরে আগুন দিতে দেখেছেন অনেকে। তাকে হাতেনাতে ধরা হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর জিজ্ঞাসাবাদে জানা যাবে, এটি পরিকল্পিত বা নাশকতামূলক অগ্নিকান্ড কি না।

এদিকে, ওই আশ্রয়শিবিরের রোহিঙ্গা বসতিগুলোতে একটু পরপর বিকট শব্দে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ ঘটছে। আতঙ্কে দিগ্বিদিক ছুটছেন রোহিঙ্গারা। উত্তর দিক থেকে আসা বাতাসে আগুনের শিখা দ্রুত অন্যান্য ক্যাম্পের বসতিতে ছড়িয়ে পড়ছে। বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ, ফায়ার সার্ভিসের আটটি ইউনিট ও কয়েক শ স্বেচ্ছাসেবী আগুন নিয়ন্ত্রণে চেষ্টা চালিয়ে প্রায় দুই ঘন্টা পর নিয়ন্ত্রনে আনে।

শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মোহাম্মদ মিজানুর রহমান বলেন, ভয়াবহ আগুন নিয়ন্ত্রণে বেগ পেতে হয়েছে। ঘনবসতিপূর্ণ রোহিঙ্গা ক্যাম্প, এর ওপর পাহাড়ের ঢালু এলাকায় যাতায়াত সীমিত হওয়ায় ক্ষয়ক্ষতির ঝুঁকিও অনেক।

লোকজনকে নিরাপদ স্থানে সরিয়ে আনা হচ্ছে। তবে আগুনে প্রাণহানি হয়েছে কি না নিশ্চিত হওয়া যায়নি। বেশ কয়েকজন রোহিঙ্গাকে হাসপাতালে পাঠানোর খবর পেয়েছি। এটি নাশকতার আগুন হয়ে থাকতে পারে বলে মনে করেন মিজানুর রহমান। তিনি বলেন, গত কয়েক দিনে আশ্রয়শিবিরের বিভিন্ন ব্লকে তিনচারটি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এটা রহস্যজনক।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী রোহিঙ্গারা জানিয়েছে, রবিবার বেলা তিনটার দিকে আশ্রয়শিবিরের ডি-১৫ ব্লকের একটি রোহিঙ্গা বসতির রান্নাঘর থেকে অগ্নিকান্ডের সূত্রপাত। আগুন নাশকতামূলকভাবে লাগানো হয়েছে কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। সন্ধ্যা ছয়টার দিকে ঘটনাস্থল থেকে কক্সবাজার উখিয়া থানার ওসি শেখ মোহাম্মদ আলী বলেন, আশ্রয়শিবিরের রোহিঙ্গা বসতিগুলোতে একটু পর পর গ্যাস সিলিন্ডারের বিস্ফোরণ ঘটছে। সেখানে যাওয়া ঝুঁকিপূর্ণ। এই পরিস্থিতিতে আগুনে ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয় করা কঠিন। দেশলাইসহ রোহিঙ্গা কিশোরকে আটকের ঘটনা তাঁর জানা নেই জানিয়ে ওসি মোহাম্মদ আলী বলেন, সবাই আগুন নিয়ন্ত্রণ নিয়ে ব্যস্ত।

সন্ধ্যা পর্যন্ত ওই কিশোরকে পুলিশে হস্তান্তর করা হয়নি।

বাংলাদেশের নবনির্বাচিত রাষ্ট্রপতি সাহাবুদ্দিনকে মোদির অভিনন্দন

মনির হোসেন,ঢাকা,মার্চ ০৫।। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশের ২২তম নবনির্বাচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন।

সম্প্রতি মোহাম্মদ সাহাবুদ্দিনকে এক অভিনন্দন বার্তায় ভারতের প্রধানমন্ত্রী বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হওয়ায় আপনাকে আন্তরিক অভিনন্দন জানাই। বার্তায় তিনি বলেছেন, একজন স্বাধীনতা সংগ্রামী হিসেবে আপনার অবদান এবং একজন আইনজ্ঞ হিসেবে অভিজ্ঞতা এই মহান পদকে আরও সমৃদ্ধ করবে। মোদি বলেন, দুই দেশের মধ্যে একটি অনন্য দ্বিপক্ষীয় সম্পর্ক রয়েছে, যা দৃঢ়ভাবে দেশগুলোর পারস্পরিক ত্যাগের মধ্যে নিহিত এবং প্রাণবন্ত সাংস্কৃতিক ও জনগণের মধ্যকার সম্পর্ক দ্বারা লালিত। ভারতের প্রধানমন্ত্রী আরও বলেন, বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু হিসেবে আমরা আমাদের উভয় দেশের জনগণের স্বার্থে এই বহুমুখী অংশীদারিত্বকে আরও গভীর করার প্রতিশ্রুতিতে অটল আছি। আমি আত্মবিশ্বাসী যে আপনার দূরদর্শী নেতৃত্বে আমাদের সম্পৃক্ততা বাড়তে থাকবে। তিনি নির্বাচিত রাষ্ট্রপতির সুস্বাস্থ্য ও সাফল্য কামনা করেন।

মোদীজির নেতৃত্বে মহান পুনর্জীবনের যাত্রা শুরু করেছে ভারত : কিরেণ রিজিজু

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মহান পুনর্জীবনের যাত্রা শুরু করেছে ভারত। টুইটে এমনই মন্তব্য করলেন কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী কিরেণ রিজিজু। রবিবার পৃথক দু'টি টুইট করে কিরেণ রিজিজু লিখেছেন, টুকড়ে-টুকড়ে গ্যাংয়ের সদস্যদের আরও ভালভাবে বোঝা উচিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে মহান পুনর্জীবনের যাত্রা শুরু করেছে ভারত। ভারতের জনগণ তাঁদের উপযুক্ত জবাব দেব।

অপর টুইটে কিরেণ রিজিজু লিখেছেন, এই দলগুলি ভারতের বিরুদ্ধে সম্মুখ আক্রমণ চালাতে ভারত-বিরোধী বিদেশী সত্তার সক্রিয় সমর্থন পায়। পদ্ধতিগতভাবে তাঁরা ভারতীয় গণতন্ত্র, ভারতীয় সরকার, বিচার বিভাগ এবং প্রতিরক্ষা, নির্বাচন কমিশন, তদন্তকারী সংস্থার মতো সমস্ত গুরুত্বপূর্ণ অঙ্গগুলির বিশ্বাসযোগ্যতাকে আক্রমণ করছে।

পরিযায়ী শ্রমিকদের ওপর "হামলা" : বিজেপি নেতা ও সাংবাদিক-সহ কয়েকজনের নামে মামলা তামিল পুলিশের

চেন্নাই, ৫ মার্চ (হি.স.): পরিযায়ী শ্রমিকদের ওপর "হামলা" সংক্রান্ত গুজবের প্রেক্ষিতে বিজেপির একজন নেতা, সাংবাদিক ও বেশ কয়েকজনের নামে মামলা রুজু করল তামিলনাড়ুর পুলিশ। পুলিশ জানিয়েছে, বিজেপির মুখপাত্র ও সুপ্রিম কোর্টের আইনজীবী প্রশান্ত উমরাও, দৈনিক ভাস্কর সম্পাদক এবং পাটনার সাংবাদিক মোহাম্মদ তানভীরের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

তামিলনাড়ুতে কর্মরত পরিযায়ী শ্রমিকরা এই মুহূর্তে যথেষ্ট আতঙ্কিত, সাম্প্রতিক সময়ে গুজব ছড়িয়েছে যে, উত্তর ভারতের শ্রমিকরা তামিলনাড়ুতে আক্রান্ত হচ্ছেন। তাছাড়া বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার এবিষয়ে উদ্বেগ প্রকাশ করার পর আতঙ্ক আরও ছড়িয়েছে। এই পরিস্থিতিতে গুজব ছড়ানোর দায়ে বিজেপি নেতা ও সাংবাদিক-সহ কয়েকজনের নামে মামলা রুজু করেছে তামিলনাড়ু পুলিশ।

উত্তর ভারতের পরিযায়ী শ্রমিকদের অভয় রাজ্যপাল রবির, ভয় না পাওয়ার বার্তা

চেন্নাই, ৫ মার্চ (হি.স.): তামিলনাড়ুতে কর্মরত উত্তর ভারতের পরিযায়ী শ্রমিকদের অভয় দিয়েছেন তামিলনাড়ুর রাজ্যপাল আর এন রবি। পরিযায়ী শ্রমিকদের উদ্দেশে রাজ্যপাল আর এন রবি বলেছেন, আপনারা ভয় পাবেন না, নিজেদের অনিরাপদও মনে করবেন না। রবিবার তামিলনাড়ুর রাজভবনের পক্ষ থেকে এক টুইট বার্তায় জানানো হয়েছে, রাজ্যপাল আর এন রবি তামিলনাড়ুতে থাকা উত্তর ভারতের শ্রমিকদের আতঙ্কিত না হওয়ার জন্য আবেদন জানিয়েছেন।

রাজ্যপাল জানিয়েছেন, নিজেদের অনিরাপদ মনে করবেন না আপনারা, যেহেতু তামিলনাড়ুর মানুষ খুব সুন্দর এবং বন্ধুত্বপূর্ণ। রাজ্য সরকার উত্তর ভারতের শ্রমিকদের নিরাপত্তা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

উল্লেখ্য, বিগত কিছু দিন ধরে গুজব ছড়িয়েছে যে তামিলনাড়ুতে আক্রান্ত হচ্ছে উত্তর ভারতের শ্রমিকরা, এমতাবস্থায় এই বার্তা দিয়েছেন তামিলনাড়ুর রাজ্যপাল।

ফের পারদ-পতন মহানগরীতে, ভোরের দিকে হিমেল পরশের অনুভূতি গ্রাম বাংলায়

কলকাতা, ৫ মার্চ (হি.স.): ফের পারদ-পতন মহানগরীতে, শনিবারের তুলনায় রবিবার কিছুটা কমল কলকাতার তাপমাত্রা। যদিও, তা স্বাভাবিকের ঊর্ধ্বেই। বিগত কয়েকদিন ধরে তাপমাত্রার এই ওঠানামা লেগেই রয়েছে। রবিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। এদিন তিলোত্তমার সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

শীতের বিদায় ইতিমধ্যেই হয়ে গিয়েছে দক্ষিণবঙ্গ থেকে, তা সত্ত্বেও ভোরের দিকে জেলায় জেলায় এখনও অনুভূত হচ্ছে হালকা ঠান্ডা, বাতাসে রয়েছে হিমেল পরশ। তবে বেলা গড়াতেই সেই ঠান্ডা উধাও হয়ে যাচ্ছে। অত্যধিক গরম অনুভূত হচ্ছে না, কলকাতা ও দক্ষিণবঙ্গের তাপমাত্রা আপাতত মনোরমই। রবিবাসরীয় সকালে একেবারে রোদ ঝলমলে ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আপাতত কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলার তাপমাত্রার পারদ এভাবেই ওঠানামা করবে।

ই এম বাইপাসে ডিভাইডারে ধাক্কা বেপরোয়া গাড়ির, রক্ষা পেলেন চালক-সহ ৩ জন

কলকাতা, ৫ মার্চ (হি.স.): কলকাতার রাস্তায় ফের বেপরোয়া গাড়ির দৌরাত্ম্য! রবিবার ভোরে ই এম বাইপাসের মেট্রোপলিটনের কাছে দুর্ঘটনার কবলে পড়ে একটি গাড়ি। ভোর সাড়ে ৫টা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে। পুলিশ জানিয়েছে, অত্যন্ত দ্রুত গতিতে নিউটাউন থেকে সায়েন্স সিটির দিকে যাওয়ার সময়, বেপরোয়া গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ডানদিকের ডিভাইডারে ধাক্কা মারে।

গাড়ির গতি এতটাই বেশি ছিল যে, কংক্রিটের ডিভাইডারে ধাক্কা মারার পর একাংশ ভেঙে পাশের জলাশয়ে পড়ে যায়। পুলিশ সূত্রে খবর, গাড়িতে চালক ও এক মহিলা-সহ ৩ জন ছিলেন। চালক সামান্য আহত হয়েছেন। গাড়িটিকে আটক করেছে পুলিশ। আরোহীরা মত্ত অবস্থায় ছিলেন কি না, খতিয়ে দেখছে প্রগতি ময়দান থানার পুলিশ।

মদ ও গাঁজা বিক্রির প্রতিবাদ করায় ক্যানিংয়ে আক্রান্ত দম্পতি, তদন্ত শুরু পুলিশের

ক্যানিং, ৫ মার্চ (হি.স.): বেআইনি ভাবে মদ ও গাঁজা বিক্রির প্রতিবাদ করায় এক দম্পতিকে বেধড়ক মারধরের অভিযোগ উঠেছে প্রতিবেশী এক পরিবারের বিরুদ্ধে। শনিবার রাতে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থানার অন্তর্গত বাহিরসোনা বিশ্বাস পাড়ায়। ঘটনায় গুরুতর জখম হয়েছেন রমা দাস ও তাঁর স্বামী দীপক দাস। রমার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় রাতেই তাঁকে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, মাস ছয়েক আগে রমাদেবী তাঁরই প্রতিবেশী রাখি দাসের বেআইনি মদ, গাঁজা বিক্রির প্রতিবাদ করেছিলেন। রাখি নিজের বাড়িতে মদ, গাঁজা বিক্রি করেন বলে অভিযোগ। সেখানে মানুষজন এসে নেশা করে অকথ্য ভাষায় গালিগালাজ করে, অশ্রাব্য কথাবার্তা বলে, আর সেই কারণে এলাকার পরিবেশ নষ্ট হচ্ছিল। এই ঘটনার প্রতিবাদ করেছিলেন রমা। সেই সময় রমা ও তাঁর পরিবারকে হুমকি দিয়েছিল অভিযুক্ত রাখি ও তাঁর পরিবার। শনিবার রাতে কলকাতা থেকে কাজ সেরে স্বামীর সঙ্গে সাইকেলে করে বাড়ি ফেরার সময় আচমকা তাঁদের উপর হামলা চালায় রাখি দাস ও তাঁর পরিবারের সদস্যরা।

রাখির জামাই মিঠুন বিশ্বাস ও ছেলে সুব্রত দাসের নেতৃত্বে চলে মারধর বলে অভিযোগ। সাইকেল থেকে ফেলে দিয়ে বেধড়ক লাথি, ঘুষি মারা হয় দু'জনকেই। ঘটনায় রমার মুখ ফেটে যায়। তাঁদের চিৎকারে আশপাশের লোকজন বেড়িয়ে এলে পালিয়ে যায় অভিযুক্তরা। স্থানীয় মানুষজন আক্রান্তের পরিবারকে খবর দিলে তাঁরা এসে তড়িঘড়ি রমাকে উদ্ধার করে চিকিৎসার জন্য ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করেন। এ বিষয়ে রাতেই ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ।

২১ মার্চ থেকে "গৌরব ভারত ট্রেন" চালু করছে রেল, ১৫ দিনের যাত্রায় পৌঁছবে উত্তর-পূর্বের ৫ রাজ্যে

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): ভারতীয় রেল চলতি মাসের ২১ তারিখ থেকে উত্তর-পূর্বাঞ্চলে "ভারত গৌরব ট্রেন" চালু করতে চলেছে। ১৫ দিনের সফর যাত্রায় এই এসি ডিলাক্স ট্রেনটি দিল্লির সফদরজং রেল স্টেশন থেকে যাত্রা শুরু করে উত্তর-পূর্বের অসম, অরুণাচল প্রদেশ, ত্রিপুরা, নাগাল্যান্ড এবং মেঘালয় রাজ্যের বেশ কয়েকটি স্থান পরিদর্শন করবে। ভারত গৌরব ডিলাক্স ট্যুরিস্ট ট্রেনটি দিল্লির সফদরজং রেল স্টেশন থেকে যাত্রা শুরু করবে, ট্রেনটিতে মোট ১৫৬ জন পর্যটক থাকতে পারবেন। ট্রেনটি সর্বপ্রথম থামবে অসমের গুয়াহাটিতে, সেখানে পর্যটকরা কামাখ্যা মন্দির এবং উমানন্দ মন্দির দেখতে যাবেন। উত্তর-পূর্বাঞ্চলের অসম, অরুণাচল প্রদেশ, ত্রিপুরা, নাগাল্যান্ড এবং মেঘালয় রাজ্যের বেশ কয়েকটি স্থান পরিদর্শন করবে।

ফের বিমানে প্রস্রাবকাণ্ড! এবার ছাত্রের মূত্র গড়িয়ে পড়ল সহযাত্রীর গায়ে, নেওয়া হয়েছে আইনি ব্যবস্থা

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): ফের বিমানে প্রস্রাবকাণ্ড! এবার নিউ ইয়র্ক থেকে দিল্লিতে আসা বিমানে এক ছাত্র ঘুমন্ত অবস্থায় আসনে বসেই প্রস্রাব করে ফেলেন বলে অভিযোগ। যা গড়িয়ে পড়ে এক সহযাত্রীর গায়ে। ওই ছাত্র নেশাগ্রস্ত অবস্থায় ছিলেন বলেও অভিযোগ। আমেরিকান এয়ারলাইন্সের দিল্লিগামী বিমানের ঘটনা। নিউয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড়ে আসা বিমানটি দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে এস পৌঁছয় শনিবার রাত ৯.৫০ মিনিটে।

বিমান সংস্থা সূত্রে জানা গিয়েছে, অভিযুক্ত আমেরিকার এক বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তার নাম-আর্য্য ভোহরা। সে মত্ত অবস্থায় বিমানে ঘুমিয়ে পড়েছিলেন। মাঝ আকাশে ঘুমন্ত অবস্থাতেই প্রস্রাব করে ফেলেন তিনি। তা গড়িয়ে গিয়ে পড়ে পাশে বসা এক ব্যক্তির গায়ে। তিনি সঙ্গে সঙ্গে বিমানকর্মীদের ডেকে বিষয়টি জানান। তবে ওই ব্যক্তি অভিযুক্ত ছাত্রের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করতে চাননি। অভিযুক্ত যুবক তাঁর কাছে ক্ষমা চেয়ে নেন। ছাত্রটির ভবিষ্যতের কথা ভেবেই বড় কোনও পদক্ষেপ করতে চাননি সহযাত্রী।

যদিও বিষয়টিকে হালকা ভাবে নেননি বিমান কর্তৃপক্ষ। বিমানকর্মীরা প্রথমে ছাত্রের কীর্তি পাইলটকে জানান। তিনি দিল্লি বিমানবন্দরের এয়ার ট্র্যাফিক কন্টোলে এ বিষয়ে অভিযোগ জানান। দিল্লিতে বিমানটি নামলে অভিযুক্ত ছাত্রকে তুলে দেওয়া হয় পুলিশের হাতে। তাঁকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করে দিল্লি পুলিশ। ওই ছাত্রের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দৈনিক সংক্রমণ ৩০০-র ঊর্ধ্বে! ভারতে সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে ২,৭৯১, থামল মৃত্যু

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): ভারতে কোভিডের দৈনিক সংক্রমণ বেড়েই চলেছে, লাফিয়ে লাফিয়ে বাড়ছে সক্রিয় রোগীর সংখ্যাও। শনিবার সারাদিনে ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৩২৪ জন। এই সময়ে মৃত্যু হয়নি কারও। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৩২৪ জন, দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৮৭, ৮২০-তে পৌঁছেছে। রবিবার সকাল আটটা পর্যন্ত মৃতের সংখ্যা ৫,৩০, ৭৭৫ (১.১৯ শতাংশ)। দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২, ৭৯১-এ পৌঁছেছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, রবিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৫৪,২৫৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ০৬ হাজার ৭২৫ জন প্রাপক, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৪,২২,২০৯। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৪ মার্চ সারা দিনে ভারতে ৯৩,৩২৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

২.৫ ও ১.৮ তীব্রতার জোড়া ভূমিকম্পে কাঁপল উত্তরকাশী, কোনও ক্ষয়ক্ষতির খবর নেই

উত্তরকাশী, ৫ মার্চ (হি.স.): জোড়া ভূমিকম্পে কেঁপে উঠল উত্তরাখণ্ডের উত্তরকাশী জেলা। প্রথমে শনিবার মাঝরাতে ভূমিকম্প অনুভূত হয় উত্তরকাশীতে, প্রথম ভূমিকম্পের তীব্রতা ছিল ২.৫। এরপর রবিবার সকালেও হালকা তীব্রতার ভূমিকম্প অনুভূত হয়, তীব্রতা ছিল ১.৮। জোশীমঠে বিপর্যয়ের মাঝেই মৃদু ভূমিকম্পে কেঁপে উঠল উত্তরাখণ্ডের উত্তরকাশী।

শনিবার রাত ১২টা ৪৫ মিনিট নাগাদ কম্পন অনুভূত হয় উত্তরকাশীর বিস্তীর্ণ এলাকায়। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি সূত্রে জানানো হয়েছে, এই ভূমিকম্পের উৎসস্থল ছিল উত্তরকাশীর ভটবাড়ীর সিরোর গ্রামের কাছাকাছি একটি জায়গায়। যদিও এর ফলে তেমন কোনও ক্ষয়ক্ষতি হয়নি। মধ্যরাতের আতঙ্ক কাটতে না কাটতেই রবিবার সকাল ১০.০৯ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয় উত্তরকাশীতে, রিখটার স্কেলে তীব্রতা ছিল ১.৮।

ভাদোদরায় রাসায়নিক ফ্যাক্টরিতে ভয়াবহ আগুন, প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা

ভাদোদরা, ৫ মার্চ (হি.স.): গুজরাটের ভাদোদরায় ভয়াবহ আগুন লাগল একটি রাসায়নিক ফ্যাক্টরিতে। রবিবার ভোররাত ২.৩০ মিনিট নাগাদ ভাদোদরার পাদ্রা তহসিলের ভিশন প্রোডাক্ট প্রাইভেট লিমিটেড-এ আগুন লাগে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন। কিন্তু ওই ফ্যাক্টরির ভিতরে প্রচুর পরিমানে দাহ্য পদার্থ মজুত থাকায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে।

দাউদাউ করে জ্বলতে থাকে আগুন, ভিতরে থাকা প্রায় সমস্ত কিছুই পুড়ে গিয়েছে। পুলিশ ও দমকল জানিয়েছে, দীর্ঘ সময়ের প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে এসেছে। দমকল অফিসার আর ভি পুরার জানিয়েছেন, দমকল কর্মীদের দীর্ঘ সময়ের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। কীভাবে আগুন লাগল তা খতিয়ে দেখা হচ্ছে। এই অগ্নিকাণ্ডে প্রচুর ক্ষয়ক্ষতি হলেও, কেউ হতাহত হননি।

নাকতলায় বন্ধ আবাসনে আগুন, পুড়ে মৃত্যু খাঁচাবন্দি ৮টি বিড়াল এবং একটি কুকুরের

কলকাতা, ৫ মার্চ (হি.স.): কলকাতার নাকতলায় আগুন লাগল একটি বন্ধ আবাসনে। নাকতলা রোডের একটি ফ্ল্যাটে আগুন লেগে পুড়ে মৃত্যু হয়েছে ৮টি বিড়াল এবং একটি কুকুরের। স্থানীয় বাসিন্দাদের দাবি, ওই প্রাণীগুলি খাঁচাবন্দি অবস্থায় ছিল। আগুন লাগার ফলে বন্ধ ফ্ল্যাটে পুড়ে মৃত্যু হয় প্রাণীগুলির।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, শনিবার গভীর রাতে নেতাজিনগর থানার ৩৫বি নাকতলা রোডের একটি চার তলা আবাসনের এক তলার বন্ধ ফ্ল্যাটে আগুন লাগে। ওই ফ্ল্যাটে খাঁচাবন্দি অবস্থায় ছিল কয়েকটি বিড়াল এবং কুকুর।

অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে যায় টালিগঞ্জের দমকল বাহিনী। ভোর ৫টা নাগাদ আয়ত্তে আসে আগুন। ওই কাণ্ডে এখনও পর্যন্ত কোনও অভিযোগ দায়ের হয়নি বলে জানিয়েছে পুলিশ। তবে সিল করে দেওয়া হয়েছে ফ্ল্যাটটি। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, ওই ফ্ল্যাটের মালিক যাদবপুরের সাউথ সিটিতে থাকেন। তিনি রোজ পোষ্যগুলিকে খাওয়াতে আসতেন।

চট্টগ্রামের সীতাকুণ্ডে বিস্ফোরণস্থলে উদ্ধার অভিযান সমাপ্ত, আর কোনও দেহ উদ্ধার হয়নি

চট্টগ্রাম, ৫ মার্চ (হি.স.): বাংলাদেশের চট্টগ্রামের সীতাকুণ্ডের অক্সিজেন কারখানায় উদ্ধার অভিযান সমাপ্ত। নতুন করে আর কোনও দেহ উদ্ধার হয়নি। মৃতের সংখ্যা ৬। আহত তিরিশেরও বেশি। এখনও খোঁজ নেই কারখানার মালিকের। রবিবার বেলা সাড়ে ১১টা নাগাদ সীতাকুণ্ড উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহাদাত হোসেন উদ্ধার অভিযানের সমাপ্তি ঘোষণা করেন। তিনি বলেন, এখনও পর্যন্ত উদ্ধার কার্যক্রম শেষ। আমরা ফের কোনও দুর্ঘটনার শঙ্কা করছি না, তবুও সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছি, কাউকে আশপাশে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না । যারা নিহত হয়েছেন তাদের অবশ্যই ক্ষতিপূরণ দেওয়া হবে। সীতাকুণ্ড উপজেলার কদমরসুল এলাকায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে সীমা অক্সিজেন লিমিটেড নামের প্ল্যান্টে শনিবার বিকেলে হঠাৎ বিস্ফোরণে ৬ জনের মৃত্যু হয়। আহত অবস্থায় উদ্ধার করা হয় ৩৩ জনকে। বিস্ফোরণে প্ল্যান্টের আশপাশের এক বর্গকিলোমিটার এলাকা কেঁপে ওঠে। রবিবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেছেন বিস্ফোরক অধিদফতরের একটি টিম। পরিদর্শন শেষে বিস্ফোরক অধিদফতরের পরিদর্শক মো. তোফাজ্জল হোসেন বলেন, প্ল্যান্ট থেকে যে কলামের মাধ্যমে অক্সিজেন সিলিন্ডারে ভরা হয়, সেটি বিস্ফোরিত হয়েছে।

পশ্চিম ও মধ্য ভারতে বৃষ্টির পূর্বাভাস আইএমডি-র, ভিজবে গুজরাট ও রাজস্থান-সহ কিছু রাজ্য

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): পশ্চিম ও মধ্য ভারতের বেশ কয়েকটি রাজ্যে বজ্রবিদ্যুৎ এবং শিলাবৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। আগামী বুধবার পর্যন্ত বজ্রবৃষ্টি এবং শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে, আগামী ৭-৮ মার্চ সমগ্র দেশে পালিত হবে রঙের উৎসব। আবহাওয়া দফতরের মতে, রাজস্থান, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, মহারাষ্ট্র এবং গুজরাটে ৮ মার্চ পর্যন্ত হালকা থেকে মাঝারি বজ্রপাত হতে পারে বলে আশা করা হচ্ছে।

আইএমডি জানিয়েছে, উপকূলীয় কর্ণাটক ব্যতীত আগামী পাঁচ দিনের মধ্যে উপদ্বীপের ভারতের সর্বোচ্চ তাপমাত্রায় 'কোন উল্লেখযোগ্য পরিবর্তন' হবে না, যেখানে রবিবার থেকে সর্বোচ্চ তাপমাত্রা প্রায় ২ ডিগ্রি সেলসিয়াস হ্রাস পাওয়ার সম্ভাবনা রয়েছে। আইএমডি আরও জানিয়েছে, আগামী দুই দিনের মধ্যে মহারাষ্ট্রে সর্বোচ্চ তাপমাত্রায় কোনও উল্লেখযোগ্য পরিবর্তন হবে না এবং তারপরে প্রায় ২-৩ ডিগ্রি সেলসিয়াস কমে যাবে। আগামী পাঁচ দিনে দেশের বাকি অংশে সর্বোচ্চ তাপমাত্রার কোনও উল্লেখযোগ্য পরিবর্তন হবে না।

হরেকরকম

হরেকরকম

হরেকরকম

হার্ট ক্ষতিগ্রস্ত হয় স্ট্রেসের প্রভাবে



এখন মানসিক চাপ বা এক কথায় যাকে বলে স্ট্রেস আমাদের নত্য সঙ্গী। পারিবারিক সমস্যা হোক কিংবা অর্থনৈতিক চাপ, বৈবাহিক সম্পর্কের অবনতি হোক কিংবা কাজের চাপ- একটা না থাকলে অন্যটা সঙ্গী হয়েই দাঁড়ায়। আর সেই কারণেই স্ট্রেস এখন সমাজবিজ্ঞানী থেকে চিকিতক, সবার কাছেই অত্যন্ত দুশ্চিন্তার বিষয়।

আর স্ট্রেসের প্রভাবে সবার আগে ক্ষতিগ্রস্ত হয় হার্ট বা হৃদযন্ত্র। তাই যদি আপনি স্ট্রেসে আক্রান্ত হন, অবিলম্বে কয়েকটি পদক্ষেপ করুন হৃদযন্ত্র সুস্থ রাখার জন্য।

মেডিটেশন : ঘুম থেকে উঠেই হলে ভালো, না হলে দিনের অন্য সময়ও কে নিতে পারেন মেডিটেশন বা প্রাণায়ম। রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে এই প্রাণায়মের কারণে। তাই হৃদযন্ত্রেও চাপ কম পড়ে। স্ট্রেস থেকে শরীর বাঁচাতে এটা হোক প্রথম পদক্ষেপ।

একসারসাইজ: একটু ফ্রিহ্যান্ড, বা একটু স্ট্রেচ শরীরের জন্য খুব ভালো। এতে যে পেশির নমনীয়তা বাড়ে, তাই নয়, রক্তচাপও নিয়ন্ত্রণে থাকে, হৃদযন্ত্রেও চাপ কম পড়ে। তবে বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে একসারসাইজ শুরু করা উচিত। কারণ সবার শরীরে সব ধরনের একসারসাইজ সঠিকভাবে কাজ করে না। হাসি থাকুক : দিনের একটা সময় বরাদ্দ রাখুন এমন কোনও বই বা সিনেমার জন্য, যা আপনাকে নির্মল আনন্দ দেবে। তারচেয়েও ভালো হয় যদি এমন কোনও সঙ্গীর সঙ্গে দিনের একটা সময় কাটাতে পারেন, যার সঙ্গ আপনাকে খুশি রাখে, তাহলেও আপনার স্ট্রেস কমবে। কারণ হাসি শরীরের জন্য খুব উপকারি।

কান্নাও থাকুক : স্ট্রেসে আক্রান্ত হলে নিজেকে বাকি সব কিছু থেকে সরিয়ে নিয়ে একা কাঁদতে পারেন। কান্নায় স্ট্রেস অনেকটাই বেরিয়ে যায় মন থেকে। দ্রুত মন সাফ করার সহজ সমাধান এটি। চিকিতকরা অনেক সময়ই বাচ্চাদের জোর করে কাঁদাতে বলেন। কারণ কাঁদলে হৃদযন্ত্রের শক্তি বাড়ে। বড়দের ক্ষেত্রেও কথাটা মিথ্যে না।

পোষ্যর সঙ্গ : স্ট্রেস কমানোর ক্ষেত্রে পোষ্যর বড় ভূমিকা রয়েছে। পরিসংখ্যান বলছে, যাদের বাড়িতে পোষ্য রয়েছে, তাদের হৃদরোগের আশঙ্কা অন্যদের থেকে অনেকটাই কম হয়। শুধু কুকুর বা বিড়াল নয়, বাড়িতে অ্যাকোয়ারিয়াম থাকলেও, তার সামনে সময় কাটান। মন ভালো হবে।

শারীরিক সম্পর্ক : পরিসংখ্যান বলছে, যে সব পুরুষরা সপ্তাহে দু'দিন যৌন সম্পর্কে লিপ্ত হন, তাদের হৃদযন্ত্রের সমস্যা অনেকটাই কমে যায়। নারীদের ক্ষেত্রেও কথাটা সত্যি। তবে সংখ্যার হিসাবে বিষয়টা তাদের ক্ষেত্রে কত, তা নিয়ে স্পষ্ট ধারণা দিচ্ছেন না বিশেষজ্ঞরা। তবে নারীদের ক্ষেত্রে ইস্ট্রোজেন হরমোন হৃদযন্ত্র ভালো রাখতে সাহায্য করে, তা প্রমাণিত।

পর্যাপ্ত ঘুম : প্রতিদিন নিয়ম করে সাত থেকে আট ঘণ্টা ঘুমোতেই হবে। তারচেয়ে বেশি ঘুম যেমন ভালো নয়, তেমনই তার চেয়ে কম ঘুমও স্ট্রেস বাড়িয়ে দেবে। যারা স্ট্রেসে বেশি পরিমাণ আক্রান্ত, তাদের ক্ষেত্রে ঘুমের সময় নিয়ে কোনও কার্পণ্য করা যাবে না।

হাঁটায় জোর : প্রতিদিন কিছুটা সময়- অন্তত ১৫ মিনিট- বরাদ্দ রাখুন হাঁটার জন্য। তবে মনে রাখবেন, এই হাঁটাটা যেন দিনের আলোতে হয়। সূর্য ডুবে যাওয়ার পর শরীরের মেটাবলিক রেট কমে যায়। তখন হাঁটলে হৃদযন্ত্রের লাভ অতটাও হয় না, যতটা রোদে হাঁটলে হয়।

দলগত সময় : কোনও না কোনও দলে নিজেকে জুড়ে নিন। হতে পারে সেটা কোনও ফিল্মওয়াচার ক্লাব, বা হাইকিং টিম। আগেকার দিনে অনেকেই ডাকটিকিট ক্লাবের সঙ্গে যুক্ত হয়ে সপ্তাহের একটা নির্দিষ্ট সময় কাটাতেন। এখন তার পরিমাণ কমেছে। কিন্তু এই ধরনের হবি সংক্রান্ত কোনও একটা দলের সঙ্গে যুক্ত হলে স্ট্রেস কমে। ভালো সময় কাটানোর সম্ভাবনা বাড়ে।

লিখে রাখুন : স্ট্রেসের কারণ যেটা, সেটা লিখে ফেলুন। মনোবিদরা বলেন, স্ট্রেস নিয়ে লেখার সময় যেহেতু আপনাকে যুক্তিসঙ্গত ব্যাখা দিতে হয়, তাই স্ট্রেসের কারণটা আরও বেশি পরিষ্কার হয়ে যায় আপনার কাছে। তাই তাদের মত, যেটা নিয়ে মানসিক চাপ হচ্ছে, সেটা লিখে রাখুন। তাতেই চাপের অর্ধেকটা কমে যাবে।

মারাত্মক রোগ থেকে সহজেই মুক্তি মিলবে চিংড়ি মাছ খেলে



যদিও চিংড়ি একটি মাছ নয়, একটি পোকা, তবুও আমরা একে চিংড়ি মাছ হিসেবেই চিনে থাকি। যারা মাছ খেতে পছন্দ করেন না তারাও চিংড়িমাছ বেশ মজা করেই খেয়ে থাকেন। সকলের কাছেই চিংড়ির তৈরি খাবার অনেক পছন্দের। কিন্তু আপনি জানেন কি? শুধু স্বাদই নয় চিংড়ির রয়েছে অসাধারণ স্বাস্থ্য উপকারিতা। চিংড়ি মাছ খাওয়ার অভ্যাস প্রায় ১০ ধরণের শারীরিক সমস্যা থেকে মুক্তি দিতে পারে। এবং মারাত্মক কিছু রোগ থেকেও মুক্তি দিয়ে থাকে। তবে যাদের চিংড়ি মাছে অ্যালার্জি রয়েছে তারা এর থেকে দূরে থাকুন। ১) ক্যান্সার প্রতিরোধ করে : চিংড়ি মাছে প্রায় ৫৭ শতাংশ সেলেনিয়াম থাকে। মাত্র ১০০ গ্রাম চিংড়ি মাছ থেকে অনেকটা সেলেনিয়াম পাওয়া সম্ভব। ইন্সটিটিউট বফ ফুড রিসার্চের গবেষকগণের মতে এই সেলেনিয়াম দেহে ক্যান্সারের কোষ গঠনে বাঁধা প্রদান করে থাকে। এই চিংড়িমাছের সেলেনিয়ামের সাথে ব্রকলি, পাতাকপি, ফুলকপির সালফোরাফেইনের মিশ্রণ এই প্রতিরোধ আরও বাড়িয়ে তোলে। ২) রক্তস্বল্পতা দূর করে : চিংড়িমাছ আমাদের দেহের ভিটামিন বি১২ এর চাহিদা প্রায় ২৫ শতাংশ দূর করে। এবং দেহের রক্তের হিমোগ্লোবিনের মাত্রা অর্থাতরক্তের লাল কণিকা বৃদ্ধিতে সহায়তা করে। এতে করে রক্তস্বল্পতা দূর হয়। ৩) শারীরিক দুর্বলতা কাটায় : অনেকেই নানা সময় শারীরিক দুর্বলতায় ভুগে থাকেন যার পেছনে দেহে আয়রনের ঘাটতি দায়ী থাকে। চিংড়ি মাছ আমাদের দেহের ১৭ শতাংশ আয়রনের চাহিদা পূরণ করে এবং এনার্জি সরবরাহ করে। এতে করে শারীরিক দুর্বলতা কেটে যায়। ৪) হাড়ের ক্ষয় রোধ করে : চিংড়ি মাছের মধ্যে রয়েছে প্রায় ১৪ শতাংশ ফসফরাস। চিংড়ি মাছ খাওয়ার অভ্যাস দেহের ফসসরাসের চাহিদা পূরণ করে যা হাড়ের ক্ষয় রোধ করে ও হাড়কে মজবুত করতে বিশেষভাবে সাহায্য করে।

আপনি কি পেটের মেদ কমাতে চান?



একবার ওজন বাড়লে নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। অনেকেই ওজন কমাতে বাড়িতে নিয়মিত শরীরচর্চা করেন। কেউ কেউ জিমেও যান। কিন্তু এই সব কিছুর আগে নিজের খাওয়া-দাওয়ার উপরে নজর দিতে হবে। যদি পেটে চর্বি জমতে থাকে, কিছুতেই উপকার পাওয়া না যায়, সে ক্ষেত্রে বিশেষ কিছু খাবার থেকে দূরে থাকতে হবে।

যেমন- ১. প্রক্রিয়াজাত মিটহট ডগ, বেকন, সসেজসহ সব ধরনের প্রক্রিয়াজাত মাংস এড়িয়ে যেতে হবে। এগুলি সবই উচ্চ ক্যালরি সম্পন্ন খাবার। এতে স্যাচুরেটেড ফ্যাটের পরিমাণও বেশি থাকে। এ কারণে হজম করতে সমস্যা হয়। আর ফ্যাট জমার পরিমাণও বাড়তে শুরু করে। ২. অতিরিক্ত অ্যালকোহল মেদ বাড়াতে সাহায্য করে। কারণ অতিরিক্ত মাত্রায় অ্যালকোহল শরীরে গেলে মৌল বিপাকীয় হার প্রভাবিত হয়। এটি শরীরের মেদ ঝরানোর ক্ষমতা কমিয়ে দেয়। ফলে মেদ বাড়তে থাকে। ৩. প্রক্রিয়াজাত খাবার বিশেষ করে হোয়াইট ব্রেড, হোয়াইট রাইস, সিরিয়াল, স্যুপ, আলুর চিপস, বিস্কুট, কুকিজ বা এই জাতীয় খাবারের ব্যাপারে সচেতন থাকতে হবে। এসব খাবারে ফাইবার, ভিটামিন থাকে। তবে প্রচুর মাত্রায় চিনি, লবণ , তেল ও ক্যালরিও থাকে। এ কারণে এসব খাবার পরিমাণে বেশি খেলে স্বাভাবিকভাবে শরীরে ফ্যাটের পরিমাণ বাড়তে থাকে। এর পাশাপাশি কর্ন সিরাপ, সোডা, নানা ধরনের কেক খাওয়া থেকেও বিরত থাকতে হবে।৪. প্রক্রিয়াজাত খাবারের মতো তেলেভাজা খাবারও শরীরের জন্য ক্ষতিকর। এগুলি দ্রুত হারে মেদ বাড়ায়। কারণ এই ধরনের খাবারে তেল ও ফ্যাটের পরিমাণ খুব বেশি। তাই হজমেও সমস্যা হয়। অনেক সময়ে বদহজম ও অ্যাসিডিটি দেখা যায়। আর দিনের পর দিন এই ফ্যাট জমা হলে পেটের চর্বি বাড়তে থাকে।

গরমে কিডনিতে পাথর হওয়ার ঝুঁকি বেড়ে যায় কেন



কিডনির বিভিন্ন সমস্যায় ভোগেন অনেকেই। এর মধ্যে কিডনিতে পাথর হওয়ার সমস্যায় বেশিরভাগ মানুষ ভোগেন। বিশেষজ্ঞদের মতে, প্রস্রাবে ক্যালসিয়াম অক্সালেট বা ক্রিস্টাল একত্রে মিশে কিডনিতে পাথরের সৃষ্টি হয়।

কিডনিতে জমে থাকা ছোট পাথরগুলো মূত্রের সঙ্গে বেরিয়ে যায়। তবে বড় পাথরগুলো মূত্রনালি দিয়ে যাওয়ার সময় তীব্র যন্ত্রণার কারণ হয়ে দাঁড়ায়।

বিশেষজ্ঞদের মতে, পর্যাপ্ত জল না পান করার ফলে কিডনিতে পাথর হওয়ার ঝুঁকি বেড়ে যায়। আবার বংশগত কারণেও এই রোগ হতে পারে। কিডনিতে পাথর হলে মূত্রনালির যে কোনো অংশ প্রভাবিত হয়। প্রস্রাবের রং হলুদ থেকে লালচে হলে বা বমি বমি ভাব দেখা দেওয়া কিডনি স্টোনের লক্ষণ। ন্যাশনাল সেন্টার ফর বায়োটেকনোলজি ইনফরমেশন (এনসিবিআই) দ্বারা পরিচালিত ২০১৪ সালের ইউএস সমীক্ষাসহ বেশ কয়েকটি গবেষণা অনুসারে, গরমে শরীর বেশি জলশূন্য হয়ে পড়ে। ফলে কিডনি স্টোনের ঝুঁকিও বেড়ে যায়।

গরমে কেন বাড়ে কিডনির সমস্যা? গরমে শরীর থেকে অতিরিক্ত ঘাম বের হওয়া ও মূত্রের মাধ্যমে জল বের হয়ে যায়। এ সময় যদি আপনি শরীরের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত জল পান না করেন তাহলে জলশূন্যতায় ভুগবেন। যা কিডনিতে পাথরের সৃষ্টি করে।

কিডনির পাথর অপসারণের ক্ষেত্রে চিকিতকরা দুটি পদ্ধতি অবলম্বন করেন। পাথর ছোট হলে ডাক্তার রোগীকে তা গলানোর জন্য ওষুধ খাওয়ার পরামর্শ দেন। আর সঙ্গে পাথরের আকার বেড়ে গেলে অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণ করা হয়। কিডনি স্টোনের লক্ষণ কী কী?

প্রস্রাব করার সময় ব্যথা ও যন্ত্রণা প্রস্রাবের সঙ্গে রক্ত যাওয়া তলপেটে অসহ্য ব্যথা বমি বমি ভাব ও বমি প্রতিরোধে করণীয় কিডনির পাথর এড়াতে অবশ্যই দৈনিক ৩-৪ লিটার জল পান করা জরুরি। যারা গরমে দিনের বেলায় বাইরে কাজ করেন তাদের উচিত আরও বেশি জল পান করা। চিকিতকের মতে, কিডনি রোগীদের উচিত তাদের রক্তচাপ স্বাভাবিক রাখা। এর পাশাপাশি কিছু খাবার কেম পরিমাণে গ্রহণ করতে হবে। যেমন- চিনাবাদাম, পালং শাক, বিটরুট, চকলেট, বেশি প্রোটিন খাওয়া, জাঙ্ক ফুড, টিনজাত খাবার, আস্ত শস্যদানা, টমেটো বীজ, বেগুন, কাঁচা চাল, বিউলি, ছোলা, ঠান্ডা পানীয়, মাংস, অতিরিক্ত লবণ ইত্যাদি খাবার এড়িয়ে চলা ভালো।

কুকুর কামড়ালে প্রথমেই যা যা করবেন

রাস্তা দিয়ে চলবার সময় অসাবধাণতার কারণে কামড়ে বসতে পারে কুকুর। কিন্তু হঠাৎ কুকুর কামড়ালে, মাথায় কিছুই আসে না। তাছাড়া ডাক্তারের চেম্বার যদি হয় দূরে তবে তো কথাই নেই। এমন পরিস্থিতিতে প্রথমে কী করবেন সেটি জানা অবশ্যই দরকার?

কুকুর কামড়ানোর পরেই কয়েকটি পদক্ষেপ নেওয়া জরুরি।

কুকুর কামড়ালে র্যাবিস নামক এক ধরনের জীবাণু শরীরে প্রবেশ করে। তার থেকে জলাতঙ্ক রোগ হতে পারে।

পরিসংখ্যান বলছে, প্রতি বছর বিশ্বে হাজার হাজার মানুষ জলাতঙ্কে প্রাণ হারান। ফলে কুকুর কামড়ানোর পর সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে হবে। যাতে জলাতঙ্কে আক্রান্ত না হয়ে পড়েন।

চলুন দেখে নেওয়া যাক কুকুর কামড়ালে প্রথমে কী করা উচিত

যে অংশে কুকুর দাঁত বসিয়েছে বা আঁচড়েছে, সে জায়গাটি ভাল করে ধুয়ে নিন। গরম জল ব্যবহার করলে ভাল। তা হলে সব রকম জীবাণু সেখান থেকে ধুয়ে যাবে। পারলে সেখানে একটু অ্যান্টিসেপ্টিক কোনও দ্রব্য লাগান। তারপর অংশটি ব্যান্ডেজ করে রাখুন।

বাড়িতে অ্যান্টিসেপ্টিক কিছু না থাকলে গোলমরিচ গুঁড়ো লাগাতে পারেন। কষ্ট হবে। কিন্তু বিষ নষ্ট হয়ে যাবে। পেঁয়াজের রস, আখরোট বাটা, মধু আর নুন দিয়ে একটি পেস্ট বানাতে পারেন। তা ক্ষতের জায়গায় লাগান। তারপর ব্যান্ডেজ করে রাখুন।

সর্ষের তেলও বেশ কার্যকর এ ক্ষেত্রে। ক্ষতস্থানে সর্ষের তেল লাগালে জ্বালা করতে পারে ঠিকই, কিন্তু এতে আছে প্রচুর পরিমাণ অ্যান্টি-অক্সিড্যান্ট। তা ক্ষত সারাতে সক্ষম।

আক্রান্ত স্থানে হলুদ বাটাও দিতে পারেন। এর অ্যান্টিসেপ্টিক গুণ তাড়াতাড়ি ক্ষতস্থানের আশপাশে থাকা জীবাণু নষ্ট করে দিতে পারে।

পেঁপে কাদের জন্য ক্ষতিকর

পেঁপে খাওয়া শরীরের জন্য খুবই ভাল। চিকিৎসকরা প্রতিদিনের ডায়েটে পেঁপে রাখতেও বলেন। যারা ওজন কমাতে চান, কিংবা লিভার ভাল রাখতে চান তাদের তো পেঁপে খেতেই হবে। কিন্তু জানেন, পেঁপে খাওয়া ভাল হলেও, তা সবার জন্য ভাল নয়। চিকিতকদের কথায়, পেঁপে বেশ কিছু রোগকে বাড়িয়ে দিতে পারে।

১) গর্ভবতী নারীদের পেঁপে খাওয়া একেবারেই উচিত নয়। তা পাকা হোক বা কাঁচা। পেঁপেতে রয়েছে ল্যাটেক্স এবং প্যাপেইন। যা জরায়ু সংকোচনের কারণ হতে পারে। তাই অন্তঃসত্ত্বা হলে পেঁপে এড়িয়ে চলাই উচিত।

২) যাদের অনিয়মিত হৃদস্পন্দনের সমস্যা রয়েছে তাদের একেবারেই পেঁপে খাওয়া উচিত নয়। বেশি পরিমাণ পেঁপে খেলে হৃদরোগ হওয়ার অশংকা বেড়ে যায়।

৩) কিডনিতে পাথর থাকলে পেঁপে এড়িয়ে যাওয়াই ভাল। কারণ, পেঁপেতে প্রচুর পরিমাণ ভিটামিন সি থাকে। ভিটামিন সি অত্যধিক গ্রহণের ফলে ক্যালসিয়াম অক্সালেট কিডনিতে পাথর তৈরি করতে পারে।

৪) বিশেষজ্ঞদের কথায়, ব্লাডসুগার নিয়ন্ত্রণে পেঁপে দারুণ কাজ করে। তবে যাদের হাইপোগ্লাইসোমিয়ার সমস্যা রয়েছে অর্থাতরক্তে শর্করার পরিমাণ কম তারা পেঁপে থেকে দূরেই থাকুন। পেঁপের মধ্যে থাকে অ্যান্টি-হাইপোগ্লাইসেমিক বা গ্লুকোজ কমানোর উপাদান।

৫) চিকিৎসকদের মতে, যে কোনও ফল খাওয়াই শরীরের জন্য ভাল। তবে প্রত্যেকটি ফলেরই রয়েছে সাইড এফেক্টস। তাই একটু বুঝে শুনে ফল খেলেই উপকার হবে। প্রয়োজনে চিকিৎসকের সঙ্গে পরামর্শ নেওয়া উচিত।

ওষুধ সেবনের সময় ভুলেও খাবেন না এই খাবারগুলো

শুধু ওষুধ খেলেই তো আর হবে না, কিছু নিয়ম মানার প্রয়োজন রয়েছে। অনেক সময় মাথা ব্যথা করে, আপনার পেইনকিলার খেয়ে বসে থাকি। অথচ কাজ করে না। তখন আমরা ওষুধের দোষ দেই। কিন্তু আসল সমস্যা হচ্ছে ওষুধের সঙ্গে অনেক খাবার না খাওয়া ভালো। খেলে ওষুধের কার্যকারিতা হিতে বিপরীতও হতে পারে। সেক্ষেত্রে ওইসব ফল খাওয়া থেকে বিরত থাকুন।

জেনে নেই খাবারগুলো কি কি।

কলা : আপনি যদি রক্তচাপ নিয়ন্ত্রণের ওষুধ খেয়ে থাকেন, তবে পটাশিয়াম যুক্ত ফল কম পরিমাণে খাওয়া উচিত। কলা পটাশিয়ামের অনেক ভাল উত। রক্তচাপের ওষুধের সাথে কলা কম খাওয়া উচিত। অতিরিক্ত কলা খাওয়া হার্ট বিট বৃদ্ধি করে বুক ধড়ফড় বাড়িয়ে দিয়ে থাকে।

অ্যালকোহল : আপনি যদি ডায়াবেটিস, অ্যানথিস্টামিনস অথবা অন্য কোন পেইন কিলার খেয়ে থাকেন তবে অ্যালকোহল পান করা থেকে বিরত থাকুন। এই ওষুধগুলোর সাথে আপনি যখন অ্যালকোহল পান করবেন, তখন লিভারের কার্যক্ষমতা হ্রাস পাবে। অ্যালকোহল শরীরের মিশিয়ে নিতে লিভারকে অনেক বেশি কাজ করতে হয়। লিভারের এই অতিরিক্ত কাজ করার জন্য শরীরে অভ্যন্তরীণ কোন অঙ্গও হানি হতে পারে।

সবুজ শাক সবজি : রক্ত ঘন অথবা রক্ত বৃদ্ধি করার সবচেয়ে ভাল এবং কার্যকরী উপায় হল শাক সবজি যেমন পালং শাক, ব্রকলি ইত্যাদি খাবার খাওয়া। এই সবজিগুলোতে ভিটামিন কে রয়েছে যা রক্ত পরিষ্কার করে ঘন করতে সাহায্য করে। কিন্তু আপনি যদি রক্ত বৃদ্ধি করার ওষুধ খেয়ে থাকেন তবে শাক সবজি খুব বেশি পরিমাণে না খাওয়াই ভাল।

যষ্টিমধু : আপনি যদি হার্টের রোগী হয়ে থাকেন, তবে যষ্টিমধু খাওয়া থেকে বিরত থাকুন। এই খাবারটি রক্তে পটাশিয়াম পরিমাণ হ্রাস করে দেয়। পটাশিয়াম লেভেল কমে যাওয়ার কারণে রোগী দুর্বলবোধ করে এবং হার্টবিট অনিয়মিত হয়ে পড়ে।

জাম্বুরা : জাম্বুরায় থাকা উপাদানগুলো শরীরের স্টায়াটিন ভেঙ্গে দিয়ে থাকে। এটি রক্তচাপ কমিয়ে দিতে সাহায্য করে। তাই প্রেশারের রোগীদের জাম্বুরা একটি সীমা পর্যন্ত খাওয়া উচিত।

দুধ : কিছু অ্যান্টিবায়োটিক যেমন টেট্রাসাইক্লিন, কিপ্রোফ্লোক্সাসিন এবং অস্টিওপরোসিস সমৃদ্ধ কিছু অ্যান্টিবায়োটিকের সাথে দুধ খাওয়া উচিত নয়। এই অ্যান্টিবায়োটিকগুলোর সাথে দুধ পান করলে অনেক সময় এইগুলো ব্যাকটেরিয়া ধ্বংস করতে এর কার্যকারিতা কমে যায়।

লেবু : ডেক্সথ্রোমেথফেইন জাতীয় কাশির ওষুধের সাথে লেবু জাতীয় ফল খাওয়া উচিত নয়। লেবুতে থাকা অ্যাসিড এই ওষুধের সাথে মিশিয়ে আপনাকে আরও বেশি ক্লান্ত, তন্দ্রালু করে তুলবে।

আপনি কি ব্যবহৃত চা পাতার চমক জানতে চান?

চা তৈরি করার পর অনেকেই পাত্রে জমে থাকা চা পাতা ফেলে দেন ডাস্টবিনে। অবশ্য অনেকেই এ চা কাজে লাগান গাছের সার হিসেবে। তবে সেই চা পাতা হতে হবে চিনি ছাড়া। না হলে গাছ নষ্ট হয়ে যাবে। তবে সার ছাড়া আরও অনেক কাজে লাগে এ চা পাতা। ১) চায়ের পাতায় রয়েছে অ্যান্টি ওক্সিডেন্ট। শরীরে আঘাত লাগলে বা জখম হলে সেখানে চা পাতা সিদ্ধ লাগিয়ে দিলে উপশম হবে। ২) সারাদিন কম্পিউটারের সামনে থাকেন? সিদ্ধ হওয়া চা পাতা ভাল করে ঠান্ডা করে নিন। একটা পরিষ্কার কাপড়ে ব্যবহার হওয়া চা পাতা নিয়ে চোখে হালকা করে ঠান্ডা সেঁক দিন। দেখবেন চোখের ক্লান্তি দূর হবে। ৩) ব্রণের সমস্যায় ভুগছেন? ব্যবহার হওয়া চা কিছুক্ষণ পরিষ্কার জলে ভিজিয়ে রাখুন। তারপর সেই জল তুলা ভিজিয়ে মুখ মুছে নিন। সপ্তাহে অন্তত তিন দিন করুন। দেখবেন সমস্যা দূর হবে। ৪) বাড়ির কাঠের আসবাবপত্র দীর্ঘদিন মজবুত রাখতে চা পাতার জুড়ি মেলা ভার। ব্যবহার হওয়া চায়ের পাতাকে ফের সিদ্ধ করুন। যে লিকারটি তৈরি হবে, তা দিয়ে আসবাবপত্র নিয়মিত মুছলে বেশিদিন টিকবে এবং চকচকেও থাকবে। ৫) জুতোয় দুর্গন্ধ হচ্ছে? গ্রিন টির পাতা একটি পাতলা কাপড়ের মধ্যে পুরে জুতোর ভেতরে রেখে দিন। টানা ২৪ ঘণ্টা এভাবে রেখে দিলে দেখবেন জুতোর দুর্গন্ধ দূর হয়ে গেছে। ফ্রিজের ভিতরে দুর্গন্ধ হলেও একটি ছোট পাত্রে ব্যবহার হওয়া চা পাতা রেখে ফ্রিজে মধ্যে রাখুন। দেখবেন ফ্রিজ ফ্রেশ থাকবে।

শরীর সুস্থ রাখতে মেয়েদের বিশেষভাবে খাওয়া উচিত

সুস্থতার জন্য স্বাস্থ্যকর ও সুষম ডায়েট প্রত্যেকের জন্যই জরুরি। তবে এমনকিছু খাবার রয়েছে যা প্রত্যেক নারীর জন্য বেশি জরুরি। এগুলো শুধু নারীর স্বাস্থ্যের জন্য উপকারীই নয়, পাশাপাশি এগুলো অনেক ধরনের অসুস্থতা থেকে রক্ষা করবে। চলুন জেনে নেয়া যাক তেমনই পাঁচটি খাবারের কথা-

পালং শাক- পালংশাক আপনার কাছে লোভনীয় মনে নাও হতে পারে। তবে পালং শাকের মধ্যে প্রচুর খনিজ এবং ভিটামিন রয়েছে। তাই এটি না খাওয়ার কারণে আপনি অনেক উপকার থেকে বঞ্চিত থেকে যেতে পারেন। পালং শাক ম্যাগনেসিয়ামযুক্ত, যা পিএমএসের লক্ষণ হ্রাস করে। পালং শাক হাড়ের স্বাস্থ্যও ভালো রাখে। রক্তে শর্করাকে নিয়ন্ত্রণে রাখে এবং হাঁপানির আক্রমণের ঝুঁকি কমায়।

ফ্লেক্স সিড বা তিসি- এতে আছে ওমেগা ৩ ফ্যাটি অ্যাসিড যা আপনার হার্ট এবং রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণের জন্য দুর্দান্ত। শক্তিশালী অ্যান্টি-ইনফ্লেমেটরি বৈশিষ্ট্যসহ, প্রতিদিন তিসি বীজ খাওয়া আপনার স্বাস্থ্যের জন্য দুর্দান্ত। নিরীহ দেখতে এই বীজ আপনার খিটখিটে মেজাজ দূর করে মন ভালো করে দিতে পারে।

ক্র্যানবেরি- দেখতে সুন্দর, খেতেও সুস্বাদু। এছাড়াও ক্র্যানবেরি আপনাকে হৃদরোগ এবং দাঁত ক্ষয় থেকে বাঁচায়। এই ফলটি কিছুটা হলেও মূত্রনালীর সংক্রমণ থেকে রক্ষা করতে পারে। ফাইটোনিউট্রিয়েন্টসে ভরপুর এই ফলের অ্যান্টিঅক্সিডেন্ট এবং অ্যান্টি-ইনফ্লেমেটরি বৈশিষ্ট্য আপনাকে অনেক রকম অসুস্থতা থেকে রক্ষা করে।

টমেটো- টমেটো বেশিরভাগ বাড়িতেই খাওয়া হয় যদিও অনেকে এই ফলের উপকারিতা সম্পর্কে তেমন জানেন না। এক গবেষণায় বলা হয়েছে যে, টমেটো স্তন ক্যান্সার এবং হৃদরোগের সংক্রমণ হ্রাস করে। এটি হাড়ের স্বাস্থ্যের উন্নতি করে এবং কোলেস্টেরল কমাতে সহায়তা করে।

বাংলাদেশের প্রতিরক্ষা খাতে যৌথ উন্নয়নের প্রস্তাব ভারতের

মনির হোসেন,ঢাকা,মার্চ ০৫।। ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা বাংলাদেশ সশস্ত্র বাহিনীকে ভারতের সাশ্রয়ী ও উচ্চমানের প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি থেকে উপকৃত হওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। তিনি একই সঙ্গে প্রতিরক্ষা খাতে যৌথ উন্নয়ন ও উৎপাদনের প্রস্তাব দিয়েছেন।

রবিবার রাজধানী ঢাকার হোটেল রেডিসনে আয়োজিত এক সেমিনারে এ প্রস্তাব দেন তিনি। বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রতিরক্ষাখাতে সহযোগিতার উদ্যোগের অংশ হিসেবে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন 'সেমিনার অন ইন্ডিয়ান ডিফেন্স ইকুইপমেন্ট (এসআইডিই)' শিরোনামে সেমিনারের আয়োজন করে। ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা ও বাংলাদেশ সেনাবাহিনীর চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) লেফটেন্যান্ট জেনারেল আতা-উল হাকিম সারওয়ার হাসান সেমিনারে মূল বক্তব্য দেন। সরকারি ও বেসরকারি খাতের গুরুত্বপূর্ণ ভারতীয় প্রতিরক্ষা পণ্য নির্মাতারা সেমিনারে অংশ নিয়ে তাদের প্রতিরক্ষা পণ্য ও প্ল্যাটফর্মসমূহের ওপর উপস্থাপনা করেন। বাংলাদেশ সশস্ত্র বাহিনী, আধা-সামরিক বাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা এতে উপস্থিত ছিলেন।

ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা উদ্বোধনী বক্তব্যে বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রতিরক্ষা-শিল্প খাতে সহযোগিতাকে প্রতিরক্ষা অংশীদারত্বের একটি উদীয়মান কেন্দ্রবিন্দু হিসেবে চিহ্নিত করেন। তিনি আমাদের প্রধানমন্ত্রীর 'মেক ইন ইন্ডিয়া, মেক ফর দ্য ওয়ার্ল' দৃষ্টিভঙ্গি কর্তৃক পরিচালিত গত প্রায় এক দশকে ভারতীয় প্রতিরক্ষাশিল্পের অর্জনসমূহ তুলে ধরেন। তিনি বাংলাদেশ সরকারকে ভারত সরকার কর্তৃক প্রদত্ত ৫০০ মিলিয়ন মার্কিন ডলারের ডিফেন্স লাইন অব ক্রেডিটের মাধ্যমে প্রতিরক্ষা আধুনিকীকরণে বাংলাদেশের সঙ্গে অংশীদারত্বের জন্য ভারতের প্রস্তুতির কথা ব্যক্ত করেন। উভয় পক্ষের প্রতিরক্ষাশিল্পকে এই ব্যবস্থার পূর্ণ সুবিধা নেওয়ার আহ্বান জানান। বাংলাদেশের সিজিএস লেফটেন্যান্ট জেনারেল হাসান ভারতের প্রতিরক্ষা উৎপাদনক্ষমতার প্রশংসা করেন এবং প্রতিরক্ষা-শিল্পে আরও ঘনিষ্ঠ অংশীদারত্বের জন্য দুই পক্ষের মধ্যে সহযোগিতার প্রস্তাব দেন।

আন্তর্জাতিক নারী দিবস : মেগা ওয়াকাথন ইভেন্টের আয়োজন করল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নতুন দিল্লিতে রবিবার একটি মেগা ওয়াকাথন ইভেন্ট-এর আয়োজন করেছে। পদযাত্রাটি দিল্লির বিজয় চক থেকে শুরু হয়ে নির্মাণ ভবনে গিয়ে শেষ হয়। উৎসাহী অংশগ্রহণকারীরা অত্যন্ত উৎসাহের সঙ্গে এবং বিপুল সংখ্যায় অংশগ্রহণ করেছিলেন।

এই ইভেন্টে ৫০০ জনেরও বেশি মানুষ অংশগ্রহণ করেছেন এবং উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, মানসিক অসুস্থতা এবং ক্যান্সারের মতো জীবনধারা স্বাস্থ্য-সম্পর্কিত রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য স্বাস্থ্যকর এবং সক্রিয় জীবনযাপন গ্রহণের প্রতিশ্রুতি দিয়েছেন। শারীরিক ও মানসিক সুস্থতা এবং পরিবেশ-বান্ধব পরিবহন প্রচারের জন্য রবিবার সারাদেশে জেলা সদরে সাইক্লিং ইভেন্টেরও আয়োজন করা হয়েছে। সাইক্লাথন নামক ইভেন্টটি 'স্বাস্থ্যকর মহিলা সুস্থ ভারত' থিমের অধীনে আয়োজিত হয়েছিল।

পরিযায়ী শ্রমিকদের ওপর হামলা বরদাস্ত করবে না বিহার ও তামিলনাড়ু সরকার : তেজস্বী যাদব

পাটনা, ৫ মার্চ (হি.স.): পরিযায়ী শ্রমিকদের ওপর হামলা বরদাস্ত করবে না বিহার ও তামিলনাড়ু সরকার। বললেন বিহারের উপ-মুখ্যমন্ত্রী তেজস্বী যাদব। রবিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তেজস্বী যাদব বলেছেন, বিহার সরকার এ ব্যাপারে অত্যন্ত উদ্বিগ্ন। তাই তামিলনাড়ুতে একটি টিম পাঠানো হয়েছে। বিহার এবং তামিলনাড়ু, উভয় সরকারই এটি সহ্য করবে না।

তেজস্বী যাদব আরও বলেছেন, একটি সংবাদপত্রে উল্লেখ করা হয়েছে যে, বিহারের বিজেপি সভাপতি তামিলনাড়ুর বিজেপি প্রধানকে ফোন করেছিলেন যিনি তাঁকে বলেছেন, তামিলনাড়ুতে এমন কোনও ঘটনা ঘটেনি। আমাদের সরকার সত্য অনুসন্ধানে একটি দল পাঠিয়েছে। তামিলনাড়ুর কিছু জেলা পরিযায়ী শ্রীমিকদের জন্য হেল্পলাইন নম্বর জারি করেছে। কেন্দ্রের বিরুদ্ধে তোপ দেগে তেজস্বী বলেছেন, আপনারা কী এই বিষয়ে ভারত সরকারের কোনও উদ্বেগ দেখতে পাচ্ছেন? দুই রাজ্যের মধ্যে এই বিষয়টি সমাধানের জন্য ভারত সরকারের পদক্ষেপ নেওয়া উচিত।

৬ মার্চ শুরু হচ্ছে নৌ কমান্ডারদের সম্মেলনের প্রথম সংস্করণ, এই প্রথমবার আইএনএস বিক্রান্ত-এ হবে অনুষ্ঠান

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): চলতি বছরের নৌ কমান্ডার্স কনফারেন্সের প্রথম সংস্করণ ৬ মার্চ, সোমবার শুরু হচ্ছে। এই সম্মেলন নৌ-কমান্ডারদের সামরিক-কৌশলগত স্তরে গুরুত্বপূর্ণ নিরাপত্তা বিষয় নিয়ে আলোচনা করার পাশাপাশি একটি প্রাতিষ্ঠানিক ফোরামের মাধ্যমে সরকারের সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করবে। কমান্ডারদের সম্মেলনের প্রথম পর্বটি সমুদ্রে অনুষ্ঠিত হচ্ছে এবং প্রথমবারের মতো ভারতের প্রথম দেশীয় বিমানবাহী রণতরী, আইএনএস বিক্রান্ত-এ হবে এই সম্মেলন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উদ্বোধনী দিনে আইএনএস বিক্রান্তের জাহাজে নৌ-অধিনায়কদের উদ্দেশে ভাষণ দেবেন। চিফ অফ ডিফেন্স স্টাফ এবং ভারতীয় সেনা ও ভারতীয় বিমান বাহিনীর প্রধানরাও পরবর্তী দিনগুলিতে নৌ কমান্ডারদের সঙ্গে মতবিনিময় করবেন।

তিলজলা রোডে চামড়ার কারখানায় বিধ্বংসী আগুন, দমকলের তৎপরতায় আয়ত্তে

কলকাতা, ৫ মার্চ (হি.স.): কলকাতার তিলজলা রোডে আগুন লাগল একটি চামড়ার কারখানায়। শনিবার রাত ১২টা নাগাদ তিলজলা রোডের পাঞ্জাবি পাড়ায় ওই কারখানা থেকে গলগল করে কালো ধোঁয়া বেরোতে দেখেন স্থানীয় বাসিন্দারা। দ্রুত আগুনের গ্রাসে চলে যায় গোটা কারখানা। স্থানীয়রাই প্রথমে আগুন নেভানোর কাজে হাত লাগান।

খবর পাওয়ার পর আগুন নেভাতে আসে দমকলের ৩টি ইঞ্জিন। দমকলের ৩টি ইঞ্জিনের ঘণ্টা দেড়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন লাগার কারণ এখনও জানা যায়নি। এই অগ্নিকাণ্ডে প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।

লাডলি বেহনা কর্মসূচির সূচনা মধ্যপ্রদেশে, প্রতি মাসে ১ হাজার টাকা পাবেন মহিলারা

ভোপাল, ৫ মার্চ (হি.স.): নারীদের আর্থিক ক্ষমতায়নের লক্ষ্যে মধ্যপ্রদেশ সরকার রবিবার একটি বিশেষ কর্মসূচির সূচনা করছে। 'লাডলি বেহনা' নামে এই প্রকল্পে ২৩ থেকে ৬০ বছরের মহিলাদের একাউন্টে প্রতি মাসে এক হাজার টাকা করে দেওয়া হবে। ভোপালের জাম্বোরি ময়দানে আজ এক সমাবেশে মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান এই প্রকল্পের সূচনা করেন। এক লক্ষ মহিলা জনসমাবেশে উপস্থিত থাকবেন বলে খবর।

মধ্যপ্রদেশ সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, ২৩ থেকে ৬০ বছর বয়সী মহিলা যাদের ৫ একরের কম জমি এবং বার্ষিক আয় ২.৫ লক্ষ টাকার কম তাঁদের প্রতি মাসে ১ হাজার টাকা দেওয়া হবে। আগামী ১৫ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত স্কিমের জন্য আবেদনগুলি পূরণ করা হবে, ১০ জুন থেকে অর্থ বিতরণ শুরু হবে।

বাঁকুড়ায় ডাম্পারের ধাক্কায় মৃত্যু সাইকেল আরোহীর, ৬০ নম্বর জাতীয় সড়ক অবরুদ্ধ করে বিক্ষোভ

বাঁকুড়া, ৫ মার্চ (হি.স.): ডাম্পারের ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যুকে ঘিরে উত্তেজনা ছড়াল বাঁকুড়ার গঙ্গাজলঘাটির ধবনী এলাকায় তুলকালাম। দুর্ঘটনার মৃত্যুর প্রতিবাদে রবিবার সকালে ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে ঘণ্টাদুয়েক বিক্ষোভ দেখান মৃতের আত্মীয় ও গ্রামবাসীরা। মৃত সাইকেল আরোহীর নাম-শ্যামাপদ মাজি। ঘটনার পরই উত্তেজিত এলাকাবাসী ক্ষতিপূরণের দাবিতে ধবনী মোড়ে ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভে সামিল হন। অবরোধের জেরে ব্যস্ততম ৬০ নম্বর জাতীয় সড়কে যান চলাচল স্তব্ধ হয়ে যায়। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে অমরকানন গ্রামীন হাসপাতালে পাঠায়।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গঙ্গাজলঘাটি থানার ধবনী গ্রামের বাসিন্দা পেশায় মাছ ব্যবসায়ী শ্যামাপদ মাজি অন্যান্য দিনের মতোই এদিন ভোরে নিজের সাইকেল নিয়ে ৬০ নম্বর জাতীয় সড়ক ধরে দুর্লভপুরে মাছ আনতে যাচ্ছিলেন। ঘটকগ্রামের কাছাকাছি মেজিয়া থেকে দুর্লভপুরগামী একটি ডাম্পার তাঁকে পিছন থেকে ধাক্কা মারে। হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মৃত্যু হয় বছর পঞ্চাশের ওই ব্যবসায়ীর।দুর্ঘটনার পরই সুযোগ বুঝে পালিয়ে যায় ডাম্পারের চালক।

গঙ্গাজলঘাটি থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে। দুর্ঘটনার খবর শ্যামাপদ মাজির গ্রামে পৌঁছতেই ঘাতক ডাম্পারটিকে আটক করা ও মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার দাবিতে ধবনী মোড়ে ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন গ্রামবাসী। দীর্ঘক্ষণ অবরোধ চলায় ৬০ নম্বর জাতীয় সড়কে তীব্র যানজট সৃষ্টি হয়। গঙ্গাজলঘাটি থানার পুলিশ অবরোধস্থলে পৌঁছলেও অবরোধকারীদের সরাতে বেশ বেগ পেতে হয়। ঘণ্টাদুয়েক বিক্ষোভ দেখান মৃতের আত্মীয় ও গ্রামবাসীরা।

তুনিশা শর্মা আত্মহত্যা মামলা: জামিনের পর জেল থেকে ছাড়া পেলেন অভিনেতা শীজান খান

থানে, ৫ মার্চ (হি.স.): জামিন পাওয়ার পর জেল থেকে ছাড়া পেলেন তুনিশা শর্মার আত্মহত্যায় প্ররোচনার অভিযোগে গ্রেফতার হওয়া অভিনেতা শিজান খান। তুনিশার মৃত্যুর পরের দিনই তুনিশা শর্মার মায়ের অভিযোগের ভিত্তিতে শীজান খানকে গ্রেফতার করে পুলিশ। প্রায় ২ মাস পর শনিবার মহারাষ্ট্রের পালঘর জেলার ভাসাইয়ের দায়রা আদালত শীজানকে জামিন দেয়। এক লক্ষ টাকা ব্যক্তিগত বন্ডের বিনিময়ে আদালত তাঁর জামিন মঞ্জুর করে। এছাড়াও শিজানের পাসপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে দায়রা আদালত। জামিন পাওয়ার পরবর্তী দিন, রবিবার জেল থেকে মুক্তি পেয়েছেন শীজান খান।

উল্লেখ্য, ভারতীয় দণ্ডবিধি অনুযায়ী ৩০৬ ধারায় তাঁর নামে মামলা রুজু করেছিল মহারাষ্ট্র পুলিশ। মহারাষ্ট্রের ভাসাই-এর আদালত প্রথমে তাঁকে ১৪ দিনের পুলিশ হেফাজতে থাকার নির্দেশ দেয়। পরবর্তীকালে তাঁকে জেল হেফাজতে থাকার নির্দেশ দেয় আদালত। থানের সেন্ট্রাল জেলেই এতদিন বন্দি ছিলেন শীজান। দুই মাস থানে সেন্ট্রাল জেলে থাকার পর রবিবার জামিনে মুক্তি পেয়ে বাইরে এলেন টিভি অভিনেতা শীজান খান।

মুক্তিযোদ্ধা ও ভাষা শহিদদের শ্রদ্ধাঞ্জলি

ব্যক্তিগত উদ্যোগে চট্টগ্রামের চাঁদগাঁওয়ে শহিদমিনার তৈরি করছেন শিল্পপতি সুকুমার চৌধুরী

চট্টগ্রাম (বাংলাদেশে), ৫ মার্চ (হি.স.) : মুক্তিযোদ্ধা ও ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ব্যক্তিগত উদ্যোগে চট্টগ্রামের চাঁদগাঁওয়ে শহিদমিনার তৈরি করে দিচ্ছেন বাংলাদেশ জন্মাষ্ঠমী পূজা পরিষদের সভাপতি, শিল্পপতি সুকুমার চৌধুরী। সম্প্রতি চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম চৌধুরীর উপস্থিতিতে এই শহিদমিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।

শহিদ মিনারটি নতুন করে নির্মাণ করতে চাঁদগাঁও ওয়ার্ডের নাগরিকদের দীর্ঘদিনের দাবি ছিল। কিন্তু দুর্ভাগ্যবশত এতদিন কেউ এগিয়ে আসেনি। শেষে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে এগিয়ে এসেছেন বাংলাদেশ জন্মাষ্ঠমী পূজা পরিষদের সভাপতি সুকুমার চৌধুরী।

এ বিষয়ে সুকুমার চৌধুরী বলেন, 'মানবতার সেবাই পরম ধর্ম। ভাষা হল আমাদের বাস্তব ও অধরা ঐতিহ্য সংরক্ষণ এবং বিকাশের সবচেয়ে শক্তিশালী যন্ত্র। একুশে ফেব্রুয়ারি সমস্ত বাংলাভাষী জনগণের গৌরবোজ্জ্বল একটি দিন। বাঙালি জাতি ভাষা আন্দোলনের জন্য সারা বিশ্বে পরিচিত। কারণ ভাষার জন্য প্রাণ দিয়েছে, এমন ঘটনা বিরল।' তাই ভাষা শহিদদের শ্রদ্ধা জানাতে শহিদমিনার তৈরি করার সুযোগ পাওয়ার জন্য তিনি নিজেকে ভাগ্যবান বলে মনে করেন।

প্রসঙ্গত, বিশিষ্ট শিল্পপতি আওয়ামিলিগ নেতা চট্টগ্রামের ৮ আসনের মনোনয়ন প্রত্যাশী। সারাজীবন মানুষের সেবা করে গেছেন সুকুমারবাবু। তিনি বলেন, 'চট্টগ্রাম-৮ আসনে বঙ্গবন্ধু-কন্যা যাঁকে মনোনয়ন দেবেন নৌকার বিজয় নিশ্চিত করার জন্য তাঁর হয়ে কাজ করে যাবেন।' তিনি আরও বলেন, 'আমি কোনও দিন পদ-পদবীর লোভ করিনি। বঙ্গবন্ধু এবং দেশরত্ন শেখ হাসিনার আওয়ামিলিগের একজন নিবেদিত কর্মী।' উল্লেখ্য, সুকুমার চৌধুরী কোভিড-১৯-কালে চট্টগ্রামের চাঁদগাঁও, মোহরা, কালুরঘাটের মানুষের কাছে ত্রাণসামগ্রী পৌঁছে দিয়ে দৃষ্টান্ত সাপন করেছেন। কিছুদিন আগেও পঞ্চগড়ে লঞ্চডুবির ঘটনায় সবকিছু হারিয়ে মানুষ যখন কর্মহীন হয়ে পড়েন, তখন সুকুমার চৌধুরী সেখানে ছুটে গিয়ে অসহায় মানুষদের জন্য ত্রাণ সামগ্রী নিয়ে যান এবং নগদ অর্থ বিতরণ করেন। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে নিরলসভাবে পরিশ্রম করেছেন রাষ্ট্রনায়ক শেখ হাসিনা। স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যেও কাজ করে যাচ্ছেন বঙ্গবন্ধু-কন্যা। বলেন, জাতীর জনক বঙ্গবন্ধু নিঃস্বার্থভাবে সারাজীবন সাধারণ মানুষের সেবা করে গেছেন। বঙ্গবন্ধু-কন্যা ও দেশরত্ন শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ উপহার দিয়েছেন, স্মার্ট বাংলাদেশ রূপান্তর করার জন্য কাজ করে যাচ্ছেন।

ইতোমধ্যে হাসিনা বাংলাদেশের জনগণের জন্য চালু করেছেন মেট্রোরেল, যা যানজট নিরসনে অভূতপূর্ব ভূমিকা রাখবে। পদ্মাসেতু ও চট্টগ্রামে কর্ণফুলি টানেল উপহার দিয়েছেন, মাতাবাড়ি কয়লা বিদ্যুৎকেন্দ্র সাপন করেছেন, রামপাল বিদ্যুৎ কেন্দ্র, চট্টগ্রামের দোহাজারি থেকে কক্সবাজার রেললাইন চালু করেছেন তিনি।

কিশনগঞ্জে আগুনে ভস্মীভূত বাড়ি, এসএসবি-র তরফে ত্রাণ সামগ্রী বিতরণ

কিশনগঞ্জ, ৫ মার্চ (হি.স.): কিশনগঞ্জের নেপাল সীমান্তের মোহমারী গ্রামে আগুনে পুড়ে গেল বসতবাড়ি শনিবার রাতের এই ঘটনায় এসএসবি জওয়ান ও স্থানীয়দের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্রিজেশ যাদবের পাশে দাঁড়ায় এসএসবি।

জানা গেছে, শনিবার রাতে কিশনগঞ্জের নেপাল সীমান্তের মোহমারী গ্রামের বাসীন্দা ব্রিজেশ যাদবের বাড়িতে আগুন লাগে। খবর পেয়ে এসএসবি-১২ নম্বর ব্যাটালিয়নের মোহমারী চৌকির ভারপ্রাপ্ত ইন্সপেক্টর দুখারাম পাঁচজন জওয়ান ও স্থানীয় লোকজনদের নিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। সময়মত উদ্ধার কাজের জন্য গ্রামের অন্যান্য বাড়িতে আগুন লাগেনি।

শট সার্কিটের থেকে আগুন লেগেছে বলে এসএসবি'র জানিয়েছে। ঘটনায় স্থানীয় লোকজনের কোনও হতাহতের খবর নাই। তবে ওই ব্যক্তির লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। রবিবার এসএসবি-র তরফে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

জলপাইগুড়ির লোকালয়ে হাতির হানা, যদিও কোনও ক্ষতি করেনি গজরাজ

চালসা, ৫ মার্চ (হি.স.): রবিবাসরীয় সকালে জলপাইগুড়ির লোকালয়ে দাপিয়ে বেড়াল গজরাজ। এদিন বিভিন্ন সময় হাতিগুলিকে খরিয়ার বন্দর, উত্তর ধূপঝোরা, পানঝোরার জঙ্গল সংলগ্ন এলাকায় দেখা যায়। যদিও হাতিটি কোনও ক্ষতি করেনি। খবর চাউর হতেই সংলগ্ন রিসোর্ট গুলোতে থাকা পর্যটকরাও ছুটে আসেন হাতি দেখতে।জানা গেছে, রবিবার ভোরে দুটি হাতি খরিয়ার বন্দর জঙ্গল থেকে বেরিয়ে মঙ্গলবারি বস্তির ফাঁকা কৃষি জমি হয়ে চলে যায় উত্তর ধূপঝোরা এলাকায়। সেখান থেকে একটি হাতি মূর্তি নদী পেরিয়ে পানঝোরার জঙ্গলে চলে গেলেও একটি হাতি রয়েই যায় খরিয়ার বন্দর জঙ্গলে।এদিন ভোরে হাতি দুটিতে অনেকেই কৃষি জমিতে ঘোরাঘুরি করতে দেখে। খবর চাউর হতেই সংলগ্ন রিসোর্ট গুলোতে থাকা পর্যটক সহ জনগণ ছুটে আসে হাতি দেখতে। কিন্তু ততক্ষণে হাতিটি মূর্তি নদী পেরিয়ে জঙ্গলে চলে যায়।

উল্লেখ্য, মাঝেমধ্যেই এলাকায় হাতি চলে আসে। রাতভর লোকালয়ে থাকার পর ভোরের আলো ফোটার আগেই হাতিগুলো ফের জঙ্গলে চলে যায়। তবে এদিন হাতি দুটি লোকালয়ে কোনও ক্ষতি না করায় সস্তিতে রয়েছে জনগণ।

বি সি রায় হাসপাতালে ফের মৃত্যু ২ শিশুর

কলকাতা, ৫ মার্চ (হি.স.): বি সি রায় শিশু হাসপাতাল শিশুমৃত্যুর ঘটনা অব্যাহত। ফের রাজ্যে প্রাণ গেল ২ শিশুর। রবিবার সকালে পরপর দুই শিশুর মৃত্যুর ঘটনায় বাড়ছে উদ্বেগ। হাজার সতর্কতামূলক পদক্ষেপ সত্ত্বেও ঠেকানো যাচ্ছে না শিশুমৃত্যু। প্রায় প্রতিদিনই লেগে রয়েছে প্রাণহানি। ফের রাজ্যে প্রাণ গেল দুই শিশুর। মৃতদের মধ্যে একজন উত্তর ২৪ পরগনার মিনাখার বাসিন্দা। চার মাস বয়সি ওই শিশুর মাসখানেক আগে পক্স হয়েছিল। গত মঙ্গলবার জ্বর, সর্দি, কাশি নিয়ে হাসপাতালে ভরতি হয়। শিশুটিকে ভেন্টিলেশনে রাখা হয়েছিল। তা সত্ত্বেও শেষরক্ষা হয়নি। রবিবার ভোর চারটে নাগাদ মৃত্যু হয় তার। আতিফা খাতুন নামে ১ বছর ৭ মাস বয়সি আরও একটি শিশুরও মৃত্যু হয়েছে। গত রবিবার জ্বর, সর্দি, কাশি নিয়ে হাসপাতালে ভরতি হয় সে। সপ্তাহখানেক ধরে চলে যমে-মানুষে টানাটানি। রবিবার সকাল ৬টা নাগাদ মৃত্যু হয় খুদের। শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয় দিল্লি, পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশের বিভিন্ন এলাকায় শুরু হয়েছে জ্বর, সর্দি-কাশির সংক্রমণ। যার নেপথ্যে ইনফ্লুয়েঞ্জা ভাইরাস। এরজন্য বিশেষজ্ঞরা দায়ী করেছেন ইনফ্লুয়েঞ্জার উপ প্রজাতি এইচ ৩ এন ২ ভাইরাসকে।

ইমরানকে ধরতে লাহোরে হাজির পুলিশ, বাড়ি ঘিরে রাখলেন বিপুল সংখ্যক পিটিআই সমর্থক

লাহোর, ৫ মার্চ (হি.স.): পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানকে গ্রেফতারি করা কেবল সময়ের অপেক্ষা। ইসলামাবাদ পুলিশ লাহোর পৌঁছে গিয়েছে। কিন্তু ইমরান খানের গ্রেফতারি ঠেকাতে মরিয়া ইমরানের পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) কর্মীরা। জামান পার্কের বাড়ির সামনে হাজির হাজার হাজার ইমরান সমর্থককে স্লোগান দিতেও শোনা গিয়েছে।

তোষাখানা মামলায় একাধিক বার আদালতের হাজিরা এড়ানোর অভিযোগ রয়েছে পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রীর বিরুদ্ধে। সেই মামলাতেই আদালতের নির্দেশ নিয়ে লাহোরে এসে পৌঁছেছে ইসলামাবাদ পুলিশ। ইসলামাবাদের একটি আদালতের অতিরিক্ত দায়রা বিচারক জাফর ইকবাল গত ২৮ ফেব্রুয়ারি প্রাক্তন প্রধানমন্ত্রীর বিরুদ্ধে জামিন অযোগ্য গ্রেফতারি পরোয়ানা জারি করেছিলেন।

বস্তা খুলতেই বেরিয়ে এল তিন কিলোগ্রাম ওজনের হাতির দাঁত, শিলিগুড়িতে ধৃত এক পাচারকারীও

শিলিগুড়ি, ৫ মার্চ (হি.স.): প্রায় তিন কিলোগ্রাম ওজনের একটি হাতির দাঁত-সহ এক পাচারকারীকে গ্রেফতার করলেন জলপাইগুড়ির বেলাকোবা রেঞ্জের আধিকারিকরা। শনিবার সন্ধ্যায় গ্রেফতার করা হয়েছে ওই অভিযুক্তকে। ধৃত ব্যক্তির নাম মণিকান্ত গোয়ালা। সে আলিপুরদুয়ারের বাসিন্দা। বন দফতরের মতে, হাতির দাঁতটি প্রায় ৩ ফুট লম্বা। সেটার ওজন ৩ কিলোগ্রাম। সেটার বাজারমূল্য প্রায় ১৫ লক্ষ টাকা বলে জানা গিয়েছে।

বন দফতর সূত্রে দাবি, ধৃত জানিয়েছেন, ওই দাঁতটি আনা হয়েছিল অসম থেকে। সেটা বিক্রি করাই উদ্দেশ্য ছিল বলেও জানিয়েছেন ধৃত। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার সন্ধ্যায় শিলিগুড়ির তিনবাত্তি মোড়ে অভিযান চালান বন দফতরের আধিকারিকরা। বন দফতর সূত্রে জানা গিয়েছে, একটি ট্রাক থেকে একটি বস্তা নিয়ে নামেন দু'জন। তাঁদের দেখে এগিয়ে যান বন দফতরের আধিকারিকরা। বিপদ বুঝে এই সময় এক জন পালিয়ে যায়। তবে মণিকান্তকে বস্তা-সহ ধরে ফেলেন বনকর্মীরা। বস্তায় তল্লাশি করতেই বেরিয়ে আসে হাতির দাঁত।

জম্মু-কাশ্মীরে সন্ত্রাসী কার্যকলাপে অর্থায়ন করতে মাদক ব্যবসার অর্থ পাকিস্তানে ফেরত যায় : দিলবাগ সিং

জম্মু, ৫ মার্চ (হি.স.): চাঞ্চল্যকর দাবি করলেন জম্মু ও কাশ্মীরের ডিজিপি দিলবাগ সিং। তিনি রবিবার বলেছেন, জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসী কার্যকলাপে অর্থায়ন করতে মাদক ব্যবসার অর্থ পাকিস্তানে ফেরত যায়। জম্মু ও কাশ্মীরের পুঞ্চে নিয়ন্ত্রণ রেখার কাছে মাদক, নগদ টাকা এবং অস্ত্রের একটি বড় মজুত উদ্ধারের পরই এই মন্তব্য করলেন জম্মু ও কাশ্মীরের ডিজিপি দিলবাগ সিং।

রবিবার ডিজিপি দিলবাগ সিং বলেছেন, 'আমরা একটি নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছি, মাদক এবং অস্ত্র একসঙ্গে পাকিস্তান থেকে পাচার করা হচ্ছে। অস্ত্র সন্ত্রাসীদের কাছে পৌঁছে দেওয়ার সময়, মাদকের আয়ের একটি বড় অংশ হ্যান্ডলারদের (সীমান্তের ওপারে) ফেরত দেওয়া হয় এবং বাকি অংশ ভাগ করে নেওয়া হয়।'

নাগাল্যান্ডে সরকার গঠনের তোড়জোড়

বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে দেখা করতে দিল্লি এলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব এবং এনডিপিপি-প্রধান নেইফিউ

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.) : নাগাল্যান্ডে সরকার গঠন সংক্রান্ত বিষয়ে বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করতে নয়াদিল্লি এসেছেন অসমের মুখ্যমন্ত্রী তথা নর্থ-ইস্ট ডেমোকর্যাটিক অ্যালায়েন্স (নেডা)-এর আহ্বায়ক হিমন্তবিশ্ব শর্মা এবং নাগাল্যান্ডের ভাবী মুখ্যমন্ত্রী তথা 'ন্যাশনাল ডেমোক্র্যাটিক প্রগ্রেসিভ পার্টি' (এনডিপিপি)-প্রধান নেইফিউ রিও। দলের কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে কথা বলে তাঁরা রাজ্যের নতুন সরকার গঠনের রোডম্যাপ তৈরি করবেন। তাঁদের সঙ্গে রয়েছেন বিজেপির নাগাল্যান্ড প্রদেশ সভাপতি তেমজেন ইমনা আলং লংকুমের। এছাড়া আলোচনায় থাকবেন দলের কেন্দ্রীয় নেতা এবং উত্তর-পূর্বাঞ্চলের প্রভারী সম্বিত পাত্রা।

এখানে দলের এক শীর্ষ সূত্রের খবর, নাগাল্যান্ডে নেইফিউ রিওর মন্ত্রিসভায় উপ-মুখ্যমন্ত্রীর পদ দেওয়া হবে বিজেপির টিকিটে নির্বাচিত বিধায়ককে। মূলত এ বিষয়েই আলোচনায় বেশি গুরুত্ব দেওয়া হবে। জানা গেছে, ইতিমধ্যে কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে দেখা করার আগে নাগাল্যান্ড বিজেপি-সভাপতি তেমজেন ইমনার উপস্থিতিতে হিমন্তবিশ্ব শর্মা এবং নেইফিউ রিওর একপ্রস্ত আলোচনা হয়েছে। তবে তাঁদের মধ্যে কী আলোচনা হয়েছে, সে সম্পর্কে কোনও তথ্য দেয়নি সূত্রটি।

তবে সূত্রটি জানিয়েছে, নাগাল্যান্ডে উপ-মুখ্যমন্ত্রী সর দৌড়ে দুই বিধায়কের নাম চর্চায় রয়েছে। সদ্য-বিদায়ী সরকারের উপ-মুখ্যমন্ত্রী ইয়ানথুনগো (ওয়াই) প্যাটন এবং বিজেপি বিধায়ক এন জ্যাকব ঝিমোমি এই পদের দাবিদার। ইয়ানথুনগো প্যাটন ৩৭ নম্বর ত্যুই (উপজাতি তফশিলি) আসনে এবং ৪ নম্বর ঘাসপানি (উপজাতি তফশিলি) আসন থেকে নির্বাচিত হয়েছেন এন জ্যাকব ঝিমোমি। উভয়েই বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী হয়েছেন। উল্লেখ করা যেতে পারে, আগামী ৭ মার্চ মঙ্গলবার কোহিমায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বিজেপির বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী ও নেতার উপস্থিতিতে নেইফিউ রিও এবং মন্ত্রীগণ শপথ নেবেন। তাঁদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পা

বিশালগড়ে আক্রান্ত হচ্ছে বিজেপি কর্মীরা

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৫ মার্চ।। বিশালগড়ে ফলাফল ঘোষণার পর থেকে ক্ষমতাচ্যুত হয়ে শাসকদলের কর্মীদের উপর আক্রমণ করে এলাকার পরিস্থিতি উত্তপ্ত করার চেষ্টা চালাচ্ছে। শাসক দল বিজেপি বিশালগড়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে যাবতীয় প্রয়াস জারি রেখেছে। জয়ের আনন্দ উপেক্ষা করে আক্রান্ত কর্মীদের খোঁজ খবর নিতে কখনো হাসপাতালে কখনো বাড়িতে ছুটে গিয়েছেন বিধায়ক সুশান্ত দেব। তৎসঙ্গে দলীয় কর্মীদের সংযত থেকে এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানিয়েছেন। ফলাফল প্রকাশের পর কোথাও কোন অঘটনের খবর নেই শাসক দলের কর্মীদের বিরুদ্ধে। অথচ বেশ কয়েকটি স্থানে আক্রান্ত হয়েছে বিজেপি সমর্থকরা। নবীনগর এবং চেলিখলায় বিজেপি কর্মীদের বাড়ি ঘরে ঢুকে নিরীহ মানুষদের ওপর হামলা চালিয়েছে সিপিএম। চেলিখলা বাজারে বিজেপির সমর্থকদের দোকান আগুনে পুড়িয়ে দিয়েছে তিপ্রা মথা। এর পরেও শান্তি বজায় রাখার বার্তা দিয়েছে বিজেপি। শনিবার বিশালগড়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে কার্যকর্তাদের নিয়ে বৈঠক করেন নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব। ফলাফল প্রকাশের পর একদিকে ছুটছেন আক্রান্তদের বাড়িতে। অন্যদিকে বুথে বুথে ঘুরে শান্তি শৃঙ্খলা রক্ষার বার্তা দিচ্ছেন। নির্বাচনের ফল ঘোষণার পর বিশালগড়ের নবীনগর এবং চেলিখলায় আক্রান্ত হয়েছে বিজেপি সমর্থকদের বাড়ি এবং দোকান। নবীনগরে কয়েকজন আক্রান্ত হয়েছে। শুক্রবার রাতে চেলিখলা বাজারের বেশ কয়েকটি দোকানে আগুন লাগিয়ে দেয়। অভিযোগের তীর তিপ্রা মথার দিকে। শনিবার আগুনে ক্ষতিগ্রস্ত চেলিখলা বাজার পরিদর্শন করে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব। এরপর দুপুরে বিশালগড়ের সকল কার্যকর্তাদের নিয়ে বৈঠক করেন তিনি। বৈঠকে আরও উপস্থিত ছিলেন বিজেপির জেলা সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, বিশালগড় পুর পরিষদের চেয়ারম্যান অঞ্জন পুরকায়স্থ, জেলা সহসভাপতি অমল দেবনাথ, কাউন্সিলর নিখিল রঞ্জন চক্রবর্তী, রাম নারায়ণ রায়, ওবিসি মোর্চার প্রদেশ সদস্য শ্রীবাস ঘোষ, মন্ডল সাধারণ সম্পাদক তপন দাস প্রমুখ। সকল বুথের কার্যকর্তা মন্ডল কমিটির কার্যকর্তা উপস্থিত ছিলেন। নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব বলেন এই জয় সকল কার্যকর্তাদের পরিশ্রমের ফসল। যারা ভোট দিয়েছে এবং যারা দেয়নি সকলের বিধায়ক আমি। শান্তি শৃঙ্খলা রক্ষায় আমাদের সকলের দায়িত্ব নিতে হবে। ছাত্র ছাত্রীদের পরিক্ষা চলছে। মাধ্যমিক পরিক্ষা শুরু হবে। ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ রক্ষায় শান্তি শৃঙ্খলা রক্ষা করতে হবে। আমরা জয়ী হয়েছি অথচ আক্রান্ত হচ্ছি। এগুলো ষড়যন্ত্র। ষড়যন্ত্রের ফাঁদে পা দেয়া যাবে না। বিরোধীরা হেরে গিয়ে উন্মাদ হয়ে গিয়েছে। অশান্তি সৃষ্টি করতে গুজব ছড়িয়ে দিচ্ছে। গুজব বন্ধ করতে ও এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসনের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রাখেন। প্রশাসনের সাহায্যে এলাকার মানুষ কে বিভ্রান্ত না হওয়ার জন্য মাইকিং করে আশ্বস্ত করেন।

সন্ত্রাস

● প্রথম পাতার পর

আক্রমণের ধরন মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করেছে। এখন পর্যন্ত দুই শতাধিকের অধিক ঘটনা সংগঠিত হয়েছে পশ্চিম জেলায়। মানুষ বাড়ি ঘর ছেড়ে বিভিন্ন জায়গায় আশ্রয় নিয়েছে। কিন্তু অধিকাংশ জায়গায় আক্রমণ সংগঠিত হওয়ার পর পুলিশ গেলেও বন্ধ করা জন্য কার্যকরী ব্যবস্থা নিচ্ছে না। প্রশাসনের এই ভূমিকায় উদ্বিগ্ন সিপিআইএম। তাই এই বিষয়গুলির বিরুদ্ধে জেলা শাসককে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে বলে জানান তিনি। তিনি আরো বলেন এই দুর্বৃত্তরা শুধু মানুষকে মারধর নয়, পরিবহন শ্রমিকদের গাড়ি চালাতে দিচ্ছে না, ব্যবসা করতে দিচ্ছে না এবং বিজেপির দুর্বৃত্ত বাহিনী পশ্চিম জেলা থেকে এখন পর্যন্ত লক্ষ লক্ষ টাকা বিরোধী দলের কর্মী সমর্থকদের কাছ থেকে বলপূর্বক আদায় করে চলেছে। এছাড়াও যারা সিপিআইএমের পুলিং এজেন্ট এবং কাউন্টিং এজেন্ট ছিলেন তারা বাড়ি ফিরতে পারছে না। সারা জেলাতে এক অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

শক্তিকেন্দ্র ভিত্তিক কৃতজ্ঞতা জ্ঞাপন ও আশীর্বাদ গ্রহণ অনুষ্ঠান বিশালগড়ে

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৫ মার্চ।। জনগণই শক্তি,জনগণই ভরসা,দিন রাত বিশালগড়ের জনগণের পাশে থেকে জনগণের জন্য কাজ করবো।আপনাদের আশীর্বাদ, ভালোবাসা ছাড়া এতটা পথ অতিক্রম করে বিজয়ী হওয়া আমার পক্ষে অসম্ভব ছিল। রবিবার বিশালগড় মন্ডল অন্তর্গত ১৩ ও ৯ নং শক্তি কেন্দ্রের সমস্ত কার্যকর্তাদের কাছে কৃতজ্ঞতা ও আশীর্বাদ নিতে গিয়ে একথা গুলো বললেন বিশালগড়ের বিজেপির নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব।আগামী দিন জনগণের আশীর্বাদ কে পুঁজি করে প্রিয় শহর বিশালগড় কে শ্রেষ্ঠ বিশালগড়ে রূপান্তরিত করতে চান।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আদর্শে অনুপ্রাণিত হয়ে সরাসরি রাজনীতির ময়দানে অবতীর্ণ হয়েছিলেন বিশালগড় আমবাগানের যুবক সুশান্ত দেব। পরবর্তী সময়ে যুব মোর্চার জেলা সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন দক্ষতার সঙ্গে। ২০১৮ সালে সরকার পরিবর্তনে নিরলসভাবে কাজ করেছিলেন। এরপর বিশালগড় মন্ডল সভাপতির দায়িত্ব পান। এর পর থেকেই এই তরুণ তুর্কী নেতা সংগঠনে অভিনবত্ব এনে ষাটটি বুথে মজবুত সংগঠন গড়ে তুলেন। এই সংগঠনের জোরেই পনের বছরের বাম দুর্গ চৌচির হয়েছে তেইশের মহারণে। পরোপকারী সদাহাস্যজ্বল যুব নেতা সুশান্ত দেব আজ বিশালগড়ের বিধায়ক। হিন্দু মুসলমান ছাত্র যুব মহিলা সকল অংশের মানুষের আশীর্বাদ পেয়েছেন তিনি। সকল কার্যকর্তা দিবারাত্রি নাওয়া খাওয়া ছেড়ে বাম দুর্গে পদ্ম ফোটাতে কাজ করেছেন। সেই কার্যকর্তা এবং ভোটারদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন ও আশীর্বাদ গ্রহণ করতে রবিবার থেকে শক্তিকেন্দ্র ভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তিনি ছোট বড়ো সকল কার্যকর্তাদের বরাবরই সম্মান জানিয়েছেন। তাই সকল কার্যকর্তা জয় সুনিশ্চিত করতে ময়দানে ঝাঁপিয়েছিলেন। এবার সেই কার্যকর্তাদের সম্মান জানাতে অভিনব ভাবনার প্রতিফলন স্বরূপ কৃতজ্ঞতা জ্ঞাপন অনুষ্ঠান হচ্ছে। রবিবার অফিসটিলা টাউন হলে অটল বিহারি বাজপেয়ী শক্তিকেন্দ্র ভিত্তিক অনুষ্ঠান হয়। বিধায়ক সুশান্ত দেব সকল কার্যকর্তাদের সম্মান জানিয়েছেন। সেই সঙ্গে কার্যকর্তারা নবনির্বাচিত বিধায়ককে বিভিন্ন উপহার এবং পুষ্পস্তবক দিয়ে অভিনন্দন জানিয়েছেন। এছাড়া চন্দ্রনগর হাই স্কুলে সর্দার ভল্লব ভাই প্যাটেল শক্তিকেন্দ্র ভিত্তিক অনুষ্ঠান হয়। এদিন স্বামী বিবেকানন্দ শক্তিকেন্দ্রেও অনুরূপ কৃতজ্ঞতা জ্ঞাপন অনুষ্ঠানে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। নবনির্বাচিত বিধায়ক সুশান্ত দেব কার্যকর্তা এবং সাধারণ ভোটারদের উদ্দেশ্যে বলেন আপনাদের কঠোর পরিশ্রমের কারণে এই জয় সুনিশ্চিত হয়েছে। আপনাদের আশীর্বাদ এবং পরামর্শ নিয়ে আমি কাজ করেছি। আপনাদের পরামর্শ নিয়ে আগামীদিনে বিশালগড়ের সকল অংশের মানুষের জন্য কাজ করবো। যারা আমাকে ভোট দেননি তাদের জন্যও আমার দরজা চব্বিশ ঘণ্টা খোলা থাকবে। সবাইকে নিয়ে শ্রেষ্ঠ বিশালগড় নির্মাণ করবো। তিনি আরও বলেন মানুষ আমাদের দ্বিতীয়বার রাজ্য পরিচালনার দায়িত্ব দিয়েছে। আগামী দিন সরকার এমন কাজ করবে যেন আগামী ত্রিশ বছর কোন বিরোধী শক্তি এই সরকারের প্রতি আঙুল তুলতে না পারে।কাজের মাধ্যমে আমাদের পরিচয় হবে।

গুরুতর চার

● প্রথম পাতার পর

ঘটনা শনিবার রাতে তেলিয়ামুড়া থানাধীন মহারানীপুর এলাকায় জাতীয় সড়কে। জানা যায়, তেলিয়ামুড়া থানাধীন মহারানীপুর এলাকার বাসিন্দা শ্যামল দেব নামে এক ব্যাক্তি নিজ বাইসাইকেল চেপে তেলিয়ামুড়া শহরের উদ্যেশ্যে আসছিলেন। সেই সময় তেলিয়ামুড়া থেকে একটি বাইক মহারানীপুর এর দিকে যাচ্ছিল। মুখোমুখি সংঘর্ষ ঘটে উভয়ের মধ্যে। ঘটনাস্থলে উভয়েই জাতীয় সড়কে ছিটকে পড়ে যায়। এতে আহত হয় বাইক আরোহী এবং বাইসাইকেল চালক শ্যামল দেব নামের ব্যাক্তি। ঘটনা প্রত্যক্ষ করে এলাকার লোকজন তাদের উদ্ধার করে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য। জানা যায় ,বাইসাইকেল আরোহী শ্যামল দেবের আঘাত গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য জিবি হাসপাতালে রেফার করেন চিকিৎসক। এদিকে ,প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায় বাইক চালক মদমত্ত অবস্থায় অত্যাধিক গতিতে বাইক চালানোর ফলেই ঘটে এই দূর্ঘটনা। বাইক চালক ষষ্ঠ ব্যাটেলিয়ানের এক টি. এস. আর এর জওয়ান বলে জানা যায়। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

জমি বিবাদকে

● প্রথম পাতার পর

আদালত প্রণব দাসের পক্ষে রায় দেয়। দীপক দেববর্মাকে সেই জায়গাটি ছেড়ে দিতে নির্দেশ দেয়। কিন্তু আদালতের নির্দেশকে কোন পাত্তা না দিয়ে দীপক দেববর্মা জমির মালিক প্রণব দাসের জায়গা দখল করে রাখে। এরই মধ্যে রবিবার সকালে প্রণব দাস প্রাতঃ ভ্রমণে বের হওয়ার পর দীপক দেববর্মা নামে ঐ যুবক প্রণব দাসকে কাঠের টুকরো দিয়ে মাথায় এবং মুখের মধ্যে আঘাত করে। এতেই রক্তাক্ত হন প্রণব দাস। প্রণব দাসের পরিবারের তরফ থেকে জানানো হয় এই বিষয় নিয়ে দীপক দেববর্মার বিরুদ্ধে পশ্চিম থানা একটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

হামলা

● প্রথম পাতার পর

দায়িত্ব নিতে হবে উভয় দলের নির্বাচিত জনপ্রতিনিধিদেরও। উত্তর জেলার পুলিশ সুপারের পক্ষ থেকে শান্তি সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানানো হয়েছে।

এক ব্যক্তি

● প্রথম পাতার পর

আশ্রয় নিয়ে। সেখান থেকে তাকে নিয়ে আশা হয় জিবি হাসপাতালে। তার মাথায় আঘাত লাগে। আক্রান্ত স্বামী সাধন দাস জানান এই বিষয় নিয়ে স্ত্রী সহ ৩ বোনের বিরুদ্ধে থানার মামলা করবেন তিনি।

৪ দিনে ৬৬৮ হামলা

● প্রথম পাতার পর

ভোট এবং বেশ কয়েকটি আসন হ্রাস পেলেও এখনও ক্ষমতা ধরে রেখেছে। প্রায় ৬০ শতাংশ ভোট পড়েছে বিজেপির বিরুদ্ধে। সহিংসতার উদাহরণ উল্লেখ করে সিপিএম রাজ্য সম্পাদক অভিযোগ করেন গণনার দিনে, বিজেপি-সমর্থিত গুণ্ডারা সোনামুড়ায় সিপিআইএম কর্মী মণি দে-র বাড়িতে আগুন দিয়েছে। ভোট গণনা শেষ হওয়ার পরে, শাসক দল সেই রাত থেকেই সহিংসতা চালিয়েছিল এবং আজ অবধি রাজ্যের বিভিন্ন জায়গায় তা অব্যাহত রয়েছে। বিজয় মিছিলের নামে, বিজেপি কর্মীরা উদয়পুরের রাজারবাগে গোমতী এসপির সরকারি বাসভবনের কাছে সংখ্যালঘু পরিবারের একটি বাড়িতে আগুন ধরিয়ে দেয়। শুধু তাই নয়, যাদের যাত্রীবাহী যান রয়েছে তাদের চাকা ঘুরতে দেওয়া হয় না যতক্ষণ না তারা ক্ষমতাসীন দলকে চাঁদা না দেয়। একজন অঙ্গনওয়াড়ি কর্মীকে বিজয় মিছিল এর জন্য ১০,০০০ টাকা দিতে বাধ্য করা হয়েছিল কারণ তিনি স্থানীয় থানায় বিজেপি গুন্ডাদের বিরুদ্ধে অভিযোগ করেছিলেন।গতকাল, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা খোয়াই এবং সিপাহিজালা জেলা পরিদর্শন করেন এবং বেসামরিক ও স্বরাষ্ট্র প্রশাসনিক কর্মকর্তাদের সাথে বৈঠক করেন কারণ এই দুই জেলায় সহিংসতা বেশি বলে জানা গেছে। তিনি বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্যের উপস্থিতিতে একটি বৈঠক করেছিলেন যা করা সঠিক নয়। বৈঠকের মাধ্যমে তিনি আইন লঙ্ঘনকারীদের কঠোর হুঁশিয়ারি দিয়েছিলেন কিন্তু এই বার্তা তৃণমূল পর্যায়ে ছড়িয়ে পড়েছে কিনা, কেউ তা নিশ্চিত করতে পারবে না বলে জানিয়েছেন জিতেন্দ্র চৌধুরী।সিপিআইএম রাজ্য সম্পাদক মুখ্যসচিবকে রাজ্য স্তরে সর্বদলীয় বৈঠক ডাকতে এবং সহিংসতার বার্তা প্রচার করার আহ্বান জানান। তিনি বলেন, নির্বাচন ঘোষণার দেড় মাস আগে আদর্শ আচরণবিধি জারি করা হয়েছে, এতে প্রশাসন কিছুটা নিরপেক্ষ হয়েছে। প্রায় পাঁচ বছর বন্ধ থাকা বিরোধী দলীয় কার্যালয় খুলে দেওয়া হয় এবং দলীয় কর্মসূচিও অবাধে পরিচালিত হয়। প্রশাসন তৎপরতা শুরু করলে সমাজবিরোধীরা নীরব। এমনকি ভোটের হারও ভালো ছিল। নির্বোচনের ফলাফল ঘোষণার সঙ্গে সঙ্গে প্রশাসন নিদ্রায় চলে যায়। দুষ্কৃতিরা আবার জেগে উঠে সহিংসতা শুরু করে।নির্বাচনের ফলাফল ঘোষণার পরে ৬৬৮টি হামলার ঘটনাহয়েছে। হামলায় হত্যার চেষ্টা না হলেও তিনজন আহত হয়ে মারা যায়।বামফ্রন্টের আহ্বায়ক এবং প্রাক্তন সাংসদ কর অভিযোগ করেছেন যে বিরোধী রাজনৈতিক দলের আহত ব্যক্তিরা রাজ্যের বিভিন্ন জায়গায় চিকিৎসাা সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। শুধু তাই নয়, হাজার হাজার মানুষ ঘরবাড়ি ছেড়ে ভবঘুরের মতো ঘুরে বেড়াতে বাধ্য হচ্ছে। অনেককে জঙ্গলে আশ্রয় নিতে হয়েছে।

ফরাক্কায় তৃণমূল নেতার বিরুদ্ধে পঞ্চায়েতের সভায় প্রধানের স্বামীকে মারধরের অভিযোগ

ফরাক্কা, ৫ মার্চ (হি.স.): ফরাক্কা ব্লকে পঞ্চায়েতের সাধারণ সভা চলাকালীন প্রধানের স্বামীকে মারধরের অভিযোগ উঠল তৃণমূলের অঞ্চল সভাপতির বিরুদ্ধে। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় ফরাক্কা ব্লকের নয়নসুখ গ্রাম পঞ্চায়েত এলাকায়। বিষয়টি নিয়ে ফরাক্কা থানা ও ফরাক্কার বিডিও দারস্থ হয়েছেন পঞ্চায়েত প্রধান সুলেখা মণ্ডল-সহ সদস্যরা। ইমরান আলি-সহ অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে গণ পদত্যাগের হুমকিও দিয়েছেন প্রধান-সহ গ্রাম পঞ্চায়েতের ১৩ সদস্য।

নয়নসুখ গ্রাম পঞ্চায়েতের প্রধান সুলেখা মণ্ডল অভিযোগ করেন, "রবিবার সকালে গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা চলছিল। সেই সভায় আমার প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন আমার স্বামী হৃদয় মণ্ডল। সভা চলাকালীন নয়নসুখ অঞ্চল তৃণমূল সভাপতি ইমরান আলি সাধারণ সভায় আসেন।" তিনি আরও বলেন, "আমার স্বামী নিয়ম মেনে ইমরানকে বলেন, আপনি পঞ্চায়েতের এসি রুমে গিয়ে বসুন, সভা শেষ হলে আপনাকে ডেকে নেওয়া হচ্ছে। এই কথা শুনে অঞ্চল সভাপতি সভাস্থল থেকে চলে যান। মিনিট দশেক পর ইমরান কয়েকজন অনুগামী নিয়ে সভাস্থলে এসে চিৎকার শুরু করেন।"

অভিযোগ, পঞ্চায়েত সদস্য ও কর্মীদের সামনে প্রধানের স্বামী হৃদয় মণ্ডলকে জামার কলার ধরে টানাটানি ও মারধর করা হয়।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। তাদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। ফরাক্কার বিডিও ও থানায় লিখিতভাবে অভিযোগ জানানো হয়েছে। পাশাপাশি ফরাক্কা ব্লক তৃণমূল সভাপতি অরুণময় দাস ও বিধায়ক মণিরুল ইসলামকে জানান হয়েছে। এদিকে অবিলম্বে অঞ্চল সভাপতিকে সরানোর দাবি জানিয়েছেন পঞ্চায়েত সদস্যরা। ইমরান আলি-সহ অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে গণ পদত্যাগের হুমকিও দিয়েছেন প্রধান-সহ গ্রাম পঞ্চায়েতের ১৩ সদস্য।এ প্রসঙ্গে ফরাক্কা ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি অরুণ দাসের সাফাই, "বাচ্চা ছেলে। ভুল বোঝাবুঝির জন্য এ ধরনের ঘটনা ঘটেছে।"

বৈদ্যবাটি রেল ক্রসিংয়ের বেহাল রাস্তা সারাইয়ের দাবিতে জিটি রোডে অবস্থান বিক্ষোভ কাউন্সিলরদের

হুগলী, ৫ মার্চ (হি.স.): বৈদ্যবাটি রেল ক্রসিংয়ের রাস্তার চূড়ান্ত দুরবস্থা। রেল কর্তৃপক্ষকে জানিয়েও হচ্ছে সুরাহা। অফিস যাত্রী থেকে শুরু করে স্কুলের পড়ুয়াদের যাতায়াতে চূড়ান্ত অসুবিধা হচ্ছে বলে অভিযোগ। বিক্ষোভ বৈদ্যবাটি পুরসভার কাউন্সিলরদের।

বেহাল দশা শেওড়ফুলি তারকেশ্বর লাইনের জিটি রোড উপর বৈদ্যবাটি চার নম্বর রেল গেটের। সাধারন মানুষের কাছে অভিযোগ পেয়ে বৈদ্যবাটি পুরসভার পক্ষ থেকে একাধিকবার রেল কর্তৃপক্ষকে জানানো হয়েছে, কিন্তু কাজের কাজ কিছু হয়নি। এবার কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে রবিবার বৈদ্যবাটি পুরসভার কাউন্সিলররা দলীয় কর্মীদের নিয়ে বিভিন্ন পোস্টার হাতে চার নম্বর রেলগেট আটকে রেল লাইনের উপর বসে পড়ে বিক্ষোভ দেখায়। স্থানীয় বাসিন্দাদের দাবি, রাস্তার থেকে রেল লাইন উঁচু হয়ে গিয়েছে। ফলে গেট পার হতে গিয়ে গাড়ি আটকে পড়ছে। যানজটের সৃষ্টি হচ্ছে। পরে রেলের তরফে নিশ্চিত আশ্বাস মেলায় তুলে নেওয়া হয় অবরোধ।বিক্ষোভকারীদের দাবি, রেল লাইনের পাশে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ভাঙা পাথর। ট্রেন গেলেই সেই পাথরের টুকরো ছিটকে যাচ্ছে এদিক ওদিক। রেলগেট পার হতে গিয়েও ঘটছে দুর্ঘটনা। এছাড়াও পাথরে গাড়ির চাকা হড়কে যাচ্ছে। যার ফলে বাড়ছে দূর্ঘটনার আশঙ্কা। দ্রুত রেল গেটের মেরামত করা প্রয়োজন বলেও দাবি বাসিন্দাদের।

বৈদ্যবাটি পুরসভার দশ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তথা শ্রীরামপুর সাংগঠনিক জেলার জয় হিন্দ বাহিনীর সভাপতি সুবীর ঘোষ বলেন, 'মাধ্যমিক পরীক্ষা চলাকালীন ছাত্র-ছাত্রীদের পরীক্ষা কেন্দ্রে যেতে সমস্যায় পড়তে হচ্ছে। এর পরে শুরু হবে উচ্চমাধ্যমিক। তার আগে দ্রুত রাস্তা সারাই করতে হবে।'তিনি জানান, রেল কর্তৃপক্ষ কথা দিয়েছে আগামী রবিবারের মধ্যে ঠিক হয়ে যাবে। না হলে পরে আমরা বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবো। বিষয়টি নিয়ে শেওড়াফুলি স্টেশন ম্যানেজার রাম আঁধার প্রসাদ জানান, 'জি টি রোড আটকে অবরোধ হয়েছিল। এক সপ্তাহের মধ্যে রাস্তা ঠিক করার আশ্বাস দেওয়ায় অবরোধ ওঠে।'তিনি জানান, এদিন অবরোধের জেরে কোনও ট্রেন চলাচলে বিঘ্ন ঘটেনি তবে বেশ কিছুক্ষণ জিটি রোড অবরুদ্ধ ছিল।

অনিয়মের অভিযোগে চ্যাংরাবান্ধায় ট্রাক টার্মিনাসের গেট আটকে বিক্ষোভে শামিল ট্রাককর্মীরা

চ্যাংরাবান্ধা, ৫ মার্চ (হি. স.) : কোচবিহার জেলার চ্যাংরাবান্ধা সীমান্তে ভুয়ো সিলমোহর ব্যবহার করে দিনের ট্রাক দিনেই বাংলাদেশে প্রবেশের সুযোগ পাচ্ছে। অথচ স্থানীয় ট্রাক পণ্যবোঝাই অবস্থায় বেশ কিছুদিন আটকে থাকছে। এই অভিযোগ এনে এবার ট্রাক টার্মিনাসের গেট আটকে দিয়ে বিক্ষোভে শামিল হলেন ট্রাককর্মীরা। শনিবার ঘটনাটি ঘটেছে।

ক্ষুব্ধ ট্রাককর্মী এবং চালকরা এদিন অভিযোগ করেন, সুবিধা পোর্টাল চালু হওয়ার পর থেকেই বাংলাদেশগামী সমস্ত পণ্য ঝাই ট্রাক চ্যাংরাবান্ধা স্থল বন্দরের ট্রাক টার্মিনাসে প্রবেশ করানো হচ্ছে। টার্মিনাসে ট্রাক প্রবেশ করানো হলেও এখান থেকে ট্রাক বাংলাদেশে পাঠানোর ক্ষেত্রে কারচুপি করা হচ্ছে। দেখা যাচ্ছে, বাইরে থেকে পণ্য নিয়ে আসা কিছু ট্রাক যেদিন পণ্য নিয়ে এই সীমান্তে পৌঁছোচ্ছে সেইদিনই তাদের টার্মিনাস থেকে বের হবার ছাড়পত্র মিলে যাচ্ছে। স্বাভাবিকভাবেই ওইসব ট্রাক ঘন ঘন বাংলাদেশে পণ্য নিয়ে যাওয়ার সুযোগ পাচ্ছে। সেক্ষেত্রে দীর্ঘদিন ধরে দাঁড়িয়ে থাকা অন্য ট্রাককর্মীদের নজর এড়াতে তারা ভুয়ো সিলমোহর ব্যবহার করছেন। বিষয়টি নিয়ে তাদের বেশ কিছুদিন থেকেই সন্দেহ হচ্ছিল। এদিন তারা এইরকম কয়েকটি ছাড়পত্র উদ্ধার করে পুলিশের হাতে তুলে দেন। সেই ছাড়পত্র তাদের কাছে ভুয়ো বলেই মনে হয়েছে বলেও পুলিশকে জানান। এইরকম ছা

সুপার ডিভিশন : সম্রাট, ভিকির দাপটে শতদলের আবারও কসমোপলিটন জয়

শতদল:- ২৯৯/৬(৫০) কসমোপলিটন:- ২৩৮/১০ (৪২)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। ভিকির সঙ্গে আজ সম্রাটের আস্ফালন। পাশে রয়েছে অরিন্দমও। ত্রয়ীর দুর্দান্ত পারফরম্যান্সে কসমোপলিটনকে আবারও হারালো শতদল সংঘ। তাও ফিরতি লীগের প্রথম ম্যাচে কসমোপলিটনকে ৬১ রানে হারিয়ে। এই জয় মূলতঃ শতদল সংঘকে সুপারে টিকে থাকার ব্যাপারে অনেকটা নিশ্চিত করে নিয়েছে। খেলা ছিল মেলাঘরে শহীদ কাজল স্মৃতি ময়দানে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে শতদল সংঘ প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ৫০ ওভারে ৬ উইকেট হারিয়ে ২৯৯ রান সংগ্রহ করে। দলের পক্ষে সম্রাট সিংহের ৯৫ রান এবং অরিন্দম বর্মনের ৬৬ রান যথেষ্ট উল্লেখযোগ্য। এছাড়া, সাধব খানের অপরাজিত ৬৪ রানও উল্লেখ করার মতো। সম্রাট ১০৪ গোল খেলে আটটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৯৫ রান পায়। অরিন্দম ঝড়ো ব্যাট চালিয়ে ৬৫ বল খেলে দুটি বাউন্ডারি ও সাতটি ওভার বাউন্ডারি মেরে ৬৬ রান সংগ্রহ করে। সাধবও চমৎকারভাবে ৩১ বল খেলে দুটি বাউন্ডারি এবং ৮টি ওভার বাউন্ডারি মেরে ৬৪ রান সংগ্রহ করে অপরাজিত থাকে। কসমোপলিটনের দেবপ্রসাদ সিংহ ৫৫ রানে তিনটি উইকেট পেয়েছে। এছাড়া, পল্লব দাস দুটি এবং সৌরভ দাস একটি উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে কসমোপলিটনের ব্যাটিং স্বস্তিদায়ক হলেও শেষ পর্যন্ত ৪২ ওভার খেলে ২৩৮ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে অভিষেক শর্মা দুর্দান্ত খেলে ৭৯ রান, শায়ন্তন দেববর্মা ৩৬ রান এবং দেবপ্রসাদ সিংহ ৩৫ রান সংগ্রহ করলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা হয়নি। শতদলের ভিকি সাহা ৫১ রানে ৬টি উইকেট দখল করে দুর্দান্ত সাফল্যের স্বীকৃতি হিসেবে আজও প্লেয়ার অফ দ্য ম্যাচের খেতাব পেয়েছে। এছাড়া, সাধব খান দুটি এবং বিজয় রায় ও সৌরভ দাস একটি করে উইকেট পেয়েছে।

অনূর্ধ-১৫ ক্রিকেট : ধনীরামপুরকে সহজে হারিয়ে সোনামুড়া কোচিং সেন্টার ফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। সোনামুড়া কোচিং সেন্টার ফাইনালে পৌঁছুলো। খেতাবি লড়াইয়ে সোনামুড়া কোচিং সেন্টার কার বিরুদ্ধে খেলবে তা নির্ণয় হবে আগামীকাল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনালে বীরবিক্রম ক্লাব ও শান্তিনগর প্লে সেন্টার পরস্পরের মুখোমুখি হবে। সোনামুড়া ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ ১৫ ক্রিকেট টুর্নামেন্টের খেলা এখন অন্তিম পর্যায়ে। ডাবল লীগের পর এখন চলছে সেমিফাইনাল পর্যায়ের খেলা। প্রথম সেমিফাইনালে আজ অনেকটা লো স্কোরিং ম্যাচে সোনামুড়া কোচিং সেন্টার আট উইকেটের ব্যবধানে ধনীরামপুর প্লে সেন্টারকে পরাজিত করে ফাইনালে উন্নীত হয়েছে। খেলা ছিল সোনামুড়া স্পোটিং এসোসিয়েশন গ্রাউন্ডে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে ধনিরামপুর প্লে সেন্টার প্রথমে ব্যাটিং-এর সিদ্ধান্ত নেয়। ৪৫ ওভারের ম্যাচে ২০.৩ ওভার খেলে ধনিরামপুর প্লে সেন্টার সবকটি উইকেট হারিয়ে ৬২ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে দীপেন দেববর্মা ও প্রহর দেববর্মা দুজনেই ২০ করে রান পায়। সোনামুড়া কোচিং সেন্টারের সাগর দাস দুর্দান্ত বল করে ৫ রানের বিনিময়ে পাঁচটি উইকেট তুলে নিয়ে দলের জয় সহজ করার পাশাপাশি প্লেয়ার অব দ্য ম্যাচের খেতাবও পেয়েছে। অধিনায়ক রায়হান আহমেদ আরমান ২০ রানে ৪টি এবং রাকিব হাসান একটি উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে সোনামুড়া কোচিং সেন্টার ১০.১ ওভার খেলে ২ উইকেট হারিয়েই জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। ওপেনার মিনহাজ আহমেদ শূন্য রানে আউট হলেও সানোয়ার হোসেন অপরাজিত থেকে সঙ্গে আবু বক্কর সিদ্দিকীকে নিয়ে দলকে জয় এনে দেয়। মাঝে অধিনায়ক রায়হান ১৯ রানে প্যাভিলিয়নের ফিরলেও সানোয়ারদের ২৩ রানে এবং আবু বক্কার ২০ রানে অপরাজিত থেকে দলকে জয়ী করে ফাইনালে তুলে। ধনিরামপুর কোচিং সেন্টারের প্রহর দেববর্মা ও বিশাল দেববর্মা একটি করে উইকেট পেয়েছিল।

হার্ভের অনুশীলন কর্মসূচি শুরু আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। লক্ষ্য মরশুমে ভালো খেলা। পাশাপাশি জুনিয়র ক্রিকেটারদের তুলে ধরা। সেই লক্ষ্যকে সামনে রেখেই আগামীকাল থেকে অনুশীলন শুরু করতে চলেছে হার্ভে ক্লাব। আগামীকাল থেকে প্রগতি বিদ্যাভবন মাঠে অনুশীলন শুরু করবে ক্রিকেটাররা। প্রগতি প্লে সেন্টারের জুনিয়র এবং সিনিয়র ক্রিকেটারদের নিয়েই মূলতঃ এবছর দল গড়া হয়েছে। কোচ নয়নমনি অক্লান্ত পরিশ্রম করে সাজিয়েছেন দলকে। আপাতত দলে রয়েছে ১৪ জন ক্রিকেটার। ভিন রাজ্য থেকে আসতে পারেন ৩ জন ক্রিকেটার। এছাড়া স্কুল স্তরেরও রয়েছে ক্রিকেটার। ১৯ মার্চ তপন মেমোরিয়াল নকআউট ক্রিকেটে হার্ভে ক্লাবের প্রতিপক্ষ চলমান সঙ্ঘ। দলের হয়ে যে সকল ক্রিকটাররা খেলবেন: অর্কজিৎ দাস, তথাগত চক্রবর্তী, সলিল দেববর্মা, বিজয় বিশ্বাস, পামির দেবনাথ, স্পর্শ মিত্র, আকাশ আচার্য, সম্রাট দাস, প্রতীক দেববর্মা, শ্রীনিবাস দাস, সুরজ সরকার, বিক্রম দেবনাথ, রূপম চৌধুরি।

দ্রোণাচার্য ভলিবল কোচ শ্রীধরন এখন আগরতলায়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। দ্রোণাচার্য কোচ, ভারতীয় ভলিবল দলের প্রশিক্ষক তামিলনাড়ুর শ্রীধরন এখন আগরতলায়। রাজ্যের বিভিন্ন প্রান্তে অপ্রস্ফুটিত সুপ্ত ভলিবল প্রতিভাকে প্রশিক্ষণের মাধ্যমে সাফল্যের আলোতে জাগ্রত করার লক্ষ্যে ওনার আগরতলায় আসা। বিশেষ করে এই উদ্যোগ কেন্দ্রীয় সামাজিক ন্যায় মন্ত্রণালয়ের অধীনস্থ স্বনীতি ইনিশিয়েটিভ-এর হলেও অনিবার্য কারণে আপাতত বিষয়টি স্থগিত রাখা হয়েছে। আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হলে আহূত সাংবাদিক সম্মেলনে সংস্থার ট্রাস্টি সদস্যা উমা ভট্টাচার্য বিষয়টি নিয়ে প্রচার-প্রসারের আহ্বান জানালেও পরবর্তী সময়ে অনিবার্য কারণে তা স্থগিত রাখার কথা জানান। শ্রীধরনের মতো জাতীয় কোচের তত্ত্বাবধানে প্রশিক্ষণ প্রোগ্রাম চালানো হলে কার্যত একাধিক খেলোয়াড় প্রতিভা অর্জনে সাফল্য পাবে বলে অনুমেয়।

আগরতলা প্রেসক্লাবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্যোগ : এনন্টি আহ্বান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। আগরতলা প্রেসক্লাব আয়োজিত 'গেমস এন্ড স্পোর্টস' শুরু হচ্ছে ২০ মার্চ থেকে। অন্যান্য বছরের মতো এবারও আগরতলা প্রেসক্লাবের সদস্য-সদস্যাদের মধ্যে ইন্ডোর-আউটডোর গেমসের পাশাপাশি নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। নতুন সংযোজন বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় আগরতলা প্রেস ক্লাবের সদস্য-সদস্যাবৃন্দের পরিবার পরিজনরা ও অংশ নিতে পারবে। আগরতলা প্রেসক্লাবের এবারকার স্পোর্টস সাব কমিটির প্রথম এবং বিশেষ বর্ধিত সভায় আজ, রবিবার মুখ্যত এ বিষয়ে বেশ কিছু গঠনমূলক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় চেয়ারম্যান অলক ঘোষ, কনভেনার অভিষেক দে সহ অন্যান্য সদস্য-সদস্যাবৃন্দরাও উপস্থিত ছিলেন। ঘোষিত ক্রীড়া সূচি অনুযায়ী ২০ মার্চে লুডো, ২২ মার্চে চাইনিজ চেকার্স, ২৪ মার্চে দাবা, ২৬ মার্চে ক্রিকেট, ২৮ মার্চে ক্যারাম, ৩০ মার্চে টেবিল টেনিস এবং ১লা এপ্রিল ব্যাডমিন্টন প্রতিযোগিতার পর ২রা এপ্রিল বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান করা হবে। সবকটি প্রতিযোগিতায় পুরুষ ও মহিলা উভয়-বিভাগের সদস্যরাই অংশ নিতে পারবে। ইভেন্ট ভিত্তিক প্রতিযোগিতার জন্য অংশগ্রহণকারী প্রেসক্লাবের সদস্য-সদস্যাবৃন্দকে প্রেস ক্লাবে ১৬ মার্চের মধ্যে নাম নথিভুক্ত করতে আহ্বান জানানো হচ্ছে।

মৈত্রী ও সমন্বয় সাধনের কথা চিন্তা করে কলকাতা এবং বাংলাদেশ প্রেসক্লাবের সঙ্গে আগরতলা প্রেসক্লাবের ফুটবল বা ক্রিকেট ম্যাচের আয়োজনের ব্যবস্থা করা হবে।

এপ্রিল মাসে ত্রিপুরার বিভিন্ন জেলার প্রেসক্লাবকে আমন্ত্রণ জানিয়ে ফুটবল টুর্নামেন্টেরও উদ্যোগ নেয়া হবে। আগরতলা প্রেস ক্লাবের সহ সম্পাদক তথা স্পোর্টস সাব কমিটির কনভেনর অভিষেক দে এ সংবাদ জানালে ক্লাব সচিব রমাকান্ত দে এক বিবৃতিতে এখবর জানিয়েছেন।

বিশাল, তুষারের দুর্দান্ত বোলিংয়ে সংহতিকে হারিয়ে জেসিসি-র জবাব

সংহতি:-১০১/১০(২৯.৪) জেসিসি:-১০২/৫(২১.১)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। প্রথম লিগে পরাজয়ের সুমধুর বদলা নিলো জে সি সি। অনেকটা সহজেই পরাজিত করলো সংহতি ক্লাবকে। এম বি বি স্টেডিয়ামে জে সি সি-র স্পিনার তুষার সাহার ভেলকি এবং বিশাল গৌর ঠাকুরের সাড়াশি আক্রমণে তাসের ঘরের মতো ভেঙ্গে যায় সংহতির যাবতীয় প্রতিরোধ। ম্যাচে জে সি সি জয়লাভ করে ৫ উইকেটে। প্রথম লিগে সংহতি ১ উইকেটে পরাজিত করেছিলো জে সি সি-কে। রবিবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে সংহতি ক্লাব বিশাল এবং তুষারের দুরন্ত বোলিংয়ে মাত্র ১০১ রানে গুটিয়ে যায় দলের হয়ে ৪ নম্বরে ব্যাট করতে নেমে স্বরব সাহানি যদি সাময়িক প্রতিরোধ গড়ে না তুলতেন তাহলে দলীয় স্করো সম্ভবত ৭০ রানের গন্ডি পার হতো না।

স্বরব ৪১ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২৫ রান করেন। এছাড়া দলের পক্ষে ওপেনার অর্কপ্রভ সিনহা ১০ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১০ রান করেন। দলের আর কনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। দল অতিরিক্ত খাতে পায় ২৮ রান। জে সি সি-র পক্ষে তুষার সাহা (৪/১৭) এবং বিশাল গৌর ঠাকুর (৪/৪৬) সফল বোলার।

জবাবে খেলতে নেমে জে সি সি ২১.১ ওভারে ৫ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের জয়কের সহজ করে দেন অনিরুদ্ধ সাহা এবং রিমন সাহা জুটি। তৃতীয় উইকেটে ওই জুটি ৪০ রান যোগ করেন।

অনিরুদ্ধে ৫৯ বল খেলে ৮ টি বাউন্ডারির সাহায্যে ৩৭ রানে অপরাজিত থেকে যান। এছাড়া ইরমন ৩২ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২০ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৯ রান। সংহতির পক্ষে শিখর মেহেতা (২/৩১) সফল বোলার।

ফিরতি লীগেও স্ফুলিঙ্গের আস্ফালন বিক্রমের শতক, ব্যাকফুটে ফ্রেন্ডস

ইউ. ফ্রেন্ডস:- ২৬০/৮(৫০) স্ফুলিঙ্গ:- ২৬৪/৮(৪৭.১)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। ফিরতি লিগে প্রথম ম্যাচ অর্থাৎ দ্বিতীয় সাক্ষাৎকারেও দুরন্ত জয়। আর পর পর বড় দুই ম্যাচে জয় পেয়ে খেতাবের দৌড়ে কার্যত কয়েক কদম এগিয়ে গেলো স্ফুলিঙ্গ ক্লাব। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে স্ফুলিঙ্গ ২ উইকেটে পরাজিত করে ইউনাটেড ফ্রেন্ডসকে।

বিজয়ী দলের বিক্রম কুমার দাস শতরান করেন। রবিবার সকালে টসে জয়লাভ করে ইউনাটেড ফ্রেন্ডসকে প্রথমে ব্যাট করার আমন্ত্রণ জানান স্ফুলিঙ্গ ক্লাবের অধিনায়ক। ইউনাটেড ফ্রেন্ডস নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৬০ রান করে। ওপেনার বিশাল ঘোষ এবং মিডল অর্ডারে শুভম ঘোষ দুরন্ত খেলে দলকে বড় স্কোরের দিকে নিয়ে যান। বিশাল ১০৮ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৮৮ এবং শুভম ৮০ বল খেলে ৮ টি বাউন্ডারি ও ১টি ওভার বাউন্ডারির সাহায্যে ৭৪ রান করেন। এছাড়া দলনায়ক রজত দে ২৯ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ এবং নবীন কুমার ১৭ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৬ রান করেন। স্ফুলিঙ্গের পক্ষে বিক্রম দেবনাথ (৩/৩৩) এবং মণিশঙ্কর মুড়াসিং (২/৪১) সফল বোলার। জবাবে খেলতে নেমে ১৭ বল বাকি থাকতে ৮ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় স্ফুলিঙ্গ। বিক্রম কুমার দাস শুরুটা ভালো করলেও দলকে জয় এনে দিতে মূখ্য ভূমিকা নেন অলরাউন্ডার অভিজিৎ সরকার। বিক্রম ১০১ বল খেলে ১১ টি বাউন্ডারির সাহায্যে ১০২ , অভিজিৎ সরকার ৪০ বল খেলে ২ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫১ (অপ:), শ্রীদাম পাল ৩৫ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৯ এবং শ্যাম শাকিল গণ ২৯ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২৬ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৬ রান। ইউনাটে ফ্রেন্ডসের পক্ষে দীপক ক্ষত্রী (২/৫০) এবং প্রীয়াংশু গৌতম (২/৫০) সফল বোলার।

হেরে বিদায়, আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেটে স্বপ্ন অধরা ত্রিপুরা ভার্সিটির

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। অবশেষে থেমে গেলো বিজয় রথ। হারলো ত্রিপুরা বিশ্ববিদ্যালয়। পূর্বাঞ্চলীয় বিশ্ব বিদ্যালয়ের বিরুদ্ধে। ৬ উইকেটে। ওড়িশার ভুবনেশ্বরে অনুষ্ঠিত পূর্বাঞ্চলীয় আন্ত; বিশ্ব বিদ্যালয় ক্রিকেটে। কিট বিশ্ব বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ম্যাচে ত্রিপুরা বিশ্ববিদ্যা প্রথমে ব্যাট করতে নেমে ১০০ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে হৃতুরাজ ঘোষ রায় ১৯ বল খেলে ৩০,বাবুল দে ৩৬ বল খেলে টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬ এবং তন্ময় দাস ৪৪ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৬ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেননি। পূর্বাঞ্চলীয় বিশ্ব বিদ্যালয়ের পক্ষে দিব্য প্রকাশ (৬/১২) এবং সৌরভ শ্রীবাস্তব (২/৩) সফল বোলার। জবাবে খেলতে নেমে ১৭.৩ ওভারে ৪ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয়। দলের পক্ষে অনুজ সিং পারিহার ২২ বল খেলে ৬ টি বাউন্ডারির সাহায্যে ২৯, রবি সিং ২৩ বল খেলে ৫ টি বাউন্ডারির সাহায্যে ২৭ , সৌরভ ত্রিপাঠী ২২ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২১ এবং অভিষেক কৌশল ২৪ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৯ রান করেন। ত্রিপুরার পক্ষে সন্দীপ সরকার (২/২০) সফল বোলার। প্রসঙ্গত; ইতিমধ্যেই ত্রিপুরা বিশ্ববিদ্যালয় মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করে ফেলেছে।

স্পোর্টস ক্যারাটের কমিটি গঠিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। ত্রিপুরা স্পোর্টস কারাটের কার্যকরী কমিটি গঠন করা হয়েছে। এর সভাপতি দিব্যেন্দু দত্ত এবং সচিব কৃষ্ণ সূত্রধর নির্বাচিত হয়েছেন। ত্রিপুরার স্পোর্টস ক্যারাটে সংস্থার পুরো কমিটিই গঠন করা হয়েছে। শনিবার দিল্লিতে গভর্ণিং বডির জরুরি সভাও অনুষ্ঠিত হয়। তাতে উপস্থিত ছিলেন রাজ্য সংস্থার সচিব কৃষ্ণ সূত্রধর। সভায় ত্রিপুরায় ওই খেলা নিয়ে বিস্তর আলোচনা হয়। এবং আগামী ১ বছরের জন্য রাজ্য সংস্থাকে পুনরায় অনুমোদন করা হয়। দিল্লি থেকে ফিরে রাজ্য সংস্থার সচিব বলেন, 'ত্রিপুরায় ওই খেলার প্রচার ও প্রভাব নিয়ে সভায় বিস্তর আলোচনা হয়। ত্রিপুরার খেলোয়াড়দের ভূয়যী প্রশংসাও করেন কেন্দ্রীয় প্রতিনিধিরা। আরও কীভাবে ওই খেলার জনপ্রিয়তা বাড়ানো যায় তা নিয়েও হয় আলোচনা। প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেওয়া হয় আগামীদিনে রাজ্যে বড় আসর করার জন্য'।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

কৃষ্ণপুরে অশান্তির পরিবেশ কায়েম করার চক্রান্ত প্রাক্তন বিধায়কের, অভিযোগ শাসকদলের

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৫ মার্চ।। নির্বাচনে পরাজিত হওয়ার পর ডাক্তার অতুল দেববর্মা এলাকায় অশান্তির পরিবেশ সৃষ্টির চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ। স্থানীয় জনপ্রতিনিধিদের নেতৃত্বে সিপিআইএম আশ্রিত দুষ্কৃতীরা এলাকার বিজেপি কর্মীদের উপর আক্রমণ চালাচ্ছে। ২৯ কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্র এলাকায় যেন সবকিছু উলট পুরান চলছে। এই কেন্দ্র থেকে ২০১৮ সালে বিজেপির টিকিটে জয়ী হয়ে বিধায়ক হয়েছিলেন ডাক্তার অতুল দেববর্মা। ২০২৩ সালে ডাক্তার অতুল দেববর্মা বিজেপি থেকে টিকিট না পেয়ে নির্দল প্রার্থী হিসাবে নির্বাচনে লড়াই করেন। এবং নির্বাচনে পরাজিত হন। নির্বাচনে পরাজিত হওয়ার পর ডাক্তার অতুল দেববর্মা এলাকায় অশান্তির পরিবেশ সৃষ্টির চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ। অভিযোগ অতুল দেববর্মার অনুগামী স্থানীয় জনপ্রতিনিধিদের নেতৃত্বে সিপিআইএম আশ্রিত দুষ্কৃতীরা এলাকার বিজেপি কর্মীদের উপর আক্রমণ চালাচ্ছে। শনিবার রাতে দক্ষিণ কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান গোপাল দাসের নেতৃত্বে সিপিআইএম আশ্রিত দুষ্কৃতীরা একাধিক বিজেপি কর্মীর উপর ধারালো অস্ত্র দিয়ে প্রাণঘাতী হামলা চালায় এবং তাদের বাড়ি ঘরে ভাঙচুর চালায় বলে অভিযোগ। এতে বেশ কয়েকজন বিজেপি কর্মী আহত হয়। আহতদের মধ্যে সন্তোষ দেবনাথ এবং কাজল রানী দেবনাথ বর্তমানে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। আহত সন্তোষ দেবনাথ জানান তিনি শনি পূজার প্রসাদ খেয়ে বারিয়ে যাওয়ার সময় সিপিআইএম আশ্রিত দুষ্কৃতীরা প্রথমে ওনার রাস্তা আটক করে। সেখান থেকে কোন ক্রমে তিনি পালিয়ে বাড়িতে চলে যান। পরবর্তী সময় ওনার বাড়িতে হামলা চালানো হয়। মারধর করা হয় ওনার স্ত্রীকে। স্ত্রীকে বাঁচাতে আসলে ওনাকেও মারধর করা হয়। এই ঘটনার নেতৃত্বে ছিলেন দক্ষিণ কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান গোপাল দাস।

৮ মার্চ মন্ত্রিসভার শপথগ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি খতিয়ে দেখতে স্বামী বিবেকানন্দ ময়দানে যান তত্ত্বাবধায়ক মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা। ছবি নিজস্ব।

রাষ্ট্রসংঘের দফতরের সামনে ভারত বিরোধী বিক্ষোভ, রাষ্ট্রদূতকে তলব নয়াদিল্লির

নয়াদিল্লি-জেনেভা, ৫ মার্চ (হি.স.): কড়া নিরাপত্তায় মোড়া জেনেভায় রাষ্ট্রসংঘের দফতরের সামনে ভারত বিরোধী পোস্টার নিয়ে বিক্ষোভ দেখালেন কয়েকজন। খবর জেনে উদ্বিগ্ন নয়াদিল্লি। বিদেশমন্ত্রকের তরফে দ্রুত ডেকে পাঠানো হল সুইস রাষ্ট্রদূতকে। বিষয়টি ঠিক কী ঘটেছে, তা জানতে চেয়েছে মোদী সরকার। এ ব্যাপারে সুইস সরকার এখনও পর্যন্ত একটি শব্দও খরচ করেনি। ভারতীয় খ্রিস্টানদের নিরাপত্তাহীনতার কথা লেখা সেই পোস্টারে। লেখা — 'স্টপ বার্নিং ইন্ডিয়ান ক্রিশ্চিয়ানস'। কিছুক্ষণ পর অবশ্য পুলিশ ও নিরাপত্তারক্ষীরা এসে সেই বিক্ষোভ হঠিয়ে দেয়। কিন্তু কারা এই বিক্ষোভ দেখাল, তাঁদের উদ্দেশ্যই বা কী, এসব কিছুই এখনও জানা যায়নি। ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গেই সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতকে তলব করে বিদেশমন্ত্রক। তিনি জানিয়েছেন, বিক্ষোভের বিষয়ে তেমন কোনও তথ্য নেই। কোনও গোষ্ঠী এখনও এর দায় স্বীকার করেনি। তবে ভারতের উদ্বেগের কথা তিনি অবশ্যই সুইস সরকারকে জানাবেন এবং বিস্তারিত ঘটনা জানার চেষ্টা করবেন।তবে সুইস রাষ্ট্রদূতের ভূমিকায় খুশি নয় নয়াদিল্লি। আরও অসন্তুষ্ট সুইস প্রশাসনের ভূমিকায়। এখনও পর্যন্ত তারা ভারত বিরোধী বিক্ষোভ নিয়ে মুখ খোলেনি।এমনিতে ভারতের সঙ্গে সুইজারল্যান্ডের কূটনৈতিক সম্পর্ক বরাবরই ভাল। বিশ্ব রাজনীতিতে উভয়ের প্রায় নিরপেক্ষ অবস্থানই দু'দেশকে কাছাকাছি এনেছে। একাধিক বিষয় দ্বিপাক্ষিক মিল রয়েছে। মোদী সরকারের আমলে বিশ্ব কূটনীতিতে আরও নজর দেওয়ায় বিভিন্ন দেশের সঙ্গেই সম্পর্ক আরও মজবুত হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে জেনেভায় ভারত বিরোধী পোস্টারের ঘটনার দিকে কড়া নজর রাখছে নয়াদিল্লি।

সেন্ট্রাল রোড শিববাড়িতে রক্তদান শিবির অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। রাজ্যের ব্লাড ব্যাংক গুলিতে রক্তের সংকট দেখা দিয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে রক্তদানে সকলকে এগিয়ে আসার জন্য আহ্বান জানানো হয়েছে। এই আহবানে সারা দিয়ে এবং বাৎসরিক কর্মসূচির অঙ্গ হিসেবে সেন্ট্রাল রোড শিব বাড়িতে রবিবার রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরকে কেন্দ্র করে ধর্মপ্রাণ মানুষ সহ সকল অংশের মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ি প্রাঙ্গনে হরিভক্তি প্রচারণি সভার বাৎসরিক ভাগবতী মহাসম্মেলনর অঙ্গ হিসেবে রবিবার রক্তদান শিবিরে আয়োজন করা হয়। রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক রামপ্রসাদ পাল, হরিভক্তি প্রচারণি সভার অন্যতম প্রাণপুরুষ নিত্যলীলা প্রবীষ্ট প্রভুপাদ মদন গোপাল গোস্বামী, দুই পুত্র প্রভুপাদ নৃত্য গোপাল গোস্বামী ও প্রেম গোপাল গোস্বামী, হরিভক্তি প্রচারনী সভার সম্পাদক সুশীল কুমার সাহা সহ অন্যান্যরা। ধর্ম মানেই ঈশ্বরের নাম নেওয়ার মধ্যে সীমিত নয়। সমস্ত কাজকর্মের প্রণালীকে নিয়েই ধর্ম। ভগবান সকলের মধ্যে বিরাজমান। তাই ঈশ্বরের নামের মধ্যে সীমাবদ্ধ না থেকে সামাজিক কাজের মাধ্যমেও ধর্ম পালনে আহ্বান জানান বিধায়ক রামপ্রসাদ পাল।

নারী দিবস ঘিরে বিলোনিয়ায় র‍্যালি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। আগামী ৮ মার্চ বৃহস্পতিবার বিশ্ব নারী দিবস, এই দিবসটির উদযাপন উপলক্ষে দক্ষিণ ত্রিপুরা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে বিলোনিয়া মহকুমা হাসপাতাল থেকে বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকা ছাত্র ছাত্রীও স্বাস্থ্য দফতফতরের কর্মী ডাক্তার, নার্স সমেত সবাই এক বর্ণাঢ্য সাইকেল র‍্যালিতে অংশ নে। রেলিকে কেন্দ্র কোরে বিশ্ব নারী দিবসে

দক্ষিণ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডঃ সুব্রত দাস বলেন আন্তর্জাতিক নারী দিবস পালনের মধ্য দিয়ে নারীত্বের উৎসব পালিত হয়। জাতি, ধর্ম, বর্ণ প্রত্যেকে তাঁদের ভাষা, সংস্কৃতি ও অর্থনৈতিক ভেদাভেদ ভুলে মহিলাদের কৃতিত্বকে স্বীকৃতি জানানোর জন্য এই দিনটি পালিত হয়। এই দিনে নারীদের অধিকার ও লিঙ্গ সমতা সম্পর্কে সচেতন করে তোলা হয়। পাশাপাশি মহিলাদের সমান অধিকারের লড়াই জোরদার করাও এই দিনটি পালনের অন্যতম উদ্দেশ্য। পারিবারিক বা ব্যক্তিগত কিংবা পেশাদার জীবনে মহিলাদের নানান সমস্যার মোকাবিলা করতে হয়। এই দিন পালনের মধ্য দিয়ে এই বিষয়টিকেও সকলের সামনে তুলে ধরে সচেতনতা প্রসারের চেষ্টা চালানো হয়ে থাকে। আজকের এই বর্ণাঢ্য সাইকেল র‍্যালিতে আশা কর্মীরাও অংশগ্রহণ করেন। পাশাপাশি র‍্যালির মাধ্যমে বিভিন্ন স্বাস্থ্য সম্বন্ধীয় সচেতনতা ও প্রদান করা হয়। বিশ্ব নারী দিবস উদযাপন উপলক্ষে দক্ষিণ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির এই উদ্যোগ পথ চলতি মানুষ থেকে শুরু কোরে সবার মধ্যে উৎসাহের সঞ্চার করেছে।

আইনজীবীকে গ্রেফতারের প্রতিবাদ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। একজন বিজেপি কর্মী হিসাবে বিজেপি-র এই জয়ে আনন্দিত প্রাক্তন বিধায়ক অরুন চন্দ্র ভৌমিক। রবিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানান মুখ্যমন্ত্রী হিসাবে পুনরায় নির্বাচিত হবেন ডাঃ মানিক সাহা। এটা কেবল সময়ের অপেক্ষা। রবিবার সাংবাদিক সম্মেলন করে জানান প্রাক্তন বিধায়ক অরুন চন্দ্র ভৌমিক। বিজেপি সরকার আসার পর রাজ্যে কোন রাজনৈতিক হত্যার ঘটনা ঘটেনি। কোন মানুষকে বঞ্চিত রাখা হয়নি। মুখ্যমন্ত্রী হিসাবে বিপ্লব কুমার দেবের পর ডাঃ মানিক সাহা রাজ্যের মানুষের জন্য ভাল কাজ করে গেছেন। উন্নয়নের জন্য কাজ করেছেন। বিলোনিয়া বিধানসভা এলাকায় বহু কাজ হয়েছে। রবিবার সাংবাদিক সম্মেলন করে জানান প্রাক্তন বিধায়ক অরুন চন্দ্র ভৌমিক। এর পাশাপাশি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর সমালোচনা করায় কলকাতা হাইকোর্টের আইনজীবী কৌস্তব বাগচীকে যেভাবে পুলিশ গ্রেপ্তার ও হেনস্থা করেছে তার তীব্র নিন্দা জানান বরিষ্ঠ আইনজীবী অরুন চন্দ্র ভৌমিক। নবান্নকে নিজের দলীয় কার্যালয়ে পরিণত করেছে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। এটা করা ঠিক নয় বলে জানান তিনি।

ওয়েবিনারে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী, বিষয় স্বাস্থ্য এবং চিকিৎসা গবেষণা

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমবার সকাল দশটায় ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বাজেট পরবর্তী ওয়েবিনারে স্বাস্থ্য এবং চিকিৎসা গবেষণা সংক্রান্ত বিষয়ে ভাষণ দেবেন। ২০২৩- ২৪ এর কেন্দ্রীয় বাজেটে যে সমস্ত পরিকল্পনা এবং নীতি গৃহীত হয়েছে সেগুলি সম্পর্কে কেন্দ্র যে ১২টি ওয়েবিনারের আয়োজন করেছে এটি তারই অংশ।কেন্দ্রীয় বাজেটে সাতটি অগ্রাধিকারের তালিকা তৈরি হয়েছে। অমৃত কালে এই তালিকা সপ্তর্ষির মতো কাজ করবে। ইতিমধ্যেই বেশ কয়েকটি ওয়েবিনারে বক্তব্য রেখেছেন প্রধানমন্ত্রী। আর সোমবার স্বাস্থ্য এবং চিকিৎসা গবেষণা সংক্রান্ত বিষয়ে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী।

বাইখোড়া ও জোলাইবাড়ী বাজারে বিজয় মিছিল বিজেপির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। এইবছরের বিধানসভা নির্বাচনে পরিবর্তনের স্বাদ পেয়েছে জোলাইবাড়ীবাসী। মন্ডল সভাপতি অজয় রিয়াং এর নেতৃত্বে এই পরিবর্তন সম্ভব হয়েছে। এই পরিবর্তনের আনন্দে মাতোয়ারাহয়ে জোলাইবাড়ী বিজেপি ও আই পি এফ টির যৌথ উদ্দ্যোগে বাইখোড়া ও জোলাইবাড়ী বাজারে বিজেপি ও আই পি এফ টি কর্মী সমর্থকদের নিয়ে এক বিজয় মিছিল সংগঠীত করাহয়।

আজকের এই বিজয় মিছিলে উপস্থিত ছিলেন সাংসদ রেবতী ত্রিপুরা, এম ডি সি পদ্মলোচন ত্রিপুরা, জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত আই পি এফ টি মনোনিত প্রার্থী শুক্লাচরন নোয়াতিয়া, জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রের মুক্তির কান্ডারী বিজেপির মন্ডল সভাপতি অজয় রিয়াং সহ বিজেপি ও আই পি এফ টির নেতৃত্ববৃন্দরা। বিধানসভা নির্বাচনে জোলাইবাড়ী বিধানসভা কেন্দ্রে পরিবর্তনের জন্য সকলে মন্ডল সভাপতি অজয় রিয়াংকে বিশেষ ধন্যবাদ জানিয়েছেন। বিজেপি ও আই পি এফ টি কতৃক আয়োজিত আজকের এই বিজয় মিছিলে ব্যাপক হারে লোকগমাগম ঘটে। মিছিলে উপস্থিত কর্মী সমর্থকদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দিপনা লক্ষ করা গেছে।

অত্যাধুনিক 'ব্রহ্মস' ক্ষেপণাস্ত্রের পরীক্ষা সফল আরও শক্তিশালী ভারত

নয়াদিল্লি, ৫ মার্চ (হি.স.): দূরপাল্লার ব্রহ্মস ক্ষেপণাস্ত্র সফল পরীক্ষা করল ভারত। ফলে প্রতিরক্ষার ক্ষেত্রে আরও শক্তিশালী হল ভারত। রবিবার আরব সাগরে লক্ষ্যবস্তুতে নিখুঁত আঘাত হানল দেশীয় প্রযুক্তিতে তৈরি এই সুপারসনিক ক্রুজ ক্ষেপণাস্ত্রটি। ব্রহ্মসের সফল উৎক্ষেপণের কথা জানাল ভারতের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন বা ডিআরডিও।ব্রহ্মস উৎক্ষেপণের কথা জানিয়ে নৌসেনার তরফে একটি টুইটও করা হয়। লেখা হয়, "আত্মনির্ভর ভারতের দিকে আরও এককদম। নৌসেনার তরফে আরব সাগরে সফল উৎক্ষেপণ হল দেশীয় প্রযুক্তিতে তৈরি ব্রহ্মস সুপারসনিক ক্রুজ ক্ষেপণাস্ত্রের"।রবিবার আরব সাগরে 'কলকাতা ক্লাস গাইডেড' মিশাইল ধ্বংসকারী যুদ্ধজাহাজ থেকে ছোঁড়া হয় ক্ষেপণাস্ত্র ব্রহ্মস। নৌবাহিনীর এক আধিকারিক বলেন, রবিবারের সফল উৎক্ষেপণের পরে দেশীয় প্রযুক্তিতে তৈরি সমরাস্ত্র ভাণ্ডার আরও শক্তিশালী হল।

আপেল কুল চাষ করে স্বাবলম্বী পেঁচারথলের বিক্রম

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৫ মার্চ।। আপেল কুল চাষ করে স্বাবলম্বী পেচারথলের বিক্রম চাকমা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গলায় বিক্রম চাকমার নাম উঠে আসে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির লোকাল ফর ভোকাল মন্ত্রে দীক্ষিত হয়ে দেশের বিভিন্ন জায়গায় যুবকদের মধ্যে স্বাবলম্বী হওয়ার প্রতিযোগিতা দেখা দিয়েছে। সবাই বিভিন্ন নতুনত্ব খুঁজে বেড়াচ্ছে কেমন করে নিজেদেরকে স্বাবলম্বী করে সকলের নজর কারা যায়। এই স্বাবলম্বী হওয়ার পথে পার্বত্য রাজ্য ত্রিপুরার একটি ছোট্ট জনপদ পেচারথলের বিক্রম চাকমার অবদান সবাইকে চোখ ধাদিয়ে দেওয়ার মত। তিনি জানান তিন বছর হলো তার এই আপেল কুলের বাগান। প্রথম বছর সে দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা বিনিয়োগ করে ৪ লক্ষ ৭০ হাজার টাকা পেয়েছিল। তার মাথায় এই আপেল কুলের চাষের ধারণা এসেছিল।দ্রন্ডষ্ঠন্ডত্রত্র এ দেখে। আগে সারা বছরে বিভিন্ন সবজি চাষ করে যেই এলাকা থেকে ১৫ থেকে ২০ হাজার টাকা মুনাফা অর্জন করত। এখন সেই এলাকা থেকে তিন লক্ষ টাকার উপরে মুনাফ অর্জন করা তাদের পক্ষে কোন ব্যাপারই নয়। বিক্রম চাকমার বাগান দেখতে গিয়ে পাওয়া গেল অরুণাচল থেকে সুশীল বিশাল চাকমা নামে এক উৎসাহী ভদ্রলোক বাগান দেখতে এসে আপ্লুত। পরামর্শ নিতে অরুনাচল প্রদেশ থেকে এসেছেন এই সুশীল বিকাশ চাকমা। তারা জানায় বাজারে যে আপেল কুল পাওয়া যায় তার থেকে এই ফল অনেক বেশি সুস্বাদু এবং ফ্রেশ। বিক্রম চাকমা জানায় এই আপেল কুল ২০০ টাকা কেজি ধরে তিনি বিক্রি করেছেন। তিনি আরো বাগান করছেন। তার মধ্যে রয়েছে ড্রাগণ ফ্রুটস এবং দুই ধরনের আমগাছ। যেগুলিতে সারাবছর আম উৎপাদিত হবে।

গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ড্রাগস বাজেয়াপ্ত, ধৃত এক

গুয়াহাটি, ৫ মার্চ (হি.স.) : শনিবার বঙাইগাঁও রেলওয়ে স্টেশনে দিল্লিগামী ব্রহ্মপুত্র মেল থেকে প্রায় ১.৭০ কোটি টাকার মাদক উদ্ধারের পর আজ রবিবার সকালে গুয়াহাটি রেলস্টেশনে রেল পুলিশের অভিযানে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণের হেরোইন। মাদক পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়েছে এক যুবককে। ধৃতকে বরপেটা জেলার ভালুকি শালমারা গ্রামের বাসিন্দা আজমত আলি (২৪) বলে শনাক্ত করা হয়েছে।

জানা গেছে, আজ রবিবার সকালে দিল্লিগামী কামরূপ এক্সপ্রেসে রুটিন তালাশি অভিযান চালিয়েছিল রেল পুলিশ। তালাশিতে ট্রেনের একটি কামরায় এক যাত্রীর ব্যাগে তালাশি চালিয়ে উদ্ধার করা হয় চারটি সাবান কেসে ভর্তি ৭৫ গ্রাম হেরোইন। রেল পুলিশের তালাশির সময় ট্রেন থেকে নেমে পালিয়ে যাওয়ার চেষ্টা করেছিল ধৃত আজমত আলি, কিন্তু রেল পুলিশ পিছু ধাওয়া করে তাকে পাকড়াও করে।প্রাথমিক জিজ্ঞাসাবাদে ধৃত নাকি স্বীকার করেছে, হেরোইনগুলি সে ডিমাপুর থেকে সংগ্রহ করেছিল। তার স্বীকারোক্তির ভিত্তিতে এনডিপিএস-এর নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আজমত আলিকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে, গতকাল শনিবার বঙাইগাঁও রেলওয়ে স্টেশনে দিল্লিগামী ব্রহ্মপুত্র মেল থেকে প্রায় ১.৭০ কোটি টাকার মাদকদ্রব্য ১৭০ গ্রাম হেরোইন এবং ৮,০০০টি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছিল রেলপুলিশ। জানা গেছে, গজরাজ ইন্টেলিজেন্স-এর তথ্যের ভিত্তিতে বঙাইগাঁও স্টেশনে ব্রহ্মপুত্র মেল আটকে তাতে তালাশি চালিয়ে এই সাফল্য লাভ করেছে রেল পুলিশ।

ঢাকার সায়েন্স ল্যাব মোড়ে ভবনে বাণিজ্যিক ভবনে বিস্ফোরণ, প্রাণ হারালেন ৩ জন

ঢাকা, ৫ মার্চ (হি.স.): বাংলাদেশের পুরোনো ঢাকার সায়েন্স ল্যাব মোড়ে একটি বাণিজ্যিক ভবনের চার তলায় রবিবার সকাল ১১ টা নাগাদ বিস্ফোরণে তিনজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন বেশ কয়েকজন। এদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। বিস্ফোরণের জেরে ভবনটিতে আগুন ধরে যায়। সেটি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। বিস্ফোরণের সঠিক কারণ জানা না গেলেও গ্যাস সিলিন্ডার ফেটেই এই ঘটনা বলে, পুলিশের অনুমান।

নিহতরা হলেন- শফিকুজ্জামান, আব্দুল মান্নান, তুষার। আহতদের মধ্যে তিনজনের পরিচয় পাওয়া গেছে। তারা হলেন- পথচারী খাইরুল, প্রতিষ্ঠানের কর্মকর্তা হান্নান ও শিক্ষার্থী পায়েল। রবিবার সকাল ১০টা ৫০ মিনিটে প্রিয়াঙ্গন শপিং মলের পাশের ভবনে এ ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স অধিদফতরের মিডিয়া কর্মকর্তা মো. শাজাহান সিকদার জানান, সায়েন্স ল্যাবের পাশে একটি তিন তলা ভবন আংশিক ধসে পড়েছে ও আগুন লেগেছে।এদিকে, বাংলাদেশের উখিয়ার রোহিঙ্গা আশ্রয় শিবিরে আবার আগুন লেগেছে। রবিবার দুপুর আড়াইটায় উখিয়া উপজেলার বালুখালী ১১ নম্বর রোহিঙ্গা আশ্রয় শিবিরের বি-ব্লকে আগুনের ঘটনা ঘটে। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের প্রচেষ্টার আগুন নিয়ন্ত্রণে এসেছে বলে জানা গিয়েছে। প্রাথমিকভাবে উখিয়া দমকলের চারটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনার কাজ করে।

উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ আলী জানান, বালুখালী ১১ নম্বর আশ্রয় শিবির থেকে আশপাশের ১০, ১১ ও ১২ নম্বর আশ্রয় শিবিরেও আগুন ছড়িয়ে পড়ে। খবর পেয়ে প্রথমে উখিয়া ফায়ার সার্ভিস স্টেশনের দু''টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পরে আরও দু''টি ইউনিট যোগ দেয়। আগুন নিয়ন্ত্রণে আনতে কক্সবাজার সদর, রামু ও টেকনাফ ফায়ার সার্ভিস স্টেশনের সহায়তা চাওয়া হয়।

ইস্তফা দিয়ে দলের বিরুদ্ধে সুর চড়ালেন তৃণমূল অঞ্চল সভাপতি

কুশমণ্ডি, ৫ মার্চ (হি.স.): পঞ্চায়েত নির্বাচনের আগে দলে গোষ্ঠীদ্বন্দ্বের বিরুদ্ধে সুর চড়িয়ে পদ থেকে ইস্তফা দিলেন দক্ষিণ দিনাজপুরের কুশমণ্ডি ব্লকের করঞ্জি অঞ্চলের তৃণমূল সভাপতি সুবীর সরকার। রবিবার ইস্তফা দিয়ে তিনি বলেন, অঞ্চলের প্রতিটা বুথে দুটো করে তৃণমূল সংগঠন কাজ করছে। এমনকি, আগামী এক সপ্তাহের মধ্যে তাঁর স্ত্রী স্মৃতিকণা দেবশর্মা সরকার করঞ্জি পঞ্চায়েত প্রধানের পদ থেকে ইস্তফা দেবেন বলেও জানিয়ে দেন সুবীরবাবু।

সভাপতির পদ থেকে ইস্তফা দিলেও বিজেপি কিংবা অন্য কোনও দলে যাওয়ার কোনও সিদ্ধান্ত নেননি বলে জানান সুবীরবাবু। তাঁর অভিযোগ, 'পঞ্চায়েত নির্বাচনের আগে আমাকে সভাপতি পদ থেকে ইস্তফা দিতে বাধ্য করেছে দলের একটা অংশ।

গত কয়েক মাস ধরে অকথ্য ভাষায় গালিগালাজ ও দলের আভ্যন্তরীণ অনৈতিক চাপ আর সহ্য হচ্ছিল না। তাই দল পরিচালনার ক্ষেত্র থেকে আমি সরে এলাম। পঞ্চায়েত পরিচালনার ক্ষেত্রে আমার স্ত্রীও সরে আসবেন।' যদিও বর্তমান পঞ্চায়েত প্রধান স্মৃতিকণা দেবশর্মা এ নিয়ে কোনও মন্তব্য করতে চাননি।

এদিন সুবীরবাবু বলেন, 'অঞ্চলের প্রতিটা বুথে দুটো করে তৃণমূল সংগঠন কাজ করছে। তবে কাদের মদতে এটা হচ্ছে, সেটা সাধারণ তৃণমূল কংগ্রেস কর্মীরা সবাই জেনে গিয়েছেন। আমি গোষ্ঠীদ্বন্দ্বের বাইরে তাই দলের সভাপতি পদে ইস্তফা দিয়েছি।' আগামী এক সপ্তাহের মধ্যে আইনানুগভাবে পঞ্চায়েত প্রধানের পদ থেকে স্ত্রী ইস্তফা দেবেন বলেও জানিয়ে দেন তিনি। যদিও এই বিষয়ে দলে আলোচনা করা হবে বলে জানান কুশমণ্ডি ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি কেশব যোশি।

৩০ মার্চ অসমের ছয় জেলায় বিশেষ টেট পরীক্ষা, ঘোষণা শিক্ষামন্ত্রী ডা. পেগুর

গুয়াহাটি, ৫ মার্চ (হি.স.) : আগামী ৩০ মার্চ অসমের ছয়টি জেলায় বিশেষ টেট পরীক্ষার দিন ঘোষণা করেছেন রাজ্যের শিক্ষামন্ত্রী ডা. রণোজ পেগু।অসমের শিক্ষামন্ত্রী ডা. রণোজ পেগু জানান, রাজ্যের ছয়টি তফশিলভুক্ত জেলার জন্য আগামী ৩০ মার্চ শিক্ষকদের যোগ্যতা পরীক্ষা (টেট) অনুষ্ঠিত হবে। যে সব জেলায় টেট পরীক্ষা হবে সেগুলি কোকরাঝাড়, বাকসা, ওদালগুড়ি, ডিমা হাসাও, কারবি আংলং এবং পশ্চিম কারবি আংলং।টেট-এর জন্য যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে, সে অনুযায়ী পরীক্ষাটি চলতি ২০২৩ সালের ৩০ মার্চ অনুষ্ঠিত হবে। এর জন্য অনলাইনে আবেদন প্রাপ্তি ৫ মার্চ থেকে শুরু হবে এবং জমা দেওয়ার শেষ তারিখ ২৫ মার্চ। ই-অ্যাডমিট কার্ড ১৫ মার্চ থেকে জারি করার কথা বলা হয়েছে বিজ্ঞপ্তিতে।শিক্ষামন্ত্রী বলেন, বিশেষ টেট বিশেষকরে এই ছয়টি তফশিলভুক্ত জেলাগুলির জন্য পরিচালিত হচ্ছে যাতে স্থানীয় জনগণের চাহিদা মেটে এবং তাঁদের আরও ভালো শিক্ষার সুযোগ প্রদান করা যায়।তবে বিজ্ঞপ্তিতে আরও লেখা হয়েছে, যে কোনও অনিবার্য পরিস্থিতিতে পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করা হতে পারে। এদিকে, সরকারের এই পদক্ষেপকে বহু শিক্ষাপ্রেমী স্বাগত জানিয়েছেন। তাঁদের বক্তব্য, সরকারের এই পদক্ষেপে ওই সব এলাকায় শিক্ষার মান উন্নয়ন আরও ত্বরান্বিত হবে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।